
and a

পাটীগণিত


[অষ্টম শ্ৰেণীর জন্ম]

त्रीरिक्याय क्रम नाम





[পূর্বে পশ্চিম বঙ্গ মধ্যশিক্ষা পর্বং কর্ভৃক অনুমোদিত পাটাগণিত (৭ম-৮ম)-এর 1968 দাল হইতে প্রবর্তিত নূতন সিলেবাস অনুসারে পুনর্লিথিত সংস্করণ]



গ্রীকেশবচন্দ্র নাগ

অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক, মিত্র ইন্ষ্টিট্যুশন্ (ভবানীপুর), গ্রন্থকার, "স্থল ফাইন্থাল ও হায়ার সেকেণ্ডারী কোর ম্যাথামেটিক্স," Studies in Core Mathematics (Eng.), S. F. Addl. Math., পাটীগণিত (৭ম), কোর গণিত (১ম ও ১০ম), "নব পাটীগণিত,"

H. S. Elective Mathematics: Parts I—III, Modern Arithmetic (Eng.) for VII & VIII "শ্বল ফাইন্সাল ঐচ্ছিক গণিত"


> ও নব গণিত (৫ম)



ক্যালকা তা বুক হা উস ১/১, বৃদ্ধিন চ্যাটার্জি খ্রীট:: কলিকাতা-১২

প্রকাশক:

শ্রীপরেশচক্র ভাওয়াল
ক্যালকাটা বুক হাউস
১/১, বঙ্কিম চ্যাটার্জি খ্রীট
কলিকাতা-১২



1963 সালের সিলেবাসে নৃতন সংস্করণ

প্রথম সংস্করণ : নভেম্বর, ১৯৬২

দিতীয় সংস্করণ : জাতুয়ারী, ১৯৬৩

তৃতীয় সংস্করণ ঃ ডিদেম্বর, ১৯৬৩

চতুর্থ সংস্করণ : জানুয়ারী, ১৯৬৫

পঞ্চম সংস্করণ : ডিসেম্বর, ১৯৬৫

यष्ठे मः ऋद्रव ः नरज्यत्, ১৯৬৬

मक्षम मः ऋत्व ः नरज्यत्, ১৯৬१

षष्टेम मरस्यत् : नरज्यत्, ১৯৬৮

नवम मःखत्रव ः मार्ठ, ১৯७৯

দশম সংস্করণ : আগস্ট, ১৯৬৯

একশিদ সংস্করণ ঃ নভেম্বর, ১৯৭০

ছাদশ সংস্করণ : জুলাই, ১৯৭১

ब्रामिन मः खत्र : व्यागके, ১৯१२

মূল্য—ছুই টাকা পঞ্চাশ পয়সা

গুজাকর:

শ্রীপরেশচন্দ্র ভাওয়াল

মুদ্রেণ ভারতী (প্রাঃ) লিমিটেড

২, রামনাথ বিশাস লেন
কলিকাতা-১

পরিচায়িকা

Libertal Competer as any on the Barre to atmosfer of president

spinster some president of the soul and the

পশ্চিমবন্ধ মধ্যশিক্ষা-পর্যৎ 1963 দাল হইতে পাটীগণিতের নৃতন দিলেবাদ্ধ প্রবিতিত করিয়াছেন। দেজত 1954 দালে ঐ শিক্ষা-পর্যৎ কর্তৃক অনুমোদিত আমার পাটীগণিত (৭ম-৮ম)কে নৃত্তন দিলেবাদ অনুদারে প্রণয়ন করিয়া প্রকাশ করিভেছি। ইহাতে পূর্ব সংস্করণগুলির বৈশিষ্ট্য বজায় রাথিয়া কেবল অন্ধ্যণিতে নৃত্তন এককাবলী সন্নিবিষ্ট করা হইয়াছে।

বে শাল্পে সংখ্যা সম্বন্ধে আলোচনা করা হয় তাহাকে 'সংখ্যা-বিজ্ঞান' বলে। 'পাটাগণিড' সংখ্যা-বিজ্ঞানের একটি অংশ।

"পাটাণাম্ শহলিত-ব্যবকলিত গুণনভলনাদীনাং ক্রম: তরা যুক্তং গাণতং পাটাগণিতং"—এই লীলাবভী-টাকা হইতে জানা যায় 'পাটা' শব্বের অর্থ ক্রম বা প্রণালী এবং গণিত শাল্পের যে অংশে যোগ, বিয়োগ, গুণ, ভাগ প্রভৃতি প্রণালী জালোচিত ও প্রযুক্ত হয় তাহাকে পাটাগণিত বলে।

ভারতে বহু প্রাচীনকাল হুইডে আর্থধিবিরা অধ্যাত্ম শাস্ত্রের সহিত এই গণিত শাস্ত্রেরও চর্চা করিয়াছেন। পৃথিবীর প্রাচীনভ্য গ্রন্থ বেদে ভূগ ও বেদী নির্মাণে এবং যন্ত্র-প্রতীকাদি রচনার গণিত শাস্ত্রের বহুল প্রয়োগ দেখা যার। বহু আচার্য এই শাস্ত্রের গবেষণার খ্যাতি অর্জন করিয়াছেন। দশ্মিক সংখ্যা লিখন প্রণালীর প্রচলন হিন্দু গণিভাচার্যগণের কীর্তি। ভাস্তরাচার্য, লীলাবভী প্রভৃতির অবদান আজও গণিভক্তগণ শ্রুরার সহিত শ্রুরণ করেন।

দীর্ঘ ৪৭ বংলরকাল শিক্ষকভার ব্রতী থাকিয়া বছবিধ শিক্ষার্থীর সংস্পর্শে আসিরাছি এবং তাহাদের গণিত বিছা আয়ত্ত করিতে কি অস্থবিধা হয়, কিরুপে ইহা তাহাদের সহজবোধ্য করা যার এবং তাহারা অঙ্কের সমাধানে কোথার কিভাবে ভূল করে তাহা জানিবার স্থযোগ পাইরাছি। দেই মূল্যবান অভিজ্ঞতার আলোকই এই গ্রন্থ প্রণয়নে আমাকে পর্ধপ্রদর্শন করিয়াছে। এই গ্রন্থে উদাহরণস্বরূপ বিভিন্ন প্রকারের বছবিধ প্রশ্নের সমাধান করিয়া বিষয়বস্থ শিক্ষার্থিগণের বোধগম্য করিবার চেষ্টা করিয়াছি এবং যে সকল প্রশ্নের সমাধান তাহাদের প্রায়ই ভুল হয় দেই সকল প্রশ্নের সমাধানকালে ম্বথাস্থানে তাহাদের দৃষ্টি আকর্ষণ করিয়া সাবধান করিয়া দিয়াছি।

এই গ্রন্থ শ্রের স্থা শিক্ষকমণ্ডলীর সমাদর লাভে ও স্নেহাম্পদ ছাত্র ও ছাত্রীবৃদ্দের উপকার সাধনে সক্ষম হইলে আমার শ্রম দার্থক মনে করিয়া ক্লভার্থ হইব।

white in the training were, presenting signer, to the or own the property of feet of the contract of the contr

IN BURNESS OF THE PROPERTY OF THE PARTY OF T

I TO A PROPERTY OF A STATE OF THE PARTY OF T

গুড়াপ (ছগনী) বাদ-প্রিমা, ১৩৬৯।

্রী**কেশবচন্দ্র নাগ** গ্রন্থকার

স্চীপত্ৰ

বিষয়	मृष्ठी	বিষয়	= 1	পৃষ্ঠা
প্রথম অধ্যায়		ভূতীয় অধ্যায়		
প্ৰ্বপাঠের প্ৰৱালোচনা		গড় নির্ণয়	•••	54
মেট্রিক প্রণালীর বিবিধ		বৰ্গমূল	•••	63
সমাধান …	1	বৰ্গমূল সম্বন্ধীয় বিবিধ সম	াধান…	· 68
গ. সা. গু. ও ল. লা. গু.		দশমিক ভগ্নাংশের বর্গমূল	•••	71
मयकी प्र विविध मुशाधीन ···	8	সামাত্ত ভগ্নাংশের বর্গমূল		72
ঐকিক নিয়ম	15	ক্ষেত্রফল	•••	75
সময় ও কার্য	17	ঘন পরিমাণ		84
ভগ্নাংশ	38	চতুর্থ অধ্যায়		
দিতীয় অধ্যায়	1			-
আর্স্ত দশমিক · · ·	44	শতকরা ছিদাব		91
সদৃশ ও অসদৃশ আরুত্ত -		नवन सम्करा	•••	97
দশমিক	44	পঞ্চৰ অধ্যায়		
অসদৃশ আবৃত্ত দশমিককে		শমর ও দূরত্ব	•••	114
সদৃশকরণ …	44	ষষ্ঠ অধ্যায়		
আর্ত দশমিকের যোগ ও		বিবিধ প্রশ্নের দমাধান		125
বিয়োগ · · ·	45	वांत्र निर्णेष		No.
আর্ভ দশমিকের গুণ ও ভাগ	48	पात्र । भगत्र	•••	129
আর্ত্ত দশমিকের সরলতা		<u>উত্তরমালা</u>	•••	1
সম্পাদন	49	শুদ্দিপত্র		13

পাটীগণিত

2903

পাতীপানিত অপ্তম শ্রেণীর পাই থ্রথম অধ্যায় পূর্বপাঠের পুনরালোচনা

ৰেট্ৰিক প্ৰণালী (Metric System)

বিভিন্ন দেশে ও ভারতবর্ষে দৈর্ঘ্য, ওজন, আয়তন, মুদ্রা প্রভৃতির পরিমাণ দম্বদ্ধীয় যে সকল এককাবলী প্রচলিত ছিল বা আছে, তাহাদের পরস্পরের মধ্যে একপ্রকারের সম্বদ্ধ না থাকায় উহাদের লঘ্করণাদি করিতে বিশেষ অম্পরিধা ছয়।, যথা, মাইলকে ইঞ্চিতে পরিণত করিতে 1760, 3 ও 12 দিয়া গুণ করিতে হয়, কিন্তু এইরূপ গুণ সহজে মুথে মুথে করা যায় না। এই অম্পরিধা দ্র করিবার জয় গত উনবিংশ শতাব্দীতে ফ্রান্স দেশে মেট্রিক প্রাণালী প্রচলিত করা হয়। বর্তমানে ভারতে ও অধিকাংশ দেশে বিশেষতঃ বৈজ্ঞানিক গবেষণায় এই প্রণালী ব্যবহৃত হইয়া থাকে।

এই প্রণালীর বিশেষত্বঃ এই প্রণালীতে একজাতীয় এককাবলীর পরস্পরের মধ্যে একটি সরল সম্বন্ধ বিভ্যমান আছে। ইহাতে প্রত্যেক একক তাহার নিয়তর এককের দশগুল এবং উর্ধ্বতির এককের দশভাগ। এইজ্ঞ ইহাতে লঘুকরণ অতি সহজেই করা যায়। কারণ, কোন সংখ্যাকে 10 দিয়া গুণ করিতে হইলে তাহার শেষে একটি শৃহ্য বসাইলেই হয় (দশমিক সংখ্যা হইলে দশমিক বিন্দুকে কেবল 1 অন্ধ ভান দিকে সরাইয়া দিতে হয়), এবং 10 দিয়া ভাগ করিতে হইলে ভানদিক হইতে 1 অন্ধ বামে দশমিক বিন্দু বসাইতে বা সরাইয়া দিতে হয়।

ইহার আর একটি বিশেষত্ব আছে। এই প্রণালীতে বিভিন্ন জাতীয় এককাবলীতে উচ্চতর ও নিয়তর এককগুলির বিভিন্ন নাম না দিয়া উহাদের

পর্বে কতিপয় ল্যাটিন উপদর্গ যোগ করিয়া নামকরণ হইরা থাকে। ঐগুলি কোন মোলিক এককের 10, 100, 1000 প্রভৃতি গুণ অথবা দশাংশ (10) লতাংশ (ন্¹০০), সহস্রাংশ (ন্¹০০০) প্রভৃতি হয়। যথা:—

কোন এককের নিয়তর একক:

উচ্চত্তব একক:

ভেদি (Deci ভেদি) বা ক । ভেকা (Deca ভে.) =10 সেটি (Centi সে.) বা নীত

মিলি (Milli মি.) বা নিত্ত

হেক্টো (Hecto হে.) = 100

কিলো (Kilo কি.) =1000

Mel

মিরিয়া (Myria মিরি.) = 10000 "

মেটিক বৈখিক পরিমাণ

প্রিবীর পরিধির এক-চতুর্থাংশের (অর্থাৎ মেরু হইতে বিষুবরেখা পর্যন্ত) কোটি ভাগের এক ভাগকে এক মিটার দৈর্ঘ্য ধরা হইয়াছে।

স্থতরাং 1 মিটার=পৃথিবীর পরিধি 40000000

এই অনুসারে 1 মিটার=39:370113...ইঞ্ছি ধরা হয়। এই প্রণালীতে এক মিটারকে দৈখা একক ধরা হয়।

दिश्विक अक्कावनी निष्म श्राप्त एहेन :--

10 মি. মি. (mm.)=1 সে.মি. (cm.)

10 দে. মি.=1 ডেদি মি. (dm.)

10 ভেসি মি. = 1 বিটার (m.)

10 মিটার=1 ডে. মি. (Dm.)

10 ডে. মি.=1 হে. মি. (Hm.)

10 হে. মি.=1 কি. মি. (Km.)

10 কি. মি.=1 মিরি. মি. (Mm.)

1 ইকি= 025399...মিটার

=2.54 সে. মি. (প্রায়) 1 ফুট = '3048...মিটার

= 30.48 সে. মি. (প্রায়)

1 গজ = '91438 ... মিটার

= '91 মি. (প্রায়)

1 মাইল = 1609·3149···মিটার

=1'61 কি. মি. (প্রায়)

1 কি.মি. = গ্লু মাইল (প্রায়)

=·62 মাইল (প্রায়)

1 মিটার = 1 3 গজ (প্রায়)

=1.09 शक (श्राप्त)

মেট্রিক বর্গ পরিমাণ

যে বর্গক্ষেত্রের প্রভাকে বাছর পরিমাণ 1 মিটার তাহার ক্ষেত্রফল (1 মি. × 1 মি.) বা 1 বর্গ মিটার। এই প্রণালীতে যে বর্গক্ষেত্রের বাছর দৈর্ঘ্য এক ভেকামিটার (বা 10 মিটার) তাহার ক্ষেত্রফলকে ভূমির বর্গ পরিমাণের একক ধরা হয়। ইহার নাম আর (Are), স্থতরাং 1 আর=1 বর্গ ভেকা মিটার=100 বর্গ মিটার।

10 সেটি আর=1 ডেসি আর
10 ডেসি আর=1 আর
10 আর=1 ডেকা আর, ইত্যাদি

1 আর=120 বর্গ গজ (প্রায়)
1 হেক্টো আর(হেক্টার)=2টুএকর(প্রায়)
1 বর্গগজ='84 বর্গ মিটার
1 একর=4840 বর্গগজ
='40 হেক্টার
1 বর্গ মাইল=2'59 বর্গ কি. মিটার

1 বৰ্গ ইঞ্চি=6.5 বৰ্গ সে. মিটাৰ

মেটিক ঘন পরিমাণ

ত্ই প্রকারের ঘন পরিমাণ প্রচলিত আছে। কাঠের তক্তা প্রভৃতি বৃহদায়তনের দ্রব্যাদি মাপিতে যে ঘন পরিমাণের একক ব্যবহৃত হয় তাহাকে স্টেম্বার (Stere) বলে। ইহা তোমাদের প্রয়োজন হইবে না। আর তরল পদার্থ মাপিতে যে ঘন পরিমাণের একক ব্যবহৃত হয় তাহাকে লিটার (Litre) বলে।

ষ্টেরারঃ 1 ঘন মিটারকে (অর্থাৎ 1 মি.×1 মি.×1 মি.) ষ্টেরার বলে।
লিটারঃ 1 ঘন ডেজি মিটারকে 1 লিটার বলে, অর্থাৎ যে পাত্রের দৈর্ঘ্য, প্রস্তু ও গভীরতা প্রত্যেকটির মাপ 1 ডেসিমিটার সেই পাত্রের আয়তনকে এক লিটার বলে।

1 লিটার=61.024 ঘন ইঞ্চি (প্রায়), 1 লিটার=22 গ্যালন।

1 गानन=4.55 निरोत्र।

1 ঘন গজ= '76 ঘন মি.।

মেট্রিক গুরুত্ব পরিমাণ

এই প্রণালীতে গুরুত্ব পরিমাণের বা ওজনের একককে গ্রাম (Gramme) বলে। ইহা 4° ডিগ্রা (সেন্টিগ্রেড) উত্তাপবিশিষ্ট এক ঘল সেন্টিমিটার বিশুদ্ধ পরিক্ষত জলের ওজনের সমান।

1 কিলোগ্রাম=1000 গ্রাম=1000 ঘন সেণ্টিমিটার জলের ওজন =1 ঘন ডেসিমিটার জলের ওজন=1 লিটার জলের ওজন। 50 কিলোগ্রাম=1 সেণ্টনের (Centner)

100 কিলোগ্রাম=1 কুইন্টাল (Quintal)

1000 कि. গ্রাম=1 টোনে (Tonne) বা 1 মেট্রিক টন।

1 টোনে = 0.98 টন, 1 টন = 1.02 টোনে। 1 কুইন্টাল = 1.97 হন্দর।

1 গ্রাম='09 তোলা, 1 তোলা=11'66 গ্রাম; 1 কিলোগ্রাম=1'07 সের

1 সের=0'93 কি. গ্রাম; 1 কি. গ্রাম=2½ পাউও (এভড্রু)

= 86 ভোলা (প্রায়)

1 পাউণ্ড=0.45 কি. গ্রাম ; 1 মণ=0.37 কুইণ্টাল,

1 কুইন্টাল=2:68 মণ ; 1 ছটাক=58 গ্রাম (প্রায়)।

্ ফ্রান্সের মুজাবিষয়ক এককাবলী

10 দেউ হিম (Centime)=1 ডেদাইম (Decime)

10 ডেসাইম=1 ফ্রাফ (Franc)= 1 শিলিং (প্রায়)

20 ফ্রান্ক=1 নেপোলিয়ান (Napoleon).

এই প্রণালীর লঘ্করণাদি তোমরা পূর্বে শিথিয়াছ। এখন এই প্রণালীর বিবিধ সমাধান আলোচনা করা হইতেছে।

মেটিক প্রণালীর বিবিধ সমাধান

উদাহরণ 1. 25.6 মিটার দীর্ঘ ও 4.5 মিটার প্রশস্ত মাঠের ক্ষেত্রফল কড আর হইবে?

নির্ণেয় ক্ষেত্রফল=25.6 মি. × 4.5 মি. =115.2 বর্গ মি. =1.152 বর্গ ডেকা মিটার=1.152 আর।

উদাত্রণ 2. কোন বর্গাকার প্রাঙ্গণের ক্ষেত্রফল 12 বর্গ মিটার 25 বর্গ ডেসি মিটার হইলে উহার দৈর্ঘ্য কত ?

1 বর্গ মিটার=100 বর্গ ডেসি মিটার

:. বর্গাকার প্রাঙ্গণটির ক্ষেত্রফল=1225 বর্গ ডেসি মিটার

∴ উহার দৈঘা= √1225 ডেসি মি.=35 ডেসি মি.

= 3 মিটার 5 ডেসি মিটার।

উদাহরণ 3. একটি উত্থানের দৈর্ঘ্য 80 মিটার ও প্রস্থ 60 মিটার। উত্থার ভিতরে চারিধারে ৪ ডেসি মিটার প্রশস্ত একটি পথ আছে। প্রথটির ক্ষেত্রকল কত ? পথ সমেত উত্থানের ক্ষেত্রফল=80 মি.×60 মি.=4800 বর্গ মিটার, পথ বাদে ভিতরের অংশের দৈর্ঘ্য=80 মি.—8×2 ডেসি মি.=784 ডেসি মি. " " প্রস্থ=60 মি.—8×2 ডেসি মি.=584 ডেসি মি.

- ∴ পথ বাদে ভিতরের অংশের ক্ষেত্রফল=784 × 584 বর্গ ডেসি মি. =457856 বর্গ ডেসি মি.=4578 56 বর্গ মিটার
- :. পথের ক্ষেত্রফল = (4800 4578·56) বর্গ মি. = 221·44 বর্গ মি. = 221 বর্গ মি. 44 বর্গ ডেদি মিটার।
- উদা. 4. পৃথিবীর পরিধির এক-চতুর্থাংশের কোটি ভাগের এক ভাগকে
 মিটার বলে এবং ইহা দৈর্ঘ্যে 39:37079 ইঞ্চির সমান। পৃথিবীর পরিধি কভ
 মাইল ?
 [C U. '10; D B. '37]
 - : 1 মিটার=পৃথিবীর পরিধি, 40000000,
 - নির্ণেয় পরিধি=40000000 মিটার =40000000 × 39'37079 ইঞ্চি

$$=400 \times 3937079$$
 ই. $=\frac{400 \times 3937079}{12 \times 3 \times 1760}$ মাইল

=24855²··মাইল=24855 মাইল (আসন্ন)।

উদা 5. আলোকের গতি প্রতি সেকেণ্ডে 3×10^8 মিটার এবং স্থ হুইতে পৃথিবীতে আলোক পৌছিতে 8 মিনিট সময় লাগে। পৃথিবী হুইতে হুর্মের দূরত্ব কত মাইল ? (1 মি.=39'37 ই.) [C. U. '43; D. B. '34]

: 1 সেকেণ্ডে আলোক যায় 3×10^8 মিটার,

∴ 8 মিনিটে " 3×10⁸×60×8 মিটার =3×10⁸×60×8×39·37 ইঞ্ছি

 \therefore নির্ণেয় দূরজ= $\frac{3\times10^6\times60\times8\times3937}{12\times3\times1760}$ মাইল

=89477272 মাইল =89477272 গৈ মাইল।

উদা. 6. 2.5 একর আয়তনের একটি বর্গক্ষেত্রকে বেড়া দিয়া ঘিরিভে প্রতি কিলো মিটারে 39 টাকা 37 পয়দা হিদাবে কত বায় হইবে ?

(1 मि.=39.37 हे.)।

ৰৰ্গক্ষেত্ৰের ক্ষেত্ৰফল=2:5 একর=2:5 × 4840 বৰ্গ গজ
=25 × 484 বৰ্গ গজ,

- :. উহার একটি বাছ= √25×484 গজ=5×22 গ.=110 গজ,
- :. উহার পরিদীমা= $110 \text{ n.} \times 4 = 110 \times 3 \times 12 \times 4$ ইঞ্চি = $\frac{110 \times 3 \times 12 \times 4}{39.37}$ মি.= $\frac{110 \times 3 \times 12 \times 4}{39.37 \times 1000}$ কি. মিটার
- ∴ নির্ণেয় খরচ=39 টা. 37 প × $\frac{110 \times 3 \times 12 \times 4}{39370}$ =44 × 36 পয়দা=15 টাকা 84 পয়দা।

প্রভাষালা 1

- একটি মাঠের দৈর্ঘ্য 6 মিটার 4 ডেসিমিটার এবং প্রস্ক 4 মি. 5 ডেসি.
 মিটার ; উহার ক্ষেত্রফল কত ?
- 2. 45 মিটার দীর্ঘ ও 31 মিটার বিস্তৃত একটি ক্ষেত্রকে তারের বেড়া দিয়া বিরিতে হইবে। প্রতি ডেসি মিটার তারের মূল্য 1 ফ্রাঙ্ক 4 ডেসাইম ছইলে মোট কত ব্যয় হইবে?
- 3. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 17 বর্গ মিটার 64 বর্গ ভেসি মিটার। উহার দৈর্ঘ্য কত?
- 4. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্তের দেড়গুণ এবং ক্ষেত্রফল 1109400 বর্গ মিটার। প্রতি মিটারে 1 ছলার 25 দেল্ট হারে উহাকে বেড়া দিয়া খিরিতে কত ব্যয় হইবে?
- 5. একটি ক্ষেত্রের দৈর্ঘ্য 64 মিটার এবং প্রস্ত 40 মিটার। উছার বাহিরের চারিধারে 15 ডেসি মিটার পরিসরের পথ আছে। ঐ পথের কালি কত?
 - 6. 2 বর্গ মিটার আয়তনের কোন বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য কত ?

[C.U. '17]

- 7. ছুইটি স্তন্তের উচ্চতা যথাক্রমে ৪ মি. 2 ডেসি মি. ও 5 মি. 5 ডেসি
 মিটার। অন্ত একটি স্তন্তের উচ্চতা কত হইলে তিনটি স্তন্তের উচ্চতার গড়
 6 মি. 5 ডেসি মিটার হইবে ?
 - ছই স্থানের দ্রঘ 18 কিলোমিটার, উহাকে মাইল, গছে প্রকাশ কর।
 (1 মিটার = 39'37 ইঞ্চি)।
 [C. U. '33]
 - এক মিটার = 39·37 ইঞ্চি হইলে 10 ফুটে কত সেণ্টিমিটার হয় ?
 [C. U. '48]
- 10. যদি এক মিটার 3'2809 ফুটের সমান হয় এবং উত্তরমেক হইছে বিষ্বরেখা পর্যন্ত রেখার দৈর্ঘ্য 10000000 মিটার হয়, তবে পৃথিবীর পরিধি কত আসন্ত মাইল হইবে?
 - 11. পৃথিবীর পরিধি 40000 কিলোমিটার, উহাকে মাইলে প্রকাশ কর। (1 মিটার=39 3709 ইঞ্চি)। [C. U. '38]
- 12. এক মিটার=39·37 ইঞ্চি ধরিয়া 1 কিলোমিটারকে এক মাইলের দশমিকে প্রকাশ কর।
- 13. যে আয়তক্ষেত্রের বাছ যথাক্রমে 2.56 সে. মি. ও 4.73 সে. মি.,
 ভাষার কর্ণের দৈর্ঘ্য কত ?
 - 14. মিটার প্রতি বেড়া দিবার খরচ 2.5 ফ্রান্ক হইলে, যে বর্গক্ষেত্রের আয়তন 40804 বর্গ কিলোমিটার তাহাকে বেড়া দিয়া ঘিরিতে কত ব্যয় হইবে?
 - 15. এক মিটার=39.3701 ইঞ্চি হইলে, দেখাও যে 981 সে. মিটার =32 ফুট (আসন)।
 - 16. একটি জলাধারের দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা যথাক্রমে 20'5 মি., 10'2 মি. ও '5 মিটার ; উহাতে কত লিটার জল ধরে ?
 - 17. 7.5 মি. × 3.2 ডেসি মি. × 10 সে.মি. আয়তনের জলাধারে যে জল ধরে তাহার ওজন কত গ্রাম ?
 - 18. যদি কাচ জলের 2'5 গুণ ভারী হয়, তবে এক ঘন মিটার কাচের গুজন কড কিলোগ্রাম হইবে? [C. U. '34]

- ↓ 19. একটি আয়তাকার মাঠের দৈর্ঘা ও প্রস্থের অনুপাত 5:3 এবং

 ক্ষেত্রফল 6:534 হেক্টার। উহার দৈর্ঘ্য কত মিটার ?
- 20. বর্গাকার তলাবিশিষ্ট একটি থোলা জলাধারে 28900 লিটার জল ধরে এবং উহার উচ্চতা 2:5 মিটার। প্রতি বর্গমিটার 5 টাকা হিদাবে উহার ভিতরের দিকে সীদা লাগাইতে কত ব্যয় হইবে ?

 [D. B. '24]
- 21. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থের অন্থপাত 3:2 এবং উহার ক্ষেত্রফল 1109400 বর্গমিটার। প্রতি মিটারে 2'5 ফ্রাঙ্ক হারে উহাকে বেড়া দিতে কত ব্যয় হইবে?

14 22. একটি আয়তাকার চৌবাচ্চার দৈর্ঘ্য প্রস্তের 3 গুণ এবং উচ্চতা
3 মিটার। উহার আয়তন 81000 লিটার হইলে উহার দৈর্ঘ্য ও প্রস্থ কত ?
উহার ভিতরের দেওয়াল চারিটি রং করিতে প্রতি আরে (are) 200 টাকা
হিসাবে কত ব্যয় হইবে ?

[G. U. '54]

গ. সা. গু. ও ল. সা. গু. সম্বন্ধীয় বিবিধ সমাধান। [সমাধানে গ. সা. গু. বা ল. সা. গু. ক্ষিয়া দেখাইবে।]

উদাহরণ 1. কোন্ বৃহত্তম সংখ্যা দারা 82, 104, 148-কে ভাগ করিলে প্রত্যেকবার একই ভাগশেষ থাকে ?

82=নির্ণেয় দংখ্যাটির কোন গুণিতক + ঐ ভাগশেষ,

104= " " অপর কোন গুণিতক + ঐ ভাগশেষ,

এবং 148= " " অন্ত কোন গুণিতক + ঐ ভাগশেষ,

অতএব, দেখা যাইতেছে যে 82, 104 ও 148-এর যে কোন ছুইটির অন্তর ঐ নির্ণের সংখ্যাটির কোন গুণিতক, স্কুতরাং উহার দারা সম্পূর্ণ বিভাষ্য।

104-82=22, 148-104=44, 148-82=66;

এই 22, 44 ও 66 নির্ণেয় সংখ্যাটির দ্বারা বিভাজ্য।

: নির্ণের বৃহত্তম সংখ্যা=22, 44 ও 66-এর গ. দা. গু.=22.

উদাহরণ 2. কোন্ ক্ষতম সংখ্যাকে 24, 30 ও 36 দারা ভাগ করিলে বথাক্রমে 21, 27 ও 33 ভাগশেষ থাকে ?

24-21=3, 30-27=3, 36-33=3; এখানে দেখা যাইতেছে যে, প্রত্যেক ভাগশেষ ভাজক অপেক্ষা 3 কম। অতএব বুঝা যাইতেছে যে, নির্ণেশ্ব সংখ্যাটি 24, 30 ও 36 দারা বিভাজ্য ক্ষুত্রতম সংখ্যা অপেক্ষা 3 কম।

24, 30 ও 36 দারা বিভাজ্য ক্ষ্রতম সংখ্যা=24, 30 ও 36-এর ল. সা. গু. = 360 [এখানে ল. সা. গু. করিয়া দেখাইবে ।]

∴ নির্ণেয় সংখ্যা=360-3=357.

উদাহরণ 3. 252টি লেবু ও 360টি লিচু কতকগুলি বালককে সমান ভাগ করিয়া দেওয়া হইল। বালক-সংখ্যা কত ? যতগুলি সম্ভব উত্তর দাও।

যথন 252টি লেবু ও 360টি লিচু সমান সমান পরিমাণে ভাগ করিয়া দেওর।
খায়, তথন বালকদিগের সংখ্যার দারা উভয় সংখ্যাই বিভাজ্য হওয়া চাই।

অতএব, 252 ও 360-এর দাধারণ গুণনীয়কগুলি উত্তর হইবে।
2 | 36 | 252 ও 360-এর গ.সা.গু.=36.

2 18 3 9 3 কোন উৎপাদক = 2, 3, 4, 6, 9, 12, 18, 36.

উদাহরণ 4. 500 ও 1000-এর মধ্যবর্তী কোন্ কোন্ সংখ্যাগুচ্ছের গ. সা. গু. 163 হইতে পারে ?

163) 500 (3 এখানে বুঝা যাইতেছে যে, 500 ও 1000-এর মধ্যবর্তী 163-র গুণিতকগুলি প্রথমে নির্ণয় করিতে হইবে। 163-র

3 গুণ 500 অপেকা কম। অতএব, $163 \times 4 = 652$, $163 \times 5 = 815$, $163 \times 6 = 978$, এই সংখ্যাগুলির সাধারণ গুণনীয়ক 163; 163×7 , 1000 অপেকা বড় বলিয়া উহা ধরিতে হইবে না। এখন 652, 815 ও 978 এই সংখ্যা তিনটির কোন্ কোন্গুলির গ. সা. গু. 163 তাহা স্থির করিতে হইবে। এই সংখ্যা তিনটির মধ্যে 652 ও 815, 815 ও 978, অথবা 652, 815 ও 978 এই তিন দলের গ. সা. গু. 163 হইতে পারে। এখানে 652 ও 978 এই দলটি ধরা হইল না কেন? কারণ, ঐ সংখ্যা তুইটির 163 ব্যতীত

2 আর একটি সাধারণ গুণনীয়ক আছে বলিয়া উহাদের গ. সা. গু. হইকে 163×2 অর্থাৎ 326.

উদাহরণ 5. ছইটি সংখ্যার গ. দা. গু. 17 এবং উহাদের যোগফল 136 হইলে, সংখ্যা ছইটি কি কি হইতে পারে ?

সংখ্যা ছইটির গ. সা. গু. 17 বলিয়া উহারা 17 ছারা বিভাজা; স্থতরাং উহাদের যোগফলও 17 ছারা বিভাজা; 136÷17=8. অভএব, বৃঝিতে ছইবে যে, সংখ্যা ছইটিকে পৃথক্ভাবে 17 ছারা ভাগ করিলে যে ছইটি ভাগফল হয় ভাহাদের সমষ্টি ৪. এখন দেখ, কোন্ কোন্ ছইটি সংখ্যার যোগফল ৪.

8=1+7
এই জোড়াগুলির মধ্যে যে জোড়াগুলির সংখ্যাদ্দ 8=2+6
। পরস্পর মৌলিক, কেবল সেইগুলিই লইতে হইবে। ইহাদের
মধ্যে 1 ও 7 এবং 3 ও 5 পরস্পর মৌলিক। স্থভরাং
ছই জোড়া সংখ্যা হইবে।

এক জোড়া সংখ্যা=17×1 ও 17×7=17 ও 119;

আর এক জোড়া সংখ্যা=17×3 ও 17×5=51 ও 85.

উত্তর

উদাত্তরণ 6. তুইটি সংখ্যার গ. সা. গু. 18 এবং ল. সা. গু. 108 চ্ইলে. লংখ্যা তুইটি কি কি হইতে পারে ?

এখানে গ. সা. গু. যথন 18 তথন সংখ্যা তুইটিকে 18 দিয়া ভাগ করিলে যে তুইটি ভাগফল পাওয়া যাইবে তাহারা অবগ্র পরস্পর মোলিক হইবে, নতুবা গ্র. সা. গু. 18 না হইয়া অহ্য হইত। আর আমরা জানি যে, গ. সা. গু.-কে ঐ ভাগফল তুইটি দিয়া ক্রমিক গুণ করিলে ল. সা. গু. পাওয়া যায়।

এথানে $108 \div 18 = 6$. এথন এই 6-কে পরম্পর মৌলিক উৎপাদকে বিভক্ত করিতে হইবে। $6=1 \times 6$, $6=2 \times 3$; $1 \cdot 9 \cdot 6$ এবং $2 \cdot 9 \cdot 3 \cdot 9$ মৌলিক, স্থতরাং নির্ণেয় সংখ্যা ছই জোড়া হইবে।

: এক জোড়া সংখ্যা=18×1 ও 18×6=18 ও 108; আর এক জোড়া সংখ্যা=18×2 ও 18×3=36 ও 54. } উত্তর উদাহরণ 7. তৃইটি সংখ্যার গুণফল 12960 এবং উহাদের গ. সা. গু. 36. এইরূপ কয় জোড়া সংখ্যা হইতে পারে ? সংখ্যাগুলি নির্ণয় কর।

[本. 也. 1946]

- ু তুইটি সংখ্যার গ. সা. গু. × ল. সা. গু. = সংখ্যা তুইটির গুণফল,
- ∴ 36×ল. সা. গু.=12960, ∴ ল. সা. গু.=12960÷36=360.
 [এখন উদা. 6-এর সমাধানের মত কর]

360÷36=10, 10=1×10, 10=2×5; 1 ও 10 এবং 2 ও 5 পরস্পর মৌলিক; স্থভরাং ছই জোড়া দংখ্যা হইতে পারে।

পরম্পর মোলক; ২০না ২ .: এক জোড়া সংখ্যা=36×1 ও 36×10=36 ও 360;
অন্ত জোড়া সংখ্যা=36×2 ও 36×5=72 ও 180.

উদাহরণ 8. কোন্ ক্ষতর সংখ্যাকে 6, 8 ও 10 দিয়া ভাগ করিলে 1 ভাগশেষ থাকে, কিন্তু 13 দিয়া ভাগ করিলে কোন ভাগশেষ থাকে না?

এখানে 6, ৪ ও 10-এর ল. সা. গু.=120 [ল. সা. গু. করিয়া দেখাইবে]।
স্থতরাং 120 ও তাহার যে-কোন গুণিতক 6, ৪, 10 দারা বিভাজ্য। অতএব
বুঝা যাইতেছে যে, নির্ণেয় সংখ্যাটি 120-র কোন গুণিতক অপেক্ষা 1 বেশী।
এখন 120-র কত গুণের সহিত 1 যোগ করিলে যোগফলটি 13 দারা বিভাজ্য
13) 120 (9 হয়, তাহা নির্ণয় করিতে হইবে। ইহার জন্ম 120কে
13 দিয়া ভাগ করিলে কত ভাগশেষ হয় দেখ। ভাগশেষ
হইয়াছে 3. এইবার দেখ 3-এর কত গুণের দহিত
1 যোগ করিলে 13 দারা বিভাজ্য হয়। দেখা যাইতেছে যে, $3 \times 4 + 1 = 13$,
ইহা 13 দারা বিভাজ্য। : নির্ণেয় সংখ্যা=120×4+1=481.

উদাত্রণ 9. পাঁচ অঙ্কের কোন্ বৃহত্তম সংখ্যা ৪509-এর সহিত যোগ করিলে যোগফলটি 20, 27, 32 ও 36 বারা বিভাজ্য হইবে?

[ঢা. বো. 1935]

পাঁচ অন্বের বৃহত্তম সংখ্যা=99999.

20, 27, 32 ও 36এর ল. সা. গু. দ্বারা যে সংখ্যা বিভাদ্য তাহা এই সংখ্যাগুলির দ্বারাও বিভাদ্য।

ি জেষ্টব্য ঃ এখানে 8509এর সহিত 5 অঙ্কের বৃহত্তম সংখ্যা 99999 যোগ করিয়া দেখা গেল যে, যোগফলটি 4320 দ্বারা বিভাল্য হয় নাই। 508 অতিরিক্ত হইয়াছে, স্থতরাং 508 কম যোগ করিতে হুইবে।

: 99999-508=99491 নির্ণেয় সংখ্যা হইল।]

উদাহরণ 10. 30516কে কোন সংখ্যা দারা ভাগ করিয়া 17, 27 ও 36 ঘথাক্রমে প্রথম, দ্বিভীয় ও তৃতীয় বা শেষ ভাগশেষ পাওয়া গেল। ভাজকটি কত ?

এক্ষণে, 288, 144 ও 240-এর প্রত্যেকটি নির্ণেয় ভাজক দারা বিভাজ্য, স্থতরাং উহাদের গ.সা.গু. কিংবা তাহার কোন গুণনীয়ক নির্ণেয় ভাজক হইবে।

জিষ্টব্য: 48এর যে কোন উৎপাদকের দারাও 288, 144 ও 240 বিভাজা, স্বতরাং 48 এবং উহার যে কোন উৎপাদক ভাজক হইতে পারিত; কিন্তু এই উৎপাদক প্রদত্ত ভাগশেষগুলির প্রত্যেকটি অপেক্ষা বৃহত্তর হওয়া আবশ্যক; অতএব, এক্ষেত্রে 48 একমাত্র নির্ণেয় ভাজক।

উদাহরণ 11. তুইটি সংখ্যার গ. সা. গু. নির্ণয় করিয়া 21 শেব ভাজক এবং 1, 2 ও 3 পর পর 3টি ভাগফল পাওয়া গেল। সংখ্যা তুইটি নির্ণয় কর।

িএই প্রকারের অঙ্ক শেষের দিক হইতে করিতে হয়।]

শেষ ভাজকটি হইল গ. সা. গু.

∴ নির্ণেয় সংখ্যাত্বয়=147 ও 210.

উদাহরণ 12. তিন অহ-বিশিষ্ট কোন্ সংখ্যা দ্বারা 7326 ও 9145কে ভাগ করিলে প্রত্যেক স্থলে একই ভাগশেষ থাকিবে ?

উভয়ন্থলে যথন একই ভাগশেষ থাকে, তথন উহাদের বিয়োগফল অর্থাৎ 9145—7326 বা 1819 নির্ণেয় সংখ্যা দারা অবশ্য বিভাজ্য। এথন $1819=17\times107$; 1819এর ছুইটি উৎপাদক এবং কেবল ঐ উৎপাদক ছুইটি দারা 1819 বিভাজ্য। ঐ উৎপাদক ছুইটির মধ্যে কেবল 107টি তিন অহ-বিশিষ্ট। ः নির্ণেয় সংখ্যা=107.

উলাহরণ 13. চারি অঙ্কের কোন্ বৃহত্তম সংখ্যাকে 12, 15 ও 18 ছারা ভাগ করিলে যথাক্রমে 9, 12 ও 15 ভাগশেষ থাকে ?

12-9=3, 15-12=3, 18-15=3. ভাগশেষগুলি ভাজকগুলি অপেকা প্রতি ক্ষেত্রে 3 কম; স্বতরাং নির্ণেয় সংখ্যাটি 12, 15 ও 18 দারা বিভাজা 4 অঙ্কের বৃহত্তম সংখ্যা অপেকা 3 কম হইবে।

9999-99=9900, ইহা বিভাজ্য সংখ্যা, নির্ণেয় সংখ্যা=9900-3=9897.

উদাহরণ 14. এক ব্যক্তি ৪ টাকা 16 প্রদা দিয়া কতকগুলি আম কিনিয়া তাহা হইতে 6 টাকা 42 প্রদা মূল্যে কতকগুলি আম বিক্রম্ম করিল। ইহাতে যদি তাহার লাভ বা ক্ষতি না হইয়া থাকে, তাহা হইলে ন্যুনপক্ষে এখনও তাহার কাছে ক্মটি আম আছে ?

এখানে দেখা যাইভেছে যে ৪টা. 16 প. কতকগুলি পূর্ণদংখ্যক আমের ক্রম্ন্য এবং 6টা. 42 প্রদাও কতকগুলি পূর্ণদংখ্যক আমের ক্রম্ন্য। অতএব, এক একটি আমের ম্ন্য দারা উভয় রাশিই বিভাজ্য।

৪ টাকা 16 পয়সা ও 6 টাকা 42 পয়সার গ. সা. ও. একটি আমের উপ্তের মৃল্য হইতে পারে এবং এই মৃল্য হিসাবে যতগুলি আম অবশিষ্ট থাকিতে পারে, তাহাই ন্যুনপক্ষে অবশিষ্ট আমের সংখ্যা হইবে। 8 টাকা 16 প্রদা=816 প.; 6 টাকা 42 প.=642 প্রদা। 816 প্রদা ও 642 প্রদার গ. দা. গু.=6 প্রদা, ইহাই প্রভ্যেক আমের উধ্বতিম মূল্য।

লোকটির কাছে এখনও (816 প. – 642 প.) বা 174 পয়সা ম্ল্যের আম আছে।

তাহার কাছে ন্যনপক্ষে এখনও (174÷6) বা 29টি আম আছে।

উদাহরণ 15. এক ব্যক্তি দৈনিক মজুরীতে মোট 29 টাকা 25 পরসার চুক্তিতে কিছুদিনের জন্ম নিযুক্ত হইল, কিন্তু করেকদিন অহুপস্থিত থাকায় সেমোট 22 টাকা 50 প্রসা পাইল। প্রমাণ কর যে, তাহার দৈনিক মজুরী 2 টাকা 25 প্রসার অধিক হইতে পারে না।

22 টা. 50 প. ও 29 টা. 25 প. লোকটির কতকগুলি পূর্ণদংখ্যক দিনের মজুরী বলিয়া একদিনের মজুরী দ্বারা উভয় রাশিই বিভাজ্য হইবে।

∴ 22 টা. 50 প. ৩ 29 টা. 25 পয়দার গ. দা. ৩. তাহার উপর্বতম দৈনিক মজুরী হইবে। 22 টা. 50 প.=2250 প., 29 টা. 25 প. =2925 পয়দা। 2250 পয়দা ও 2925 পয়দার গ. দা. ৩.=225 প.। অতএব, লোকটির দৈনিক মজুরী 225 পয়দা বা 2 টাকা 25 পয়দার অধিক হুইতে পারে না।

49. একিক নিয়ন।

পূর্ব শ্রেণীতে এই সম্বন্ধে যাহা শিথিয়াছ তাহা স্মরণ রাথিবে।

- (1) কোন কাজ যে কয়জন লোকে করে তাহার বেশী লোক লাগিলে দেই কাজ কম দিনে এবং তাহার অপেক্ষা কম লোক লাগিলে ঐ কাজ বেশী দিনে শেষ হইবে।
- (2) গমের ম্ল্য বাড়িলে নির্দিষ্ট ম্ল্যের কৃটির ওজন কম হইবে এবং গমের ম্ল্য কমিলে ঐ কৃটির ওজন বেশী হইবে।
- (3) কোন থাতো কতকগুলি লোকের যতদিন চলে, তাহার বেশী লোক পাকিলে কম দিন এবং কম লোক থাকিলে বেশী দিন চলিবে।
- (4) 4 মিনিট অন্তর গোলা ছুঁড়িলে কোন সময়ে যত লোক মারা যার, ইহার কম সমর অন্তর গোলা ছুঁড়িলে ঐ সময়ে বেশী লোক নিহত হইবে।

উদাত্রণ 1. 12 দিনে একটি কার্য 15 জনে সম্পন্ন করে, 18 জন লোকে উহার দ্বিগুণ কার্য কত দিনে করিবে ?

15 জনে একটি কাজ করে 12 দিনে

- ∴ 1 " ঐ কাজটি " 12×15 দিনে
- :. 18 ,, ,, ,, 12×15 (FICA)
- ∴ 18 জনে উহার 2 গুণ কাজ করে 12×15×2 দিনে বা 20 দিনে ।

উদাহরণ 2. প্রত্যহ ৪ ঘণ্টা কাজ করিয়া 21 জনে যে কার্য 12 দিনে করে, প্রত্যহ 6 ঘণ্টা খাটিয়া 24 জনে কত দিনে তাহা করিবে?

12 দিনে মোট 12×8 ঘণ্টার বা 96 ঘণ্টার কাজটি করা যায়। 21 জনে 96 ঘণ্টার কাজটি করে

- ∴ 1 জনে 96×21 ঘণ্টায় কাজটি করে
- 24 জনে
 96×21
 24
 य•
 य•

এখন, প্রতাহ 6 ঘণ্টা কাজ করিলে 84 ঘণ্টা কাজ হয় (84÷6) বা 14 দিনে। : নির্ণেয় সময়=14 দিন।

উদাহরণ 3. 6 জন পুরুষ বা 8 জন স্ত্রীলোক যে কার্য 25 দিনে করে, ৪ জন পুরুষ ও 6 জন স্ত্রীলোক একত্রে তাহা কত দিনে করিবে ?

এখানে 6 জন পুরুষ=৪ জন স্ত্রীলোক [অর্থাৎ 6 জন পুরুষের কাজ=৪ জন স্থালোকের কাজ]

- : 1 জন পুরুষ= है বা है জন স্ত্রীলোক

অতএব, ৪ জন পুরুষ +6 জন স্ত্রীলোক = (32+6) বা 50 জন স্ত্রীলোক।

এক্ষণে, 8 জন জীলোক কাজটি করে 25 দিনে

- : 1 " " , 25×8 দিনে
- $\frac{50}{3}$,, , , , $\frac{25 \times 8 \times 3}{50}$ वा 12 मिरन।
 - .. निर्णिय **ग**भव = 12 दिन ।

উদাহরণ 4. একটি কার্য 60 দিনে করিবার জন্ম 35 জন লোক নিযুক্ত করা হইল; 32 দিন পরে দেখা গেল কাজটির हু অংশ হইয়াছে। তথন জতিরিক্ত কভ জন লোক নিযুক্ত করিলে কাজটি যধাসময়ে সম্পন্ন হইবে?

60 দিন-32 দিন=28 দিন অবশিষ্ট আছে।

1-2= 3 অংশ কাজ অবশিষ্ট আছে।

32 मित्न है ज्राम कांख करत 35 स्त

ঃ ,, ,, সমস্ত কাজটি ,, ^{35×5} জনে

়. 1 ,, ,, ,, <u>35×5×32</u> জনে

:. 28 ,, ,, ,, $\frac{35 \times 5 \times 32}{2 \times 28}$ W.

:. ,, , ³/₅ অংশ কাজ করে $\frac{35 \times 5 \times 32 \times 3}{2 \times 28 \times 5}$ জনে বা 60 জনে ।

🎎 (60-35) বা 25 জন অভিবিক্ত লোক লাগিবে।

41. সময় ও কার্য

উদাহরণ 1. ক ও খ যথাক্রমে 18 ও 12 দিনে একটি কাজ করিভে পারে। উভয়ে একত্রে কাজ আরম্ভ করিল এবং কাজ শেষ হইবার 3 দিন পূর্বে খ চলিয়া গেল। কাজটি মোট কভ দিনে শেষ ছইল ?

কাজটি শেষ হইবার 3 দিন আগে ও চলিয়া যার, স্বতরাং সেই শেষ 3 দিন ক একা কাজটি করিয়াছে। ক 1 দিনে করে কাজের 🔓 অংশ,

: क শেষ 3 দিনে কাজের 18×3 বা 1 खংশ করিয়াছে।

অতএব, উহার পূর্বে উভয়ে একত্রে কাজটির $(1-\frac{1}{6})$ বা $\frac{1}{6}$ অংশ করিয়াছে 1 উভয়ে একত্রে 1 দিনে করে $(\frac{1}{18}+\frac{1}{12})$ বা $\frac{1}{3}$ অংশ,

- : ভাহারা $\frac{5}{6}$ অংশ করিয়াছে $(\frac{5}{6} \div \frac{5}{36})$ দিনে বা 6 দিনে।
- ় সমস্ত কাজটি (6+3) বা 9 দিনে শেব হইয়াছে।

উদাহরণ 2. ক একটি কাজ 12 দিনে ও খ 16 দিনে করিতে পারে; গ-এর সাহায্যে, তাহারা 5 দিনে কাজটি সম্পন্ন করিল। যদি কাজটির অন্ত তাহারা 96 টাকা পাইরা থাকে, তবে কে কত টাকা পাইবে? ক 5 দিনে করে কাজটির 1/2×5 বা 1/2 অংশ,

∴ ক পাইবে 96 টাকা× ½ বা 40 টাকা,

খ 5 দিনে করে কাজটির 16×5 বা 16 অংশ,

∴ भ शाहेरव 96 होका × 16 वा 30 होका।

গ পাইবে (96 টাকা — 40 টাকা — 30 টাকা) বা 26 টাকা।

উদাহরণ 3. ক 4 দিনে কোন কাজের है অংশ, খ 3 দিনে অবশিষ্টের বি অংশ করিল এবং তারপর 6 দিনে গ কাজটি শেষ করিল। তিন জনে একত্রে কড় দিনে কাজটি করিবে ?

क 4 मित्न कांकिंद्र है ज्रांभ करता।

Arr ক 1 দিনে কাজটির $rac{1}{6^{1}}$ বা $rac{1}{2^{4}}$ অংশ করে। অবশিষ্ট কাজ= $1-rac{1}{6}=rac{5}{6}$, স্বতবাং $rac{5}{6}$ এর $rac{1}{10}=rac{1}{12}$.

: খ 3 দিনে কাজটির 1/2 অংশ করে,

 \therefore খ 1 দিনে কাজটির $_{12}^{1}_{x3}$ বা $_{36}^{1}$ অংশ করে। এখন অবশিষ্ট কাজ $=\frac{5}{6}-\frac{1}{12}=\frac{3}{4}$ অংশ,

· গ 6 দিনে 🖁 অংশ করিল,

ं. श 1 मित्न करत्र कां कित उर्दे वा है अश्य ।

.: 1 দিনে তিনজনে একত্রে করে কাজটিব (24+36+8) বা 36 অংশ।

ं তাহারা একত্রে সমস্ত কাজটি করে $(1 \div \frac{7}{36})$ দিনে বা $5\frac{1}{7}$ দিনে।

উদাহরণ 4. একটি লোক ও একটি বালক 24 দিনে একটি কাজ করিতে পারে। লোকটি যদি শেষ 6 দিন একা কাজ করে, ভবে 26 দিনে কাজটি দম্পন হয়। বালকটি একা কভ দিনে কাজটি করিবে ?

শেষ 6 দিন লোকটি একা কাজ করিলে কাজটি 26 দিনে শেষ হয়, স্কুতরাং উভরে (26—6) বা 20 দিন একত্রে কাজ করিয়াছে বৃঝিতে হইবে।

উভয়ে 1 দিনে করে কাজটির 24 অংশ,

.. তাহারা 20 দিনে করিয়াছে 1×240 বা ह অংশ।

 \therefore অবশিষ্ট $(1-\frac{1}{6})$ বা $\frac{1}{6}$ অংশ লোকটি একা 6 দিনে শেষ কৰিয়াছে,

.: লোকটি 1 দিনে করে কাজটির exe বা 3e অংশ।

: বালকটি 1 দিনে করে কাজটির (1/24-36) বা পুত্র অংশ,

: বালকটি একা সমস্ত কাজটি (1÷12) বা 72 দিনে করিবে।

উদাহরণ 5. একটি কাজ ক 40 দিনে, খ 120 দিনে এবং গ 60 দিনে করিতে পারে। প্রত্যেক তৃতীয় দিনে খ ও গএর সাহায্য লইয়া ক কতদিনে কাজটি শেষ করিবে?

প্রথম 2 দিনে ক একা কাজটির $\frac{1}{40}\times 2$ বা $\frac{1}{20}$ অংশ করে। তৃতীয় দিনে ক, ঋ ও গ একত্রে কাজটির $(\frac{1}{40}+\frac{1}{120}+\frac{1}{60})$ বা $\frac{1}{20}$ অংশ করে। \therefore প্রতি তিন দিনে কাজটির $(\frac{1}{20}+\frac{1}{20})$ বা $\frac{1}{10}$ অংশ সম্পন্ন হয়। এক্ষণে, \therefore $\frac{1}{10}$ অংশ সম্পন্ন হয় 3 দিনে,

সমস্ত কাজটি সম্পন্ন হইবে (3÷10) দিনে বা 30 দিনে।

উদাহরণ 6. 24 জন পুরুষ ও 20 জন বালক 6 দিনে একটি কাজের $\frac{3}{10}$ জংশ করে এবং 6 জন পুরুষ ও 4 জন বালক ঐ কাজের $\frac{2}{5}$ জংশ 40 দিনে করে। 10 জন বালক কাজটি কত দিনে করিবে ?

24 জন পুরুষ+20 জন বালক 1 দিনে করে $(\frac{3}{10} \div 6)$ বা $\frac{1}{20}$ জংশ \cdots (1) আবার, 6 জন পুরুষ+4 জন বালক 1 দিনে করে $(\frac{2}{5} \div 40)$ বা $\frac{1}{100}$ জংশ, \therefore (উহার 4 গুণ করিলে পাই) 24 জন পুরুষ+16 জন বালক 1 দিনে করে $(\frac{1}{100} \times 4$ বা $\frac{1}{25}$ জংশ \cdots (2)

একণে, (1) হইতে (2) বিয়োগ করিয়া পাই,

4 জন বালক 1 দিনে করে কাজটির (20-25) বা 100 অংশ,

- .: 1 ,, ,, 1 ,, ,, ,, ₄₀₀ অংশ,
 - .. 10 ,, ,, 1 ,, ,, 1×10 বা 1 40 অংশ,
 - : 10 জন বালক সমস্ত কাজটি $(1\div \frac{1}{40})$ বা 40 দিনে করিবে।

ভিলাহরণ 7. একটি চৌবাচ্চায় তিনটি নল আছে। প্রথম তুইটি নল
দারা উহা যথাক্রমে 3 ও 4 ঘণ্টায় জলপূর্ণ হয় এবং তৃতীয় নলটি দারা উহা এক
ঘণ্টার থালি হয়। যদি নল তিনটি যথাক্রমে 1টা, 2টা ও 3টার সময় খোলা
হয়, তবে কখন চৌবাচ্চাটি খালি হইবে?

প্রথম নলটি 1 ঘণ্টায় ঠু অংশ এবং বিতীয় নলটি 1 ঘণ্টায় ঠু অংশ ভর্তি করে। তৃতীয় নলটি 1 ঘণ্টায় সমস্ত চৌবাচ্চা থালি করে। প্রথম নলটি 1টা হইতে 3টা পর্যস্ত 2 ঘণ্টায় $\frac{1}{3} \times 2$ বা $\frac{2}{3}$ অংশ জলপূর্ণ করে এবং ঘিতীয় নলটি 2টা হইতে 3টা পর্যস্ত 1 ঘণ্টায় $\frac{1}{4}$ অংশ ভর্তি করে।

অভএব, 3টার সময় মোট $(\frac{2}{3}+\frac{1}{4})$ বা $\frac{1}{12}$ অংশ জলপূর্ণ হইয়াছে।

3টার সময় তৃতীয় নলটি থোলায়, তিনটি নলই এখন থোলা থাকিল। 3টি নল একত্রে থোলা থাকিলে 1ঘণ্টায় থালি হয় $(1-\frac{1}{3}-\frac{1}{4})*$ অংশ বা $\frac{5}{12}$ অংশ।

- $\therefore \frac{1}{12}$ অংশ থালি ছইবে $(\frac{1}{12} \div \frac{1}{12})$ বা $\frac{1}{12}$ ঘণ্টায় বা 2 ঘণ্টা 12 মিনিটে।
- : চৌবাচ্চাটি 3টার 2 ঘণ্টা 12 মিনিট পরে অর্থাৎ 5টা 12 মিনিটে জনশৃত্য হইবে।

উদাহরণ 8. একটি বালক ও একটি বালিকা কোন চৌবাচনা জলপূর্ণ করিবার জন্ম বালকটি প্রতি 3 মিনিটে 4 কিলোলিটার এবং বালিকা প্রতি 4 মিনিটে 3 কি. লিটার করিয়া জল উহাতে ঢালিতে লাগিল। চৌবাচনায় যদি 8 মিরিয়া লি. 4 কি. লিটার জল ধরে, তবে কভক্ষণে উহা জলপূর্ণ হইবে?

3 মিনিট ও 4 মিনিটের ল. লা. গু. 12 মিনিট। 12 মিনিটে বালকটি 4 বার ও বালিকাটি 3 বার জল ঢালে। বালক 4 বারে (4 কি. লি. $\times 4)$ বা 16 কি. লি. এবং বালিকা 3 বারে (3 কি. লি. $\times 3)$ বা 9 কি. লি. জল ঢালে।

: প্রতি 12 মিনিটে মোট (16+9) বা 25 কি. নি. জন ঢানা হয়।

8 মিরি.লি. 4 কি.লি.=84 কি.লিটার। 84 কি.লিটারের মধ্যে 25 কি.লি. 3 বার আছে। অতএব, 12 মানট×3 বা 36 মিনিটে 25 কি. লি. × 3 বা 75 কি. লি. জল ঢালা হইবে। আর জল ঢালিতে বাকি থাকিল (84—75) বা 9 কি. লি.। ঐ 36 মিনিটের পরবতী তৃতীয় মিনিটে বালকটি আদিয়া জল ঢালিল আরও 4 কি. লি. এবং চতুর্থ মিনিটে বালিকা জল ঢালিল 3 কি. লি. ইহাতে মোট (75+7) বা 82 কি. লি. জল ঢালা হইল। বালকটি ষষ্ঠ মিনিটে আবার 4 কি. লি. জল আনিয়া মাত্র 2 কি. লি. জল ঢালিলেই চৌবাচাটি পূর্ণ হইবে।

অতএব, চৌবাচ্চাটি জলপূর্ণ হইতে মোট (3646) বা 42 মিনিট সময় লাগিৰে।

^{[*}আইব্য: ভূতীয় নগটি খোলা থাকিলে 1 ঘণ্টায় প্রা চৌবাচনা (প্রা 1) খালি হয়। কিন্তু ঐ সঙ্গে প্রথম ও বিতীয় নল ঠু ও ঠু অংশ ভর্তি করে, দেলক ঘণ্টায় থালি হয় $1-\frac{1}{3}-\frac{1}{4}$ অংশ।

গ. मा. ७. ७ ल. मा. छ. मध्योत्र विविध छोडार

প্রশ্নবালা 2

(পূর্বপাঠ সম্বন্ধীয় বিবি

গ. লা. গু. ও ল. লা. গু: সংক্রান্ত:

1. কোন্ বৃহত্তম সংখ্যা ছারা 76, 62 ও 41- ভাগ কিমিটি প্রত্যেক ৰার একই ভাগশেষ থাকিবে ?

- 2. 573, 1364 ও 912-কে কোন্ বৃহত্তম সংখ্যা ছারা ভাগ করিলে একই ভাগশেষ থাকে?
- 3. 300 ৩ 500-এর মধ্যবর্তী কোন্ কোন্ সংখ্যাগুচ্ছের গ. সা. গু.
 63 হইতে পারে ?
- 4. সমান দরে 3 শি. 6 পে. ও 4 শি. 8 পে. দিয়া কয়েকটি কলম কেনা হইল। প্রভ্যেকটি কলমের মূল্য অধিকপক্ষে কত হইতে পারে?
- 5. কোন্ কুত্ৰতম সংখ্যাকে 48, 64, 72, 80, 120 ও 140 দিয়া ভাগ করিলে যথাক্রমে 38, 54, 62, 70, 110 ও 130 ভাগশেষ থাকে ?

[ক. প্র. 1898]

TE OF EDUCAZE


6. 23759143 হইতে কোন্ ক্ষতম ও কোন্ বৃহত্তম সংখ্যা বিলোগ কবিলে অন্তব্যক্তভিল 24, 35, 91, 130 ও 150 ছারা বিভাজা হইবে ?

[ক. প্র. 1896, 1941]

- 7. কোন্ কুল্ডম সংখ্যাকে 80, 96, 108 ও 128 ছারা ভাগ করিলে যথাক্রমে 73, 89, 101 ও 121 ভাগশেষ থাকিবে ?
- 8. 462টি আম ও 546টি সন্দেশ কভকগুলি বালককে সমানভাবে ভাগ করিয়া দেওয়া হইল। বালকদিগের সংখ্যা কত ? যতগুলি সম্ভব উত্তর দাও।
- ছুইটি সংখ্যার সমষ্টি 1212 এবং উহাদের গ. সা. গু. 101 : ঐরপ
 কর জোড়া সংখ্যা হইতে পারে ? সেই জোড়াগুলি নির্ণয় কর।

[本. 也. 1945]

10. তুইটি দংখ্যার সমষ্টি 873 এবং উহাদের গ. সা. গু. 97 হুইলে সংখ্যা ছুইটি কি কি হুইভে পারে ?



- 11. তুইটি সংখ্যার ল. সা. গু. 2376 গু গ. সা. গু. 132; সংখ্যা তুইটি কি
 কি হুইতে পারে ?
- 12. এমন তৃইটি সংখ্যা নির্ণয় কর যাহাদের গ. সা. গু. 31 ও ল. সা. গু. 372 হুইবে। যতগুলি সম্ভব উত্তর দাও।
- 13. তুইটি সংখ্যার গুণফল 7168 এবং গ. সা. গু. 16 হুইলে সংখ্যা তুইটি কি কি হুইডে পারে ?
- 14. তুইটি সংখ্যার গুণফল 12960 এবং উহাদের গ. দা. গু. 36; সংখ্যা তুইটি কি কি? যতগুলি সম্ভব উত্তর লিখ।
- 15. এমন একটি কুন্ততম সংখ্যা নির্ণন্ন কর যাহাকে 11 দিয়া ভাগ করিলে কোন ভাগশেষ থাকে না ; কিন্তু 5, 6 ও 8 দিয়া ভাগ করিলে প্রত্যেকবারে ভাগশেষ 1 থাকে।

 [ছাত্র 1895]
- 16. কোন্ ক্ষতম সংখ্যাকে 12, 18 ও 21 দিয়া ভাগ করিলে 4 ভাগশেষ থাকে, কিন্তু 22 দিয়া ভাগ করিলে কোন ভাগশেষ থাকে না ?
- 17. কতকগুলি মার্বেল গণনা করার সময় দেখা গেল একদঙ্গে 3টি করিয়া গণনা করিলে 1টি বাকি থাকিয়া যায়, একদঙ্গে 4টি করিয়া গণনা করিলে 2টি বাকি থাকে, 5টি করিয়া গুণিলে 3টি এবং 6টি করিয়া গুণিলে 4টি বাকি থাকিয়া যায়; ন্যূনপক্ষে মার্বেলের দংখ্যা কত ?
- 18. 91509টি আম ও 83721টি লেবু কভিপন্ন বালক-বালিকাকে সমান ভাবে ভাগ করিন্না দেওন্না হইল। বালক-বালিকার সংখ্যা কত ? যতগুলি সম্ভব উত্তর দাও।

 [ঢা. বো. 1930]
- 19. 11 ৰাবা বিভাজ্য কোন্ ক্লতম দংখ্যাকে 7, 9, 14, 21 ও 35 ৰাবা ভাগ করিলে প্রত্যেক বার 2 ভাগশেষ থাকে ? [ক. প্র. 1942]
- 20. 5 অঙ্কের কোন্ বৃহত্তম সংখ্যা 8321-এর সহিত যোগ করিলে যোগফল 15, 20, 24, 27, 32 ও 36 দারা বিভাল্য হইবে ? [ক. প্র. 1906]
- 21. 6 অকের কোন্ লখিষ্ঠ দংখ্যাকে 12, 15 ও 18 দারা ভাগ-করিলে .

 বধাক্রমে 9, 12 ও 15 ভাগশেষ থাকে ?

22. 53790823 হইতে কোন্ বৃহত্তম ও কোন্ কুদ্রতম সংখ্যা বিয়োগ করিলে অন্তর্ফল 24, 35, 63, 91 ও 520 বারা বিভাজ্য হইবে ?

[চা. বো. 1935]

- 23. কোন ভাগে ভাজা 305165 এবং পর পর ভাগশেষগুলি 17, 27, 36 ও 29; ভাজকটি কত ?
- 24. 64329কে কোন সংখ্যা ছারা ভাগ করিয়া 175, 114 ও 213
 যথাক্রমে প্রথম, দ্বিডীয় ও তৃতীয় বা শেষ ভাগশেষ থাকিল। ভাগফলটি নির্ণয়
 কর।
 [ক. প্র. 1939]
- 25. ছুইটি সংখ্যার গ. সা. গু. নির্ণয় করিয়া শেষ ভাজক 49 এবং পর পর ভাগফলগুলি যথাক্রমে 17, 3 ও 2 হুইল। সংখ্যা ছুইটি নির্ণয় কর। [সি. সা.]
- 26. এক ব্যক্তি 10 টাকা 80 প্রসার কতকগুলি আম কিনিয়া ৪ টাকা 19 প্রসার উহা হইতে কতকগুলি আম বিক্রয় করিল। ইহাতে যদি ভাহার লাভ বা লোকসান না হইয়া থাকে, তবে তাহার নিকট কমপক্ষে আর কয়টি আম থাকিতে পারে?
- 27. এক ব্যক্তি দৈনিক মজুরীতে কয়েকদিন কাল করিবার জন্ত মোট
 19 টাকা 80 প্রসার চুক্তিতে নিযুক্ত হইল, কিন্তু সে কিছুদিন অনুপত্মিত
 থাকার মোট 17 টাকা 16 প্রসা পাইল। প্রমাণ কর যে, তাহার দৈনিক
 মজুরী 1 টাকা 32 প্রসার অধিক হইতে পারে না।
- 28. 90 পরদার এবং 1 টাকা 17 পরদার অথও করেক কিলোগ্রাম্ করিয়া লবণ পাওয়া ধার। প্রতি কি. গ্রাম লবণের মূল্য যদি 4 পরদা ও 5 পরদার মধ্যে হয়, ভবে 1 কি. গ্রাম লবণের মূল্য কত?
- *29. একই দরে এক ব্যক্তি 19 টাকা 80 প. ও 34 টাকা 65 প.

 মূল্যে কভকগুলি করিয়া আম কিনিল, প্রত্যেক আমের মূল্য 24 পদ্ধার কম

 নহে এবং 36 পদ্ধার বেশী নহে। সে হই দফান্ত মোট কভগুলি আম

 কিনিয়াছিল?
- *80. 2 টা. 50 প্রদা, 3 টা. 50 প্রদা ও 4 টাকা 50 প্রদা
 যথাক্রমে কতকগুলি পুরুষ, জীলোক ও বালককে ভাগ করিয়া দেওয়ার
 প্রত্যেকের ভাগ সমান হইল। লোকসংখ্যা যতদ্র সম্ভব কম হইলে মোট
 কড লোক ছিল?

- *31. তিন অহ-বিশিষ্ট কোন্ দংখ্যা ছাঁৱা 7653 e 11282কে ভাগ ক্ষিলে একই ভাগশেষ থাকিবে ?
- 32. 13 দারা বিভাগ্ন কোন্ ক্ষুত্রম সংখ্যাকে 5, 6 বা 8 দারা ভাগ করিলে 1 ভাগশেষ থাকিবে ?

ঐকিক নিয়ন সংক্রান্ত:-

- ্য 38. 15 জন লোকে বে কার্য 10 দিনে করে, 6 জনে তাহার বিগুণ কাজ কত দিনে করিবে?
- 34. 12 জন পুরুষ বা 9 জন দ্রীলোক 28 দিনে যে কাজ করে, 8 জন পুরুষ এবং 8 জন দ্রীলোক একত্রে কত দিনে তাহা করিবে ?
- 35. 12টা বনদ 16 দিনে একটি জমি চাষ করিতে পারে। কতগুলি বলদ উহার দ্বী অংশ সময়ে ঐ জমির $2\frac{1}{4}$ গুণ জমি চাষ করিতে পারিবে ?
- 36. প্রত্যন্থ ৪ ঘণ্টা থাটিয়া 18 জন লোকে যে কার্য 7 দিনে করে, প্রত্যন্থ 6 ঘণ্টা থাটিয়া 21 জনে তাহা কত দিনে করিবে ?
- 37. প্রতিদিন ৪ ঘণ্টা কাদ করিয়া 50 জনে একটি কাজ 12 দিনে করিতে পারে। প্রত্যহ কত ঘণ্টা থাটিয়া 60 জন লোকে 16 দিনে তাহার বিগুণ কাজ করিবে?
- 38. 8 জন পুরুষ অথবা 12 জন স্ত্রীলোক যে কার্য 25 দিনে সম্পন্ন করে, 6 জন পুরুষ এবং 11 জন স্ত্রীলোক তাহা কত দিনে করিবে? [ক. প্র. 1938]

 39. কোন হর্গে 2200 লোকের 50 দিনের খাত ছিল। 17 দিন পরে আর ও কতকগুলি লোক তথায় আদায় আর 20 দিনে থাত শেষ হইল। পরে কত লোক আদিয়াছিল?
- 40. এক কিলোগ্রাম গণের মূল্য যথন 60 পয়দা তথন 12 পয়দা মূল্যের কটির ওজন 50 গ্রাম। এক কি. গ্রাম গণের মূল্য 1 টাকা 25 পয়দা হইলে 15 পয়দা মূল্যের কটির ওজন কত হইবে
- 41. 40 জন লোক দিন 10 ঘটা কাজ করিয়া 8½ দিনে 190 আর জমির শশু কাটিতে পারে। প্রত্যহ ৪ ঘটা কাজ করিয়া 17 জন লোক 50 দিনে ক

42. টাকার 2'4 কিলোগ্রাম চাউল পাওয়া গেলে 17 জন মজুরের মাদিক বেডন 850 টাকা হয়। প্রতি মিরিয়া গ্রাম চাউলের মূল্য 6½ টাকা হইলে দেই অমুপাতে প্রত্যেক মজুরের.মাদিক বেতন কত হইবে ?

✓ 43. 24 জন লোক প্রতাহ 8½ ঘটা খাটিয়া 15 দিনে যে কাজ করে,
দৈনিক 6 ঘটা খাটিয়া কয়জন লোক 17 দিনে তাহার বিগুণ কাজ করিবে?

☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ ১ 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016 3
☐ 1 1016

[季. 哲. 1916]

44. যদি 45 খন দ্রীলোক 48 দিনে 207 টাকা উপার্জন করে, তবে কভ খন পুরুষ 16 দিনে 76% টাকা উপায় করিবে? (প্রভ্যেক পুরুষের দৈনিক আয়ের বিগুণ)।

4 জন পুক্ষ অথবা 17 জন বালক 26 দিনে একটি কাজ করে।

4 জন পুক্ষ এবং 24 জন বালক কভ দিনে ভাহার 50×0.09 গুণ কাজ
করিবে?

46. 27 জন লোক 15 দিনে একটি কার্য সম্পন্ন করিতে পারে। উহার ই অংশ সময়ে কাজটি করিতে হইলে, অভিরিক্ত করজন লোক নিযুক্ত করিতে ছইবে ?

47. কোন ঠিকাদার 200 দিনে 6 কিলোমিটার রাস্তা প্রস্তুত করিবার চুক্তি করিয়া 140 জন লোক লাগাইয়া দেখিল 60 দিনে মাত্র 1½ কি. মি. রাস্তা হইয়াছে। যধাসময়ে কাজটি সম্পন্ন করিতে হইলে তথন অতিরিক্ত কয়জন লোক নিয়ক্ত করিতে হইবে?

48. এক ব্যক্তি 38 দিনে একটি কাজ করিয়া দিবার চুক্তি করিয়া 60 জন লোক নিযুক্ত করিল। 22 দিন পরে সে দেখিল মাত্র দ্বী অংশ কাজ হইয়াছে।
নির্দিষ্ট সময়ে কাজটি শেষ করিবার জন্ম আর কত জন লোক নিযুক্ত করিছে
ইইবে?

*49. 40 জন পুরুষ বা 60 জন স্ত্রীলোক অথবা 80 জন বাসক 6 মাসে একটি কাজ শেষ করিতে পারে। 10 জন পুরুষ, 10 জন স্ত্রীলোক এবং 10 জন বাসক একত্রে উহার বু অংশ কাজ কত সময়ে করিবে? [বো. প্র. 1893]

- 50. যদি প্রতি 5 মিনিটে 3 বার করিয়া গোলাবর্ষণ করিয়া 5টি কামানে 4 ঘণ্টার 1200 দৈন্ত মারা যায়, তাহা হইলে প্রতি 6 মিনিটে 4 বার করিয়া গোলা বৰ্ষণ করিয়া 7টি কামানে 3 ঘণ্টায় কত লোক মারা যাইবে ?
- 51. টাকা প্রতি 7 প্রদা হিদাবে আয়কর দিয়া এক ব্যক্তির 595 টাকা 20 পর্সা থাকিল; তাহার সমগ্র আর কত?
- *52. ১জন পুরুষ ও 9 জন বালক একত্রে 17 দিনে একটি কাজ করিতে পারে। 9 জন পুরুষ ও 12 জন বালক কত দিনে উহা করিবে? (2 জন পুরুষের কাজ 3 জন বালকের কাজের সমান)। [क. প্র. 1946]

সময় ও কার্য সংক্রান্তঃ

- 53. ক ও খ একটি কাজ যথাক্রমে 9 ও 18 দিনে করিতে পারে। ভাহারা একত্রে কাজ আরম্ভ করিয়া কাজটি শেষ হইবার 3 দিন পূর্বে ক চলিয়া গেল। কাজটি কতদিনে সম্পন্ন হইল ? [平. 四. 1934]
- 54. ক 3 বু ঘণ্টায় একটি কার্যের অর্ধেক করিল, খা 1 বু ঘণ্টায় অবশিষ্ট কাজের $\frac{1}{4}$ অংশ করার পর গ $5\frac{1}{4}$ ঘণ্টায় কাজটি শেষ করিল। তিনজনে একছে কভকণে কাজটি করিতে পারে ?
- 55. প্রভাহ 7 ঘন্টা কাজ করিয়া একটি কার্য ক 6 দিনে ও থ ৪ দিনে শম্পন করিতে পারে। প্রভাহ ৪ ঘণ্টা কাজ করিয়া উভয়ে একত্রে কডদিনে উহা সম্পন্ন করিবে ? [本. 姓. 1930]
- *56. ক, খ ও গ কোন কাজ যথাক্রমে 15, 12 ও 10 ঘণ্টায় করিতে পারে। তাহারা একদঙ্গে কাজ আরম্ভ করিল, কিন্তু ক 3 ঘণ্টা পরে এবং খ কাজ শেষ হইবার 2 ঘণ্টা পূর্বে চলিয়া গেল। কাজটি কত ঘণ্টায় শেষ হইয়াছিল?
- 57. ক ও খ যথাক্রমে ৪ ও 6 দিনে একটি কাজ করিতে পারে; কিন্তু প-এর সাহায্যে তাহারা 3 দিনে কাজটি শেষ করিয়া 8 টাকা 16 প্রসা মজুরী পাইল। কে কভ টাকা পাইবে ?
- 58. একটি লোক ও একটি বালক 36 দিনে একটি কাজ করিতে পারে। লোকটি যদি শেষ 10 দিন একা কাজ করে তবে কাজটি শেষ হইতে 40 দিন লাগে। বালকটি একাকী কত দিনে কাজটি করিবে ?

- 59. ক একা খ ও গ-এর সমান কাজ করিতে পারে। একটি কাজ ক ও খ একত্তে 9 ঘণ্টা 36 মিনিটে করে এবং গ তাহা 48 ঘণ্টায় করে। খ একাকী উহা কত ঘণ্টায় করিবে? [পা. প্র. 1926]
- 60. একটি চোবাচা 10 ঘণ্টার জলপূর্ণ হয়, কিন্তু তলদেশে ছিল্ল হওয়ার উহা পূর্ণ হইতে 2 ঘণ্টা অধিক সময় লাগিল। ঐ ছিল্ল দিয়া কতক্ষণে জলপূর্ণ চোবাচাটি জলশূল্য হইবে ?
- 61. কোন একটি কাজ ক 20 দিনে এবং ক ও খ একজে 11% দিনে করিতে পারে। ক একা ৪ দিন, ক ও গ একজে 6 দিন কাজ করার পর খ একা 3 দিনে কাজটি শেষ করিল। খ ও গ একত্রে কাজটি কতদিনে করিতে পারে?
- 62. ক একদিনে খ-এর 3 গুণ কাজ করে। উভরে একটি কাজের

 ই অংশ 9 দিনে করিল। প্রত্যেকে সমগ্র কাজটি কড দিনে করিতে পারিবে?

 কি.প্র. 1946
- 63. তুইটি নল দারা যথাক্রমে 20 ও 30 মিনিটে একটি চৌবাচ্চা ভর্তি হয়। উভয় নল খুলিয়া দিবার কতক্ষণ পরে প্রথম নলটি বন্ধ করিলে আর 10 মিনিটে চৌবাচ্চাটি পূর্ণ হইবে? [ক. প্র. 1926]
- 64. ক, খ ও গ ষথাক্রমে 20 দিনে, 30 দিনে ও 60 দিনে একটি কাজ করিতে পারে। প্রতি ভৃতীয় দিনে খ ও গ-এর সাহায্য লইয়া ক কতদিনে কাজটি সম্পন্ন করিবে?
- 65. তুইটি নল যথাক্রমে 20 ও 30 মিনিটে একটি চৌবাচ্চা জলপূর্ণ করিতে পারে। যথন উহা জলশৃশু ছিল তথন নল তুইটি থোলা হইল এবং কিছুক্ষণ পরে প্রথম নলটি বন্ধ করা হইল। যদি চৌবাচ্চাটি মোট 18 মিনিটে জলপূর্ণ হইয়া থাকে, তবে কথন প্রথম নলটি বন্ধ করা হইয়াছিল ?
- *66. 12 জন পুরুষ ও 10 জন বালক 3 দিনে একটি কাজের $\frac{3}{4}$ অংশ করে এবং 4 জন পুরুষ ও 5 জন বালক 7 দিনে কাজটির $\frac{7}{10}$ অংশ করিতে পারে। 10 জন পুরুষ কত দিনে কাজটি করিতে পারিবে ?

*67. একটি চৌবাচ্চায় 3টি নল সংযুক্ত আছে। প্রথমটি 3 ঘণ্টায় ও দ্বিতীয় নলটি 3 ঘণ্টা 45 মিনিটে চৌবাচ্চাটি জলপূর্ণ করিতে পারে এবং ভৃতীয় নলটি 1 ঘণ্টায় উহাকে জলশ্য করে। যদি নল তিনটি যথাক্রমে 1টা, 2টা ুও 3টার সমর থুলিয়া দেওয়া হয়, তবে কথন চোবাচ্চাটি জলশ্য হইবে?

িপা. প্র. 1929 1

- 68. একটি পিপায় 3টি নল দংলগ্ন আছে। প্রথম তুইটি বারা 20 মিনিটে ও 30 মিনিটে পিপাটি জলপূর্ণ হয় এবং তৃতীয়টি দারা 40 মিনিটে পিপাটি জলশৃস্থ হয়। তিনটি নল একসময়ে খুলিয়া 15 মিনিট পরে প্রথমটি বন্ধ করা হইল। কভক্ৰে পিপাটি জলপূৰ্ণ হইবে ? ছিত্ৰ 1892]
- 69. একটি চৌবাচ্চার তুইটি নল আছে। প্রথমটি ছারা উহা 40 মিনিটে ভর্তি হয় এবং দ্বিতীয়টি দারা 1 দটায় খালি হয়। যদি পর পর মিনিটে পর্বায়ক্রমে একটি করিয়া নল থোলা থাকে, তবে কত সমরে চৌবাচ্চাটি জলপূর্ণ र्हेरव ? [পা. প্র. 1931]
- *70. তিনটি বালক একটি চৌবাচ্চা জলপূর্ণ করিতে আরম্ভ করিল। প্রথম বালক 5 যিনিটে 1 পাঁইট, বিভীয় বালক 6 মিনিটে 1 কোয়াৰ্ট এবং ভৃতীয় বালক 8 মিনিটে 1 গ্যালন জল ঢালে। यদি ঐ চৌবাচ্চায় 50% গ্যালন জল श्दा, ज्द कज्क्षा छेश भून इहेरत ? 「 本. 姓. 1941]

[2 পাঁইট=1 কোৱাৰ্ট, 4 কোৱাৰ্ট=1 গ্যালন]

71. 3 জন পুরুষ ও 2 জন বালক একত্রে একটি কাজ 15 দিনে করিতে পারে এবং 2 জন পুরুষ ও 3 জন বালক একত্রে উহা 18 দিনে করিতে পারে। একজন পুরুষ ও একজন বালক একত্তে উহা কতদিনে করিবে?

[本. 姓. 1950]

72. একটি চৌবাচ্চা 3টি নল খারা যথাক্রমে 30, 40 ও 60 মিনিটে ভর্তি হর এবং চতুর্থ নলটি দারা উহা আধ ঘণ্টার থালি হয়। বেকা 12টার দময় প্রথম 3টি নলই খুলিয়া দেওয়া হয়, কিছ ভুলক্রমে চতুর্থ নলটিও 15 মিনিট পর্যন্ত থোলা থাকে, তৎপরে উহাকে বন্ধ করা হয়। কখন চৌবাচ্চাটি ভর্তি एट्रब ? [মা. প্র. 1891]

প্রশ্নমালা 3

(পূর্বপাঠ দম্বন্ধীয় বিবিধ প্রশ্ন)

[1]

- 1. 3 বৎসর পূর্বে ক-এর বয়স খ-এর বয়দের দ্বিগুণ ছিল। 7 বৎসর
 পরে ক ও খ-এর বয়স একত্রে ৪3 বৎসর হইবে। এখন প্রত্যেকের বয়স কত

 [ছাল, 1922]
- 2. 10000 ও 80000-এর মধ্যে ক্ষুত্তম ও বৃহত্তম এমন ছইটি রাশি নির্ণন্ন কর যাহাদের প্রত্যেকটিকে 203, 182 ও 290 দিয়া ভাগ করিলে কিছুই ভাগশেষ থাকিবে না।
- 3. ক ও খ-এর একত্রে 134 টাকা এবং খ ও গ-এর একত্রে 100 টাকা আছে। গ অপেক্ষা খ-এর যদি 58 টাকা বেশী থাকে, ভবে কাহার কত টাকা আছে?
- 4. 18 মিটার দীর্ঘ ও 15 মিটার প্রশস্ত একটি ঘরে 1620 ঘনমিটার বায়ু ধরে। ঘরটির উচ্চতা কত ?
- 5. একটি থলিতে সমান-সংখ্যক টাকা, 50 প., 25 প., 10 প. ও 2 পরসা মুদ্রা ছিল। উহাতে মোট 149 টাকা 60 পরসা ছিল। প্রভ্যেক প্রকারের মুদ্রা করটি ছিল?
 - 6. সরল কর: $\frac{\frac{1}{2} + \frac{3}{4}}{\frac{5}{6} \frac{7}{8} + \frac{9}{10}} \div 10\frac{20}{103}$ এর :142857. [ক. প্র. 1911]
- 7. 8 জন পুরুষ অথবা 12 জন প্রালোক 14 দিনে একটি কাজ করিতে পারে। 18 জন পুরুষ এবং 21 জন স্ত্রীলোক উহার তিন গুণ কাজ কত দিনে করিবে?
- 8. প্ৰতি টাকায় 9 পয়সা আয়কৰ হইলে, 8754 ট্ট টাকা আয়ের জন্ত কভ আয়কর দিতে হইবে ?
- 9. একটি আয়তকেত্রের দৈর্ঘ্য প্রস্থের 3 গুণ। কেত্রটি 1½ ডেসি মিটার বর্গ পরিমাণের 2028 খানা প্রস্তুর দিয়া বাঁধান হইল। কেত্রটির দৈর্ঘ্য কড ?
 - 10. 5 कि. था. 54 दर. थामरक मगमिकाकारत कूरे कीरन अकाम करा

[2]

1. बदन कद :

$$\frac{1}{1+\frac{1}{5+\frac{2}{3}}} \div \frac{1\cdot13}{2} \times \frac{14\times12\times02+04\times16\times01}{01\times2\times1}$$

- 2. এক আর জমির থাজনা 4টা. 40 প. ছইলে 13 আর 6 ডেসি আর 5 সেণ্টি আর জমির থাজনা কড ছইবে ?
- 3. 425 জন দরিদ্র জী-পুরুষকে মোট 36 টাকা বিতরণ করা হইল। প্রত্যেক জীলোক 6 পয়সা ও প্রত্যেক পুরুষ 12 পয়সা হিসাবে পাইল। জীলোক ও পুরুষের সংখ্যা নির্ণয় কর।
- 4. বৃহত্তম কোন্ সংখ্যা দ্বারা 68130 ও 107275-কে ভাগ করিলে খথাক্রমে 27 ও 49 ভাগশেষ থাকিবে ?
- 5. 2 গ্রা. 2 ডেসি গ্রা. 4 সে. গ্রা., 3 গ্রা. 3 ডেসি গ্রা. 6 সে. গ্রামের যড অংশ, কত টাকা 61 টাকা ৪ পর্মার ভত অংশ?
- 6. এক গোয়ালা 35 পয়দা কিলো লিটার দরে 280 টাকার ত্ধ কিনিয়াছিল, উহার মধ্যে কিছু ত্ধ নয় হইবার পর দে 45 পয়দা কিলো লিটার দরে অবশিষ্ট ত্ধ বিক্রয় করিয়া মোট 62 টাকা লাভ করিল। কভটা ত্ধ নয় হইয়াছিল?
- যে চৌবাচ্চার দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা যথাক্রমে 25 মিটার, 19 মি.
 মি., তাহাতে কত ঘনমিটার জল ধরে ?
- 8. 20 জন লোকে 12 দিনে যে কার্য করে, কভজন লোকে ভাহার দেড়গুণ কার্য 15 দিনে করিবে ?
5. ক একটি কাজ 30 দিনে ও খ 25 দিনে করিতে পারে। ক 10 দিন কাজ করার পর খ ঐ কাজে যোগ দিলে আর কন্ত দিনে কাজটি সম্পন্ন হইবে?

ৰৰ্গমূল (Square root)

49. বর্গমূল নির্ণয়ের প্রচলিভ নিয়ম।

ভোমরা উৎপাদকের দাহায্যে বর্গমূল নির্ণয় করিবার প্রণালী শিথিয়াছ। কিন্তু দব সময় প্রদত্ত সংখ্যার উৎপাদকগুলি স্থির করা সহজ্ঞ নহে। দেইজন্ত বর্গমূল নির্ণয়ের অন্য প্রণালী শিক্ষা করা উচিত। এক্ষণে সেই নিয়্মটি সম্বন্ধে আলোচনা করা হইতেছে।

ভোমরা জান $\sqrt{1=1}$; $\sqrt{100=10}$; $\sqrt{10000=100}$; $\sqrt{1000000}$ = 1000; ইত্যাদি। ইহা হইতে দেখিতেছ যে, এক হইতে 100-এর মধ্যবর্তী যে কোন 1 বা 2 অহমুক্ত পূর্ণবর্গ সংখ্যার বর্গমূল মাত্র এক অহ্ববিশিষ্ট হইবে: 100 হইতে 10000-এর মধ্যবর্তী 3 বা 4 অহমুক্ত পূর্ণবর্গ সংখ্যাগুলির বর্গমূল ছুই অহ্ববিশিষ্ট হইবে; 10000 ৩ 1000000-এর মধ্যবর্তী 5 বা 6 অহমুক্ত পূর্ণবর্গ সংখ্যাগুলির বর্গমূল ভিন অহ্ববিশিষ্ট হইবে। পরবর্তী অভাত্ত সংখ্যা সম্বন্ধে এরূপ বুঝিতে হইবে।

লিজান্ত: ইহা হইতে দেখা গেল যে, কোন পূর্ণবর্গ সংখ্যার ডানদিকের এককের অঙ্ক একটি চিহ্ন দিয়া ক্রমশঃ বামদিকে একটি অঙ্ক অন্তর চিহ্ন দিয়া গেলে যতগুলি চিহ্ন হইবে, বর্গমূলে ততগুলি অঙ্ক থাকিবে। যধা—

- (1) 12'96' সংখ্যার একক স্থানে 6-এর উপর চিহ্ন দিয়া একটি আর অন্তর্ম বামদিকে 2-এর উপর চিহ্ন দেওয়া হইয়াছে। মোট 2টি চিহ্ন হইল, অন্তএব 1296-এর বর্গমূল হই আয়বিশিষ্ট হইবে। এখানে দেখ, 1296 সংখ্যাটি হইটি আংশে বিভক্ত হইয়াছে; প্রথম অংশ 12 এবং শেষ অংশ 96.
- (2) 15129 সংখ্যার একক স্থানীয় 9-এর উপর চিহ্ন দিয়া ক্রমশঃ বামদিকে একটি অব অন্তর ঐরপ চিহ্নিত করায় মোট তিনটি চিহ্ন হইল অর্থাৎ 3টি অংশ পাওয়া গেল। অতএব, উহার বর্গমূল 3 অন্ধবিশিষ্ট হইবে। এখানে দেখ, প্রথম অংশ 1, বিতীয় অংশ 51 এবং শেষ অংশ 29.

প্রথম অংশটি 1 বা 2 অঙ্কবিশিষ্ট ত্ইতে পারে; কিন্তু পরের অংশগুলির প্রত্যেকটি তুই অঙ্কযুক্ত ত্ইবে। দর্ব বামদিকের অংশটিকে প্রথম অংশ ধরা হয়।

49. (i) वर्शमृत्र निर्शस्त्र व्धर्णानी निर्शात्र ।

বর্গমূল নির্ণয়ের প্রণালী নিমের বর্গ-নির্ণয়ের প্রণালীর উপর নির্ভর করে।
এক্ষণে দেখ, (37)²=(30+7)²=(30+7)(30+7)

 $=(30+7)\times30+(30+7)\times7$

 $=30^2+30\times7+30\times7+7^2$

 $=30^2+2\times30\times7+7^2$

এখানে দেখা গেল যে, কোন তুইটি সংখ্যার সমষ্টির বর্গ=

উহালের বর্গের সমষ্টি+উহালের গুণফলের দ্বিগুণ। আবার দেখ, $(30+7)^2=30^2+(2\times30+7)\times7$ (এরপেও লেখা যায়) =900+469=1369.

অতএব, কোন সংখ্যাকে উল্লিখিতভাবে তুইটি সংখ্যার সমষ্টিরূপে প্রকাশ করিতে পারিলে দংখ্যাটির বর্গমূল নির্ণয় করা সহজ হয়।

49. (ii) উল্লিখিত প্রণালীর প্রয়োগে বর্গমূল নির্ণয়। উদাহরণ 1. 1296-এর বর্গমূল নির্ণয় কর।

1296-কে 12'96' রূপে চিহ্নিত করিয়া দেখা গেল, উহার বর্গমূলে তুইটি অঙ্ক আছে। আমরা জানি, $30^2 = 900$ এবং $40^2 = 1600$; অতএব, নির্ণেষ্ণ বর্গমূল 30 ও 40-এর মধ্যবর্তী কোন সংখ্যা হইবে। অতএব, বর্গমূলটির দশকের অঙ্ক হইল 3; এক্ষণে উহার এককের অঙ্ক স্থির করিতে হইবে। এখন দেখ, 1296-এর প্রথম অংশ যদি 30^2 হইয়া থাকে, তবে দ্বিতীয় অংশ হইবে 1296— 30^2 অর্থাৎ 396.

49 (i) নং অনুচ্ছেদের নিয়মানুদারে এই 396=(2×30+এককের অহ)
×এককের অহ। এক্লণে, দেখিতে হইবে 2×30-এর সহিত কোন্ সংখ্যা
যোগ করিয়া দেই যোগফলকে সেই দংখ্যাটি দ্বারা গুণ করিলে 396 হয়।
396-এর এককের অহ 6 হওয়ায় বর্গম্লের এককের অহ 4 অথবা 6 হইবেই।

ঐ ছুইটি অন্ধ দারা পরীকা করিলে দেখা যাইবে, এস্থলে এককের আন্ধ 6 হুইবে; কারণ, (2×30+6)×6=66×6=396.

.. নির্ণেয় বর্গমূল=30+6=36.

বৰ্গমূল=36.

এই প্রক্রিয়া নিমে দেখান হইতেছে—

$$\begin{array}{c}
(\overline{*}) & 1296 \\
30 \times 2 + 6 = 66
\end{array}$$

$$\begin{array}{c}
1296 \\
900
\end{array}$$

$$\begin{array}{c}
30 + 6 \\
9396
\end{array}$$

(খ) সাধারণত: এইরূপে উহাকে সহজভাবে লেখা হয় :--

$$\begin{array}{c}
12'96' \\
9 \\
66 \\
\hline{)} 396 \\
396
\end{array}$$

উদাহরণ 2. 54756-এর বর্গমূল নির্ণয় কর।

$$\begin{array}{c}
(\overline{\bullet}) & 54756 \\
2 \times 200 + 30 = 430
\end{array}
\underbrace{) \begin{array}{c}
40000 \\
14756 \\
12900
\end{array}}_{1856}$$

$$2 \times (200 + 30) + 4 = 464$$

$$\begin{array}{c}
1856 \\
1856
\end{array}$$

(খ) উহার সংক্ষিপ্ত প্রক্রিয়া

এইবার বর্গমূল নির্ণয়ের প্রচলিত নিয়মটি ব্ঝান হইতেছে:-

প্রদত্ত সংখ্যাটিকে পূর্বের তার চিহ্ন দিয়া বিভিন্ন অংশে বিভক্ত কর।
এইবার নামতার সাহায্যে এমন একটি সংখ্যা স্থির কর যাহার বর্গ সর্ব বামদিকের প্রথম অংশটির সমান বা তাহার নিকটতম অথচ অনধিক। ঐ সংখ্যাটি
বর্গমূলের প্রথম অহ, উহাকে ভাগফলের তার ডানদিকে একটি রেথার পর বলাও
এবং উহার বর্গ প্রথম অংশের নীচে বসাইয়া বিয়োগ কর। এইবার ঐ বিয়োগফলের ডানদিকে সমস্ত বিতীর অংশটি অর্থাৎ পরবর্তী চিহ্ন পর্যন্ত সংখ্যাটি নামাও

এবং উহার ঠিক বামদিকে একটি রেখা টানিয়া ভাজকের ন্তায় পূর্বের বর্গমূলটির (অর্থাৎ ভাগফলের স্থানে যে সংখ্যাটি বদান হইয়াছে তাহার) দ্বিগুণ করিয়া বদাও। তারপর বিয়োগফলের স্থানে যে সংখ্যাটি পাইয়াছ, তাহার ডানদিকের বিটি অন্ধ ছাড়িয়া যে সংখ্যা হয় তাহাকে ঐ ভাজকটি দিয়া ভাগ করিলে কভ ভাগফল হওয়া সম্ভব দেখ। দেই সংখ্যাটিকে বর্গমূলের স্থানে পূর্ব-সংখ্যার ভানদিকে এবং ভাজকের স্থানেও ডানদিকে বদাও। ইহাতে ভাজকটি যাহা হইল, তাহাকে ঐ বর্গমূলের দ্বিতীয় অন্ধটি দারা গুণ করিয়া গুণফলটি ভাজ্য হইতে বিয়োগ কর।

আবার, বিয়োগফলের ভানদিকে তৃতীয় অংশটি নামাও এবং বর্গমূলের (ভাগফলের) স্থানে যে সংখ্যাটি আছে তাহার বিগুণ করিয়া ভাজকের স্থানে ৰসাও এবং পূর্বের ন্যায় কার্য করিয়া যাও। যতক্ষণ প্রদন্ত রাশিটির শেষ অংশ পর্যন্ত কার্য শেষ না হয়, ততক্ষণ ঐ নিয়মে কার্য কর। ইহাতে বর্গমূলের স্থানে যে সংখ্যা পাইলে তাহাই নির্ণেয় বর্গমূল।

উদাহরণ 1. 70225-এর বর্গমূল কড ?

70225 / 265 [এখানে প্রথম অংশ 7 ; উহার বর্গমূল 2 ধরিতে হইল। কারণ 3-এর বর্গ 9টি 7 অপেক্ষা অধিক 46 \ 302 276 हरेया यात्र। 2-अत वर्ग 4-क 7-अत नीटि वमारेया 2625 বিয়োগ করিয়া 3 হইল। ঐ 3-এর ডানদিকে বিতীয় নির্ণেয় বর্গমূল অংশ 02 বসান হইল এবং বর্গমূলের 2-এর দ্বিগুণ =265. করিয়া ভাজকের স্থানে 4 বসান হইয়াছে। ভান দিকের অভটি ছাড়িলে হয় 30; ইহার মধ্যে ভাজক 4টি 7 বার যায় বটে, কিছ সেই 7টি 4-এর পর বসাইয়া 47-কে ঐ 7 দিয়া গুণ করিলে 302 অপেকা বেৰী হইয়া যায়। সেজত 6-কে বর্গমূলের স্থানে বদান হইল, 7 হইল না। 6-কে ভাজকের ডানদিকে বদাইয়া 46 হইল, 46-কে 6 দিয়া গুণ করিয়া 276 হুইল, তাহা 302 হুইতে বিমোগ করিয়া 26 হুইল, উহার পর তৃতীয় অংশ 25-কে নামাইয়া হইল 2625 এবং বর্গমূলের 26-এব বিগুণ 52-কে ভাজকের স্থানে বদান হইল। এইবাৰ দেখ, 262-এৰ মধ্যে 52 পাঁচ বাৰ থাকা সভব। ত্রির বর্গমূলের ও ভাজকের স্থানে বসাইয়া 525-কে ঐ 5 দিয়া গুণ করিয়া
 2625 হইল। এইবার কোন ভাগশেষ থাকিল না।

উলাহুর 2. 16810000-এর বর্গমূল নির্ণয় কর।

16810000 (4100 [এথানে, বিভীয় অংশ 81 পর্যন্ত নামাইয়া
81) 81 বর্গমূল হইয়াছে 41 এবং ভাগশেষ কিছুই নাই।
এথানে প্রদন্ত সংখ্যাটিভে আরও 4টি শৃষ্য আছে,
নির্ণেয় বর্গমূল কিন্ত উহাতে তুইটি অংশ হইয়াছে বলিয়া বর্গমূলে
=4100. তুইটি মাত্র শৃষ্য হইল]।

উদাহরণ 3. 41209-এর বর্গমূল কত ?

41209 (203 [এখানে, প্রথম অংশের বর্গমূল 2 হইল। উহার

403) 1209 বর্গকে 4 হইতে বিয়োগ করিয়া ভাগশেষ কিছুই

নাই। বিভীয় অংশ 12 নামিল; এবং 2-এর বিগুণ

কর্গমূল=203. 4 ভাজকের স্থানে বর্গিল। এখন দেখ, 12-এর

একটি অফ ছাড়িলে 1 থাকে, উহাকে 4 দিয়া
ভাগ করা যায় না। সেজভ বর্গমূলে 0 বর্গিল, ভাজকের গায়েও 0 বর্গিল, এবং

ভৃতীয় অংশ নামাইয়া ভাজ্য 1209 হইল। উহার 9 ছাড়িলে থাকে 120,
উহার মধ্যে 40 তিন বার আছে; সেজভ বর্গমূলে ও ভাজকের স্থানে 3
বসাইয়া ঐ 3 দিয়া 403-কে গুণ করা হইল।

উদাহরণ 4. 2773 হইতে কোন্ ক্ষুত্রতম সংখ্যা বিয়োগ করিলে বিয়োগফল পূর্ণবর্গ সংখ্যা হইবে?

 $\begin{array}{c}
 27'73' \left(\begin{array}{c} 52 \\ 25 \end{array} \right) \\
 102 \left(\begin{array}{c} 273 \\ 204 \\ \hline 69 \end{array} \right)
\end{array}$

69 : 69 বিয়োগ করিলে অস্তরটি পূর্ণবর্গ সংখ্যা হইবে।
উদাহরণ 5. 6720-র সহিত কোন্ লঘিষ্ঠ সংখ্যা যোগ করিলে যোগফল

67'20' (81' [এথানে, দেখা যাইভেছে যে, প্রদন্ত সংখ্যাটি 81-এর
161) 320
161 159
82-র বর্গের সমান করিতে হইবে।]

81+1=82; $(82)^2=6724$.

.: নির্ণেয় লঘিষ্ঠ সংখ্যা=6724-6720=4.

বৰ্গমূল সম্বন্ধীয় বিবিধ সমাধান

উদাহরণ 1. কোন সেনাপতি তাঁহার সৈক্তদিগকে বর্গাকারে সাজাইয়া দেখিলেন 24 জন সৈত্ত বেশী আছে। সৈত্তসংখ্যা 15400 হইলে, প্রতি সারিতে কত সৈত্ত সাজান ছিল ?

এখানে বর্গাকারে সাজাইবার পর তথনও 24 জন সৈত্ত বেনী আছে, ফতরাং মোট (15400-24) জন বা 15376 জন সৈত্ত লইয়া বর্গটি সাজান

∴ প্রতি-দারিতে দৈলদংখ্যা = √15376=124.

$$\begin{array}{c}
1'53'76' \\
1 \\
22 \\
1 \\
244 \\
1 \\
244 \\
1 \\
276 \\
976 \\
976
\end{array}$$

[জ্বপ্টব্য : যদি বৰ্গাকাৰে লোক সাজাইতে গিয়া লোক কম পড়িত, তবে

ষতগুলি কম হইতেছে প্রদত্ত সংখ্যার দহিত তত যোগ করিল্লা দেই যোগফলের বর্গমূল নির্ণন্ন করিলেই দেই বর্গমূল সম্মুখ অথবা প্রতি সারির লোকসংখ্যা হইড।]

উদাহরণ 2. 380 টাকা 25 পয়সা কয়েকজন লোকের মধ্যে এরপে ভাগ করিয়া দেওয়া হইল যে মোট যত জন লোক ছিল প্রত্যেকে তত পয়সা করিয়া পাইল। প্রত্যেকে কত পাইল ?

380 টা. 25 প.=38025 প্রদা। এখানে বলা আছে যত লোক প্রত্যেকে তত প্রদা পাইয়াছে, স্থতরাং ত্ইটি দমান সংখ্যার গুণফল 38025 হইয়াছে। : 38025-এর বর্গমূল প্রত্যেকের প্রাপ্য অংশ হইবে।

∴ প্রত্যেকে পাইয়াছে √38025 প. বা 195 প. বা 1 টাকা 95 পয়দা।

জ্ঞ ইব্য: (1) ঐ অন্ধটিতে 38025-এর বর্গমূল করিয়া দেখাইবে।
(2) যদি ঐ অন্ধে লোকসংখ্যা নির্ণয় করিতে বলিত, তবে ঐ 38025-এর
বর্গমূল 195-ই নির্ণেয় লোকসংখ্যা হইত।

উদাহরণ 3. কতকগুলি বালক একত্রে 444 টাকা 2 প্রদা টাদা তুলিল। যতজন বালক ছিল প্রত্যেকে তাহার দ্বিগুণ সংখ্যক প্রদা টাদা দিয়াছে। কতজন বালক ছিল ?

বিগুণ সংখ্যক প্রসা=সমানসংখ্যক তুই প্রসা।
এক্ষণে, 444 টা. 2 প্রসা=(444×50+1) সংখ্যক তুই প্রসা
=22201 সংখ্যক তুই প্রসা;

∴ নির্ণেয় বালকসংখ্যা = √22201 = 149.

উদাহরণ 4. তিনটি সংখ্যার মধ্যে প্রথম ও বিতীয় সংখ্যার গুণফল 42, বিতীয় ও তৃতীয়ের গুণফল 56 এবং তৃতীয় ও প্রথমটির গুণফল 48; সংখ্যাগুলি নির্ণয় কর।

মনে কর, সংখ্যা তিনটি ক, ঋ ও গ।

∴ ক×ঋ=42, ঋ×গ=56 এবং গ×ক=48.

এক্ষণে, ক×ঋ×ঋ×গ = 42×56 = 7×7,

বা, ঋ×ঋ=7×7, ∴ ঋ=7.

অতএব, ক=42÷7=6, এবং গ=56÷7=8;

∴ সংখ্যাগুলি=6, 7, 8.

প্রশ্বালা 10

বর্গমূল নির্ণয় কর:-

 1. 6241
 2. 1936
 3. 9409
 4. 6724

5. 22201 **6.** 12769 **7.** 506944 **8.** 651249

9. 1500625 10. 8281 11. 36100 12. 3240000

13. 4008004 14. 97344 15. 5322249; 92416

16. 14409616 17. 6256586734489 [奉. 堂. 1910]

18. 81000000 19. 57214096 [本. ct. 1860]

20. 22071204 **21**. 11600836 ; 4016016

22. 220191808516 [本. 4. 1911]; 49787136

23. 57592921 [本. 姓. 1917]

24. 1000014129 [本. 如. 1918] 25. 1522756 [本.如. 1922]

26. 2819041 [ক. প্র. 1923] 27. 184389241 [ক. প্র. 1924]

28. তুইটি সংখ্যার গুণফল 1152 এবং একটি সংখ্যা অপরটির ৪ গুণ। সংখ্যা তুইটি নির্ণয় কর।

29. 47092 হইতে কোন্ ক্ষুত্তম সংখ্যা বিয়োগ ক্রিলে পূর্ণবর্গ সংখ্যা পাইবে ? 608* সংখ্যার লুগু অঙ্ক কি হইলে উহা পূর্ণবর্গ হইবে ?

30. 667497-এর সহিত কোন্ ক্ষতম সংখ্যা যোগ করিলে যোগফর্গ একটি পূর্ণবর্গ সংখ্যা হইবে ?

31. কোন্ সংখ্যাকে সেই সংখ্যা দারা গুণ করিলে 172225 হয় ?

32. কোন মালি বাগানে সারি দিয়া গাছ বসাইয়াছে। প্রত্যেক সারিতে যতগুলি গাছ আছে, সারির সংখ্যাও তত। যদি গাছের সংখ্যা মোট 5776 হয়, তবে কৃত সারি গাছ আছে বল।

33. কোন একটি দাতব্য ফাণ্ডে সর্বসমেত 156 টাকা 25 প্রসা চার্দা উঠিল। চাদাদাতা যতজন ছিল, প্রত্যেকে তত প্রসা চানা দিয়াছিল। চাদাদাতার সংখ্যা কত ?

34. কোন দেনাপতি তাঁহার দৈতদলকে ঘন বর্গাকারে সাজাইয়া দেথিলেন যে 9 জন সৈত্ত বেশী হইল। মোট দৈত্তসংখ্যা 335250 হইলে, প্রতি সারিতে কয়জন সৈত্ত ছিল ? 35. কতকগুলি বালক একত্রে 32 টাকা 40 পয়সা খরচ করিল। যতগুলি বালক ছিল, প্রত্যেকে তাহার ছিগুণ সংখ্যক 5 পয়দা মৃদ্রা খরচ করিয়াছিল। বালকদিগের সংখ্যা নির্ণয় কর।

36. কভকগুলি বালক নিজেদের মধ্যে সর্বসমেত 9 টাকা টাদা তুলিল।

যত বালক ছিল, প্রত্যেকে তত পয়সা করিয়া টাদা দিয়াছিল। প্রত্যেকে

কত করিয়া চাঁদা দিয়াছিল?

37. কোন বিভালয়ের বালকদিগকে 15, 18 বা 24 সমান সারিতে সাজান বার এবং তাহাদিগকে ঘন বর্গাকারেও সাজান যায়। সেই বিভালয়ে কমপক্ষে কভগুলি বালক আছে ?

38. এক ব্যক্তি কয়েক মাসে সর্বদমেত 9025 টাকা খরচ করিল। সে যত মাসে উহা খরচ করিল, তত টাকা তাহার মাদিক খরচ। ভাহার মাদিক

থব চকত ? 39. 3টি সংখ্যার মধ্যে প্রথম ও দ্বিতীয়ের গুণফল 18, দ্বিতীয় ও তৃতীয়ের গুণফল 42 এবং প্রথম ও তৃতীয়ের গুণফল 21; সংখ্যাগুলি কি কি ?

40. তুইটি সংখ্যার গুণফল 1575 এবং ভাগফল 🖁 ; সংখ্যা তুইটি কভ ?

41. কোন্ ক্ষুত্ৰতম পূৰ্ণবৰ্গ সংখ্যার একটি উৎপাদক 7936 ? [প. প্ল. '33]

42. যদি ঘণ্টায় 6'6 কি.মি. চলা হয়, তবে 6 বর্গ হে. মি. 30 বর্গ ডে. মি. 1 বর্গ মিটার পরিমিত একটি বর্গাকার জমির চারিধার ঘ্রিতে কত সময় লাগিবে ?

43. খণ্টায় 4 মাইল করিয়া হাঁটিয়া 8·1 একর পরিমিত একটি বর্গাকার জমির পরিসীমা প্রদক্ষিণ করিতে কত সময় লাগিবে ? [প. প্র. 1932]

44. 500000-এর নিকটভম যে ছুইটি পূর্ণদংখ্যা পূর্ণবর্গ, দেই সংখ্যা ছুইটি
নির্বন্ধ কর।

50. দশমিক ভগ্নাংশের বর্গমূল।

পূর্ণসংখ্যার ন্থায় দশমিক ভগ্নংশও একই দশগুণোত্তর প্রণালীতে লেখা হয়।

হতরাং দশমিকের বর্গমূল নির্ণয়ের প্রণালী পূর্ণসংখ্যার বর্গমূল নির্ণয়-প্রণালীর

অন্তর্মণ। (i) প্রথমে দশমিক বিন্দুর বামে এককের অঙ্কে চিহ্ন দিয়া ভানদিকে

ও বামদিকে একটি অন্তর অন্ধ্রুলিতে চিহ্ন দিতে হয়। (ii) যদি প্রদত্ত দশমিক

ভগ্নাংশে কোন অথগু অংশ না থাকে, তবে উহার দ্বিতীয় দশমিক অঙ্কের উপৰ প্রথম চিহ্ন দিবে। (iii) প্রাদন্ত দশমিক ভগ্নাংশে যদি বিজ্ঞাড় সংখ্যক দশমিক অঙ্ক থাকে, তবে সবশেষে একটি শৃত্য বসাইয়া অংশগুলি সম্পূর্ণ করিবে। (iv) অথগু অংশ শেষ হইয়া যথন প্রথম দশমিকের চিহ্নিত অংশ নামান হইবে, তথন বর্গম্লেও দশমিক বিন্দু বসিবে।

উদাহরণ। 20.25 এবং 000324-এর বর্গমূল নির্ণয় কর।

85
$$\frac{20' \cdot 25'}{16}$$
 $\frac{4 \cdot 5}{425}$ $\frac{000324}{1}$ $\frac{1018}{28}$ $\frac{224}{224}$ $\frac{224}{224}$ $\frac{23}{100}$ $\frac{23}{100}$

[खरें बा এথানে প্রথমটিতে এককের স্থানের শ্রের উপর প্রথমে চিহ্ন পড়িল। বিভীয়টিতে এককের স্থানে কোন অন্ধ নাই। ঐ স্থানে 0 আছে ধরিয়া কার্য করা হইল। এথানে প্রথম অংশ '00', ∴ বর্গমূলে দশমিকের পর 1টি 0 বসান হইল।

51. সামান্য ভগ্নাংশের বর্গমূল।

(1) ভগ্নাংশের বর্গমূল নির্ণয় করিতে হইলে উহার লব ও হরের বর্গমূল পৃথক ভাবে নির্ণয় করিয়। উহাদিগকে লব ও হররূপে বদাইবে। মিশ্র সংখ্যাকে প্রথমে অপ্রকৃত ভগ্নাংশ পরিণত করিবে। (2) যদি ভগ্নাংশটির হরটি কিংবা লব ও হর উভয়ই পূর্ণবর্গ না হয়, তবে হয় (i) ভগ্নাংশটিকে দশমিক ভগ্নাংশে পরিণত করিয়। ভাহার বর্গমূল নির্ণয় করিবে; অথবা (ii) প্রথমে হরটিকে লিফি কোন অথও সংখ্যাদ্বারা গুণ করিয়। তাহাকে পূর্ণবর্গ সংখ্যা করিবে এবং লবটিকেও ঐ সংখ্যাদ্বারা গুণ করিবে। ভারপর ঐ লব ও হরের বর্গমূল নির্ণয়

উদাহরণ 1. (ক)
$$\sqrt{\frac{9}{16}} = \frac{\sqrt{9}}{\sqrt{16}} = \frac{3}{4}$$
;

(খ) $\sqrt{6\frac{1}{4}} = \sqrt{\frac{25}{4}} = \frac{\sqrt{25}}{\sqrt{4}} = \frac{5}{2} = 2\frac{1}{2}$.

52. নির্দিষ্ট দশমিক অঙ্ক পর্যস্ত বর্গমূল নির্ণশ্ন।

উদাহরণ 1. তিন দশমিক অঙ্ক পর্যন্ত 2-এর বর্গমূল নির্ণয় কর। 2=2.0000...

: নির্ণেয় বর্গমূল=1.414.

উদাহরণ 2. হই দশমিক অঙ্ক পর্যস্ত গুএর বর্গমূল নির্ণয় কর।

$$\sqrt{\frac{5}{7}} = \sqrt{\frac{5 \times 7}{7 \times 7}} = \frac{\sqrt{35}}{7} = \frac{5.91}{7} = .84 \text{ (West)}$$

্রিথানে লব ও হর কোনটিই পূর্বর্গ নহে। এরপ স্থলে হরকে কোন্ ক্ষ্প্রত্থ সংখ্যা ছারা গুণ করিলে হরটি পূর্ণবর্গ হইবে তাহা দেখিতে হয়। এখানে 7কে 7 দিয়া গুণ করিলে তবে পূর্ণবর্গ সংখ্যা হয়। স্ক্তরাং লব ও হর উভয়কেই 7 দিয়া গুণ করা হইল। ইহাতে প্রদন্ত ভগ্নাংশের মান

ৰদলাইবে না। এখন $\frac{3}{4}$ এর হরের বর্গমূল 7 এবং লব 35-এর 2 দশমিক অঙ্ক পর্যস্ত বর্গমূল 5 91 হইল ; স্থাতরাং নির্দের বর্গমূল $=\frac{5\cdot 91}{7}$ $=\cdot 84$]

উদাহরণ 3. 2'031-এর বর্গমূল 3 দশমিক অঙ্ক পর্যস্ত নির্ণয় কর। 2'031=2'031000···

নির্ণেয় বর্গমূল=1.425.

তৃতীয় দশমিক স্থান পর্যন্ত '234-এর বর্গমূল নির্ণয় কর।

निर्णिय वर्णमृन= 484.

[জন্তব্য ঃ সাধারণ দশমিকের বর্গমূল নির্ণয় করিবার সময় দশমিকাংশে অঙ্কের অভাব হইলে উহার পর যতগুলি ইচ্ছা শৃত্ত আছে ধরা যায় বলিয়া প্রব্রোজন মত শৃত্য নামাইতে হয়। আর আরত্ত দশমিকের স্থলে আর্ত্তাংশ প্রয়োজন মত বাড়াইয়া লইতে হয়।]

উদাহর 5. √1-('02)² এর মান 4 দশমিকান্ত পর্যন্ত কত হয় ? $\sqrt{1-(.02)^2} = \sqrt{1-.0004} = \sqrt{.9996}$ 99'96'00'... / 9997 189 1896 1701 1989 19500

17901 19987 159900 139909 19991

নির্ণেয় বর্গমূল= 9997-

व्यश्चाना 11

ৰৰ্গমূল নিৰ্ণয় কর :—

1. .000361 2. 3. 1.0201 .000576 5.

341.1409 [বৃত্তি. 1933] 6. *00105625 [বৃত্তি. 1929] 7.

'00822649 [বৃদ্ধি. 1931] 8. 170.485249 [本. 红. 1915] 9.

29.192409 [本. 설. 1913]

2919·46783041 [幸. 哲. 1915] 10.

25 11.

23. কোন্ সংখ্যাকে সেই সংখ্যা দারা গুণ করিলে 109% ই ই হয় ?

[পা. প্র. 1925]

ভিন দশমিক অভ পর্যন্ত বর্গমূল নির্ণয় কর :—

 $26. \frac{2}{7}$ 18, $\frac{2}{9}$ 25. $\frac{3}{4}$ 24.

29. 3.6 30. 021 '4 [চা. বো. 1940] 28.

32. 23 33. 2.341 31. '1

34. 1-(·021)² 35. ·03

36. 7 দশমিক স্থান পর্যস্ত 2-এর বর্গমূল কত ? চা.বো. 1933]

37. 4 দশমিক অঙ্ক পর্যস্ত 22এর বর্গ মূল কত ?

1-('00135)2এর 4 দশমিক স্থান পর্যন্ত বর্গমূল নির্ণন্ন কর। 38. | 本. 创. 1926]

মান নির্ণয় কর (ভিন দশমিক অঙ্ক পর্যন্ত):--

39. $\sqrt{3\frac{33}{64}} \div \sqrt{9\frac{1}{7}} \times 2\sqrt{21.7}$ [本. 创. 1927]

40. $\sqrt{32} - \sqrt{128} + \sqrt{50}$.

ক্ষেত্রফল (কঠিনতর)

তোমরা পূর্ব শ্রেণীতে ক্ষেত্রফল শিথিয়াছ। এথানে ঐ সম্বন্ধীয় আলোচনা পুনরায় দেখিয়া লও।

(1) কোন **আয়তক্ষেত্রের ক্লেত্রফল**=উহার দৈর্ঘ্যের মাপ × প্রন্থের মাপ = (甲旬)×四里 |

অতএব, দৈর্ঘ্য = ক্ষেত্রফল ÷ প্রস্থ ; প্রস্থ = ক্ষেত্রফল ÷ দৈর্ঘ্য।

[জ্রপ্টব্য ঃ ঘরের মেঝে বা ভিতরের ছাদের বা উহার প্রভ্যেক দেওয়ালের, কোন মাঠের (অর্থাৎ যে কোন আয়তাকার কেজের) क्क्वक्न= रिम्धा × श्रेष्ठ (वर्ग अक क)।

- (2) বর্গক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ সমান বলিয়া বর্গক্ষেত্রের ক্ষেত্রফল=(বাছ)² [অর্থাৎ (দৈর্ঘ্য)² বা (প্রস্থ)²]
- ः বর্গক্ষেত্রের প্রত্যেক বাছ = ক্ষেত্রফলের বর্গমূল।
- (3) সরলবৈথিক ক্ষেত্রের বাছগুলির দৈর্ঘ্যের সমষ্টিকে উহার পরিসীমা (perimeter) বলে।
- : আয়ভক্তের পরিসীমা=2 (দৈর্ঘ্য + প্রস্থা) এবং বর্গক্তের পরিসীমা=বাছর দৈর্ঘ্য × 4.
 - (4) ঘরের চারি দেওয়ালের ক্ষেত্রফল=2 (দৈর্ঘ্য+প্রান্থ) × উচ্চতা।
- (5) যে আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 4 মিটার ও প্রস্থ 3 মিটার তাহার ক্ষেত্রফল সাধারণভাবে 4 মিটার × 3 মিটার লেথা হয়; কিন্তু ভোমরা জান যে ছুইটি বন্ধ রাশির গুণফল সম্ভব নহে। সেজ্ব ব্য মি. × 3 মি. এরপ লেথা একটি প্রচলিত প্রথামাত্র, প্রকৃতপক্ষে উহার অর্থ এই যে 4×3 এই গুণফল ছারা ক্ষেত্রফলটিতে যত বর্গএকক আছে তাহার সংখ্যা বুঝার।
 - (6) ষবের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতাকে উহার মাত্রা (dimensions) বলা হয়।
- (7) 2 বর্গ মিটার ও 2 মিটার বর্গের পার্থক্য বুঝা আবশুক। 2 বর্গ মিটার দ্বারা বুঝার একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল যাহার দৈর্ঘ্য ও প্রস্তের গুণফল 2 বর্গমিটার (যথা, 2 মি. × 1 মি., অথবা 4 মি. × ½ মি. ইত্যাদি।)
- আর 2 মিটারবর্গ বলিলে বুঝায় একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল যাহার প্রত্যেক বাছর মাপ 2 মিটার (অর্থাৎ যাহার ক্ষেত্রফল হয় 2 মি. × 2 মি. বা 4 বর্গমিটার)।
- (৪) ক্ষেত্রফল নির্ণয়ে দৈর্ঘ্য ও প্রস্তুকে একই এককে পরিণত করিয়া লইতে হয় এবং ক্ষেত্রফলটি তত বর্গ একক হইবে।
 - (9) ক্ষেত্রকলের এককাবলী
 - (i) ইংলণ্ডীয় এককাবলী:-

144 বর্গ ইঞ্চি=1 বর্গফুট,
9 বর্গফুট=1 বর্গগজ,
301 বর্গগজ=1 বর্গপোল,
40 বর্গপোল=1 রুড,
4 রুড বা 4840 বর্গগজ=1 একর।

(ii) মেট্রিক এককাবলী:-

100 বর্গ মিলি মি.=1 বর্গ সে. মি.

100 বর্গ সে. মি.=1 বর্গ ডেসি মি.

100 বর্গ ডেসি মি.=1 বর্গমিটার

=1 সেটিআর

100 বর্গমিটার =1 বর্গ ডেকা মিটার

=1 對有

100 বৰ্গ ডে. মি.=1 বৰ্গ হেক্টো মি.

100 বর্গ হে. মি.=1 বর্গ কিলোমিটার

(iii) 1 বর্গ ডেকা মিটারকে 1 আর ধরা হয়,

100 সেটিয়ার=1 আর (Are)

100 আর =1 হেক্টার (Hectare)

100 ट्रिकांत = 1 वर्ग किलाभिष्ठांत ।

উদাহরণ 1. 10 একর পরিমাণ একটি বর্গাকার ক্ষেত্রের চারিদিকে বিড়া দিয়া ঘিরিতে গজ প্রতি 50 পর্মা হিদাবে কত খরচ হইবে ?

এখানে বর্গক্ষেত্রের ক্ষেত্রফল=10 একর=48400 বর্গগজ;

- ∴ উহার প্রত্যেক বাছ= √48400 গজ=220 গজ,
- ∴ মোট বেড়ার দৈর্ঘ্য = বর্গক্ষেত্রের পরিসীমা = 220 গজ × 4 = 880 গ.
- ∴ নির্ণেয় খরচ=50 পয়সা × 880=440 টাকা।

উদাহরণ 2. ৪ মিটার দীর্ঘ ও 6 মিটার প্রশস্ত একটি আয়তক্ষেত্রের। অতিভূজ বা কর্ণের পরিমাণ কত ?

(本何)2=((と)2+(全)2

- ∴ এখানে (কর্ণ)²=(8²+6²) বর্গ মি.=100 বর্গ মিটার
 - ∴ কর্ণ= √100 মি.=10 মিটার।

উদাহরণ 3. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ এবং উহাকে সমতল করিবার জন্ম প্রতি বর্গমিটারে 🔓 টাকা হিদাবে 1470 টাকা ব্যব্ন হইল। প্রতি মিটার 4 টাকা হিদাবে উহাকে তারের বেড়া দিয়া বিরিতে কত খরচ হইবে ?

এখানে দৈৰ্ঘ্য $=rac{3}{2}$ প্ৰস্থ। মাঠের ক্ষেত্ৰফল=(1470 টাকা \div_1^5 টাকা) বৰ্গমিটার $=rac{1470 imes16}{5}$ বৰ্গ মি.=294 imes16 বৰ্গ মিটার ;

বা,
$$(প্রস্থ)^2 = \frac{294 \times 16 \times 2}{3}$$
 বর্গ মি. = 196×16 বর্গ মি.


- ∴ প্রস্থ = √196×16 মি. = 14×4 মি. = 56 মিটার;
- ∴ দৈঘা=56 মি.× 3=84 মিটার।
- ∴ মোট বেড়ার মাপ=মাঠের পরিদীমা=2 (দৈর্ঘ্য+প্রস্থ)
 =2(84 মি.+56 মি).=280 মিটার।
- ∴ নির্ণেশ্ব খরচ=4 টাকা × 280=1120 টাকা।

উদাহরণ 4. 36 মিটার দীর্ঘ ও 19 মিটার বিস্তৃত একটি ঘর 1 মিটার পুরু দেওয়াল দিয়া ঘেরা এবং উহার বাহিরে চারিধারে 9 মিটার প্রশক্ত বারান্দা আছে। প্রতি বর্গমিটারে 50 পয়সা হিসাবে ঐ বারান্দার অন্ত কত খরচ হইয়াছে?

ঘরের মেঝের দৈর্ঘ্য 36 মি. ও প্রস্থ 19 মিটার।

ः पिख्यांन 1 मिछात्र शूक्,

দেওয়ালের বাহির দিকে
 ববের দৈর্ঘ্য=(36+1+1) বা
 38 মিটার এবং প্রস্থ=(19+2)
 বা 21 মিটার।




- ∴ চারিদিকের বারান্দার মোট দৈর্ঘ্য=(56+21)×2 মিটার;
 *হতরাং বারান্দার কালি=2(56+21)×9 বর্গ মি.=2×77×9 বর্গ মি.
- ∴ নির্ণের খরচ=2×77×9×50 প.=693 টাকা।

*[खर्श्डेवर : অগ্রভাবেও বারান্দার কালি নির্ণন্ন করা যায়। যথা, বারান্দার কালি=(38+2×9)×(21+2×9) বর্গ মিটার — 38×21 বর্গ মিটার = 1386 বর্গ মিটার।]

উলাহরণ 5. 150 মিটার দীর্ঘ ও 120 মিটার প্রশস্ত কোন আয়ত-ক্ষেত্রের তুই পার্শ্বের মধ্যস্থল হইতে 4 মিটার প্রশস্ত তুইটি পথ অপর তুইটি বিপরীত পার্শ্বের মধ্যস্থল পর্যন্ত গিয়াছে। প্রতি বর্গ মিটার 75 পয়্রসা হিসাবে পথ তুইটি পাকা করিতে কত থরচ

हहेरव ?

দৈখ্য বরাবর পথটির কালি=
150×4 বর্গ মি =600 বর্গ মি.:
এবং প্রস্ক বরাবর পথটির কালি
=120×4 বর্গ মি.=480 বর্গ মি.
∴ পথ জুইটির মোট কালি=
1600+480)ব.মি.=1080 ব.মি.।



কিন্তু পথ তুইটি যেস্থানে পরস্পর ছেদ করিয়াছে সেই ক**খগম** সাধারণ অংশের কালি —4 মি. × 4 মি. =16 বর্গ মিটার। মোট কালির সহিত এই শাধারণ অংশের কালি তুইবার ধরা হইয়াছে।

অতএব, যে অংশ পাকা করিতে হইবে তাহার মোট কালি
=1080 বর্গ মি.—16 বর্গ মি.=1064 বর্গমিটার।

· নির্ণেশ্ব খরচ=75 প. × 1064=798 টাকা।

উদাহরণ 6. 408 মিটার দীর্ঘ ও 231 মিটার প্রশস্ত একটি আয়তক্ষেত্রকে কডকগুলি পূর্ণদংখ্যক বর্গাকার টালির দারা ঢাকিতে হইবে। কোন্ বৃহত্তম শাপের টালি ব্যবহার করা যাইবে এবং ঐ টালি কতগুলি লাগিবে ?

অথানে টালিগুলি বর্গাকার বলিয়া উহাদের দৈর্ঘা ও প্রস্থ সমান। আবার পূর্ণসংখ্যক টালি লাগিবে বলিয়া টালির বাছ দ্বারা ক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ তুইটিই বিভাজ্য হওয়া চাই; স্বতরাং দেখিতে হইবে কোন্ বৃহত্তম রাশির দ্বারা 408মি. ও 231 মিটার বিভাজ্য। 408 মি. ও 231 মিটারের গ. সা. গু = 3 মিটার। ∴ 3 মি. × 3 মি. বা 3 মি. বর্গ এই বৃহত্তম মাপের টালি ব্যবহার করা ঘাইবে। আবার, নির্ণেশ্ব টালির সংখ্যা= $\frac{40}{3}$ স্থুর $\frac{1}{3}$ = 10472.

উদাহরণ 7. 12 মিটার দীর্ঘ, 8 মিটার প্রশস্ত ও 10 মি. উচ্চ একটি ঘরে প্রত্যেকটি 6 মি. × 4 মি. মাপের তুইটি দরজা এবং প্রত্যেকটি 5 মি. × 3 মি. মাপের চারিটি জানালা আছে। প্রতি বর্গ মিটার 3 পয়দা হিদাবে ঐ ঘরের দেওয়াল চারিটি চুনকাম করিতে কত থরচ হইবে ?

জানালা ও দরজা সমেত চারি দেওয়ালের কালি=2 (দৈর্ঘ্য +প্রস্ক)×উচ্চতা =2(12 মি.+৪ মি.)×10 মি.=400 বর্গ মিটার।

একটি দরজার কালি=6 মি.×4 মি.=24 বর্গ মিটার,

- 2টি দরজার কালি=24 বর্গ মি. × 2=48 বর্গ মিটার।
 আবার, 4টি জানালার কালি=5 মি. × 3 মি. × 4=60 বর্গ মিটার।
- দরজা ও জানালাগুলির মোট কালি=48 বর্গ মি.+60 বর্গ মি. =108 বর্গ মিটার।
- দেওয়ালগুলির যে অংশ চুনকাম করিতে হইবে তাহার কালি
 =400 বর্গ মি.—108 বর্গ মি.=292 বর্গ মিটার।
- ∴ নির্ণেয় খরচ=3 প.×292=876 প.=8 টাকা 76 পয়য়া।

প্রামালা 12

- একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য উহার প্রস্তের 3 গুণ এবং 1½ ডেসি মিটার্ব্দ বর্গ পাথর দিয়া উহাকে আর্ত করিতে 2028 খানা পাথর লাগে। ক্ষেত্রটির দৈর্ঘ্য কত ?
- 2. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 15 আর 68·16 বর্গ মিটার। উহার বাছর দৈর্ঘ্য কড?

- 3. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 10 একর। প্রতি গল্পে 40 পর্মনা হিদাবে উহার চারিধারে বেড়া দিতে কভ ধরচ লাগিবে ?
- একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 2028 বর্গ মিটার এবং উহার দৈর্ঘ্য
 প্রান্থের 1 র ওব ; উহার দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর ।
- 5. একটি রোলার দিয়া 96 আর 80 বর্গ মিটার পরিমিত জমির বাস কাটিতে 352 ডেকা মিটার ঘুরিতে হয়। রোলারটির দৈর্ঘ্য কত ?
- 6. 80 মিটার দীর্ঘ ও 60 মিটার প্রশস্ত আয়তক্ষেত্রের উপর একবার কোণাকোণি চলিলে কত পথ চলা হইবে ?
- ※ पा একটি বাগানের দৈর্ঘ্য 21 মিটার ও প্রস্থ 10 মিটার এবং উহার

 বাহিরে চারিধারে 2 মিটার প্রশন্ত একটি প্রথ আছে। প্রতি বর্গ মিটার

 5

 † পরসা হিসাবে প্রবিটি পাকা করিতে কত থরচ হইবে?
 - 8. একটি 40 একর পরিমিত বর্গক্ষেত্রকে ঘিরিয়া 30 ফুট প্রশস্ত একটি বাস্তা আছে। 2 ফুট দীর্ঘ ও 1 ফুট 6 ইঞ্চি প্রশস্ত প্রস্তব ঘারা রাস্তাটি প্রস্তক্ত করিতে কতগুলি প্রস্তব লাগিবে ?
 - 9. একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের 3 গুণ এবং প্রতি বর্গ মিটারে 7 টা. 50 প.
 হিলাবে ঘরখানি কার্পেট দিয়া ঢাকিতে 1102 টাকা 50 পরদা ব্যয় হইল।
 ঘরের দৈর্ঘ্য ও প্রস্থ কত ?
 - 10. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 48 মিটার ও প্রস্থের 3 গুণ। উহার পরিদীমার দমান পরিদীমাবিশিষ্ট বর্গক্ষেত্রকে 1'5 মি. × 6 মি. মাণের পাথর দিয়া বাঁধাইতে কতগুলি পাথর লাগিবে ?
 - 11. 16 মি. × 12 মি. পরিমিত একটি গৃহের মেঝে 3 মিটার প্রশ্নের কার্পেট দিয়া আবৃত করা হইল। প্রতি মিটার কার্পেটের মূল্য 1 টা. 50 প্রসাহইলে মোট কত ব্যয় হইল ?
 - 12. তুইটি বর্গক্ষেত্রের মোট ক্ষেত্রফল 1170 একর। একটি ক্ষেত্রের বাছ
 অপর ক্ষেত্রের বাছর গ্রী অংশ, প্রন্ত্যেক ক্ষেত্রের পরিমাণ কত ?
- * 13. 100 মিটার দীর্ঘ ও 80 মিটার বিস্তৃত মাঠের ভিতরে চারিধারে
 ধ মিটার প্রশস্ত একটি পথ আছে। পথটির ক্ষেত্রফল কত এবং উহাকে প্রক্তি
 বর্গ ডেকা মিটার 50 প্রদা হিদাবে বাধাইতে কত থরচ হইবে ?

- 14. 30 মিটার দীর্ঘ একটি গৃহে কার্পেট বদাইতে 150 টাকা থবচ
 হইল; কিন্তু উহার প্রস্থ 5 মিটার কম হইলে 120 টাকা ব্যয় হইত। গৃহটির
 প্রস্থ কড?
- 15. 6 হে. মিটার বাছবিশিষ্ট একটি বর্গক্ষেত্রের বাছিরে চতুর্দিকে 20 মি. প্রশন্ত পথ আছে। প্রতি বর্গ ভেকা মিটারে 1 টাকা 25 পরদা হিদাবে পথটি বাঁধাইতে কত থবচ লাগিবে ?
- 16. একটি খরের মেঝের ও ছাদের ক্ষেত্রফল একতে উহার চারি দেওরালের ক্ষেত্রফলের স্থান। খরের দৈখ্য 20 মিটার ও প্রস্থ 12 মিটার হুইলে, উহার উচ্চতা কৃত ?
- 17. 27 মি. 6 ভেদি মি. দীর্ঘ, 21 মি. 4 ভেদি মি. বিভূত ও 5 মিটার উচ্চ একটি গৃহের চারিটি দেওয়াল প্রতি বর্গ মিটার 5 পর্মা ছিলাবে কাগল দিয়া ঢাকিতে কত ব্যর হইবে ?
- 18. 452 মিটার দীর্ঘ ও 404 মিটার প্রশস্ত প্রাক্তণকে সমান বর্গাকার প্রস্তর দারা বাঁধাইতে বৃহত্তম কি মাপের প্রস্তর ব্যবহার করা যাইতে পারে ?
- 19. 21 মিটার দৈখা, 15 মিটার প্রস্থ ও 10 মিটার উচ্চতাবিশিট একটি মরের কেওয়ালগুলি 2 মিটার বিভ্ত কাগজ মারা আবৃত করা হইল। প্রতি মিটার কাগজের মূল্য 31 পরদা হইলে মোট কত ব্যর হইল ?
- 20. একটি গৃছের চারি দেওয়ালের ক্ষেত্রফল 660 বর্গ মিটার এবং মেবের ক্ষেত্রফল 270 বর্গ মিটার; উহার প্রস্থ 15 মিটার হইলে, ঘরটির উচ্চতা কড?
- 21. 385 মিটাৰ × 60 মিটার মাপের একটি প্রাঙ্গণকে পূর্ণদংখ্যক দ্যান বর্গাকার টালির ঘারা আরত করিতে হইলে, বৃহত্তম কি মাপের টালি ব্যবহার করা যার এবং সেই টালির দংখ্যা কত হইবে ?
- 22. একটি ঘরের উচ্চতা 13 মিটার এবং দৈর্ঘ্য প্রস্তের বিশুণ। উত্যার দেওয়ালগুলি ঢাকিতে 2 মিটার প্রস্তের 429 মিটার কাগজ লাগিল। ঘরটির মেবের ক্ষেত্রকল কন্ত ?
- 23. প্ৰতি বৰ্গ মিটাৰ 25 পদ্মলা হিসাবে একটি 10 মিটাৰ উচ্চ ও 20 মি. দীৰ্ঘ ঘৰের দেওমালগুলি বং ক্ষিতে 190 টাকা খবচ হইল। উচাৰ মেৰেৰ্ভে প্ৰতি বৰ্গ মিটাৰ 3 চল. 12½ লেট হিসাবে কাৰ্পেট ব্যাইতে কত খন্ত হইবে?

- 24. যে গৃছের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 12 মি., ৪ মি. ও 10 মিটার ভাছার চারিটি দেওয়ালকে 🖧 ডেসি মি. ×়েন্দ্র ডেসি মি. মাণের 2 প্রসার ভাক-টিকিট দিয়া আরুত করিতে কত ব্যব্ন হইবে?
- 25. 17 মি. 6 ভেদি মি. দীর্ঘ, 12 মি. 4 ভেদি মি. বিভ্ত ও 10 মি. উচ্চ একটি গৃহে 4 মি. × 3 মি. মাপের 3টি জানালা এবং 6 মি. × 4 মি. মাপের 2টি দ্বজা আছে। ঐ ঘরের দেওয়ালগুলিকে 3 মিটার চওড়া কাগজ দিয়া ঢাকিতে কত মিটার কাগজ লাগিবে?
- 26. একটি ঘরের দৈর্ঘ্য 24 মিটার ও উচ্চতা 12 মি. এবং উত্থার দেওরাল-ভালিকে চুনকাম করিতে প্রতি বর্গ মিটারে 6 পয়সা হিসাবে মোট 48 টাকা 96 পয়সা বায় হইল। ঘরটির প্রস্থ কত ?
- 27. 15 মিটার দীর্ঘ, 9 মিটার প্রশস্ত ও 10 মিটার উচ্চ একটি দরের
 চারিটি দেওয়াল 🗜 ডেসি মিটার × র্ব্ব ডেসি মিটার মাপের ছই পয়সার
 ভাক-টিকিট দিয়া ঢাকিতে কত থরচ হইবে ?
- 28. 16 মিটার প্রশস্ত ও 12 মিটার উচ্চ একটি ঘরে মাছর বদাইতে প্রতি বর্গ মিটারে 3 পর্মা হিদাবে 10 টাকা 92 পর্মা থরচ হইল। ঐ ঘরে 6 মি. × 3 মি. মাপের 6টি দরজা আছে, উহার দেওয়ালগুলিতে ঐ হারে কাগজ বদাইতে কভ থরচ হুইবে ?

[জাইব্য ঃ ঘরে কার্পেট বা মাছর লাগান (matting) হয় কেবল বেঝেতে এবং কাগল লাগান হয় কেবল চারিটি দেওয়ালে।]

- 29. একটি গৃহের দৈর্ঘ্য প্রস্থের বিগুণ। প্রতি বর্গ মিটারে 40 পরদা হারে উহাতে কার্পেট লাগাইতে 88 টাকা 20 পরদা এবং প্রতি বর্গমিটারে 9 পরদা হারে দেওরালগুলি বং করিতে 56 টাকা 70 পরদা বার হইল, ঐ গৃহের মাত্রা (দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা) নির্ণর কর।
- *30. 15 মিটার দীর্ঘ ও 12 মিটার প্রশস্ত একটি আয়তাকার বাগানের ছই পার্খের মধ্যত্বল ছইতে 4 ডেসি মি. বিভ্ত ছইটি রাস্তা অপর ছই বিপরীত পার্খের মধ্যত্বল পর্যস্ত সোজা পিরাছে। প্রতি বর্গ ছেসি মিটারে 1 টাকা 50 পয়লা হারে ঐ রাস্তা ছইটি বাধাইতে কত ব্যয় হইবে ?

- *31. একটি ঘরের ভিতরের দৈর্ঘ্য 42 মিটার এবং প্রস্থ 22 মিটার।
 উহার দেওয়াল 5 ডেসিমিটার পুরু এবং উহার বাহিরে চারিপার্যে 2 মি5 ডেসিমি. প্রশস্ত একটি বারান্দা আছে। 5 ডেসিমি. × 4 ডেসিমি. মাপের
 টালি ছারা ঐ বারান্দা পাকা করা হইল। প্রভ্যেক টালির মূল্য 20 পর্বসা
 হইলে মোট কত বার হইয়াছে ?
- 32. 100 মিটার দীর্ঘ ও 50 মিটার প্রশস্ত একটি আয়তাকার প্রালণে দৈর্ঘা ও প্রস্থোক ব মান্তবাল 4 মিটার বিস্তৃত তুইটি বাস্তা আছে। প্রতি বর্গ মিটার বাধাইতে 75 পয়দা এবং কাঁকর বদাইতে 37.5 পয়দা ব্যয় হয়। রাস্তায় কাঁকর বদাইতে ও প্রালণটি বাধাইতে মোট কত ব্যয় হইবে ?

*83. 36 মি. দীর্ঘ ও 19 মি. বিস্তৃত একটি গৃহের দেওয়ালগুলি 1 মিটার পুরু এবং উহার বাহিরে চারিধারে 9 মিটার প্রশস্ত একটি বারান্দা আছে। প্রতি বর্গ মিটারে 8 পরদা হারে বারান্দাটি পাকা করিতে কত ব্যন্ত হটবে ?

34. ঘণ্টার 3 মাইল বেগে চলিয়া এক ব্যক্তি একটি আয়তক্ষেত্রের একধার 5 মিনিটে এবং চারিধার 14 মিনিটে চলিতে পারে। ঐ ক্ষেত্রের ক্ষেত্রফল একরে নির্ণর কর।

[ঢা. বো. 1946]

ঘন পরিমাণ

পূৰ্বশ্ৰেণীতে তোমরা ইহা শিথিয়াছ।

যাহার দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ (বা উচ্চতা) আছে এরণ বস্তুকে ঘল বা ঘলবর্ত্ত (solid) বলে।

ঘনবন্ধর দৈর্ঘ্য, প্রস্থ ও বেধকে (বা উচ্চতা বা গভীরতাকে) ইহার মাত্রী (dimensions) বলে। ঘনের উপরিভাগকে পৃষ্ঠ বা তল (surface) বলে।

কোন ঘনবন্তর তলগুলি দ্বারা সীমাবন্ধ স্থানের পরিমাণকে উহার ঘলফর্ল, ঘলনাল বা আয়তন (volume) বলে।

যে ঘনের ছয়টি সমতল পৃষ্ঠ আছে এবং যাহার হুই হুইটি বিপরীত পৃষ্ঠ সমান্তরাল ও সর্বসম তাহাকে চৌপল (parallelopiped) বলে।

যে ঘনের তলগুলি আয়তক্ষেত্র তাহাকে সমকোণী চৌপল বা আয়তিক ঘল (Rectangular parallelopiped) বলে। যথা—ইপ্তক, বাক্স প্রভৃতি। যে ঘনের ছয়টি পৃষ্ঠের প্রত্যেকটি এক একটি বর্গক্ষেত্র অর্থাৎ যে সমকোণী চৌপলের দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ পরস্পর সমান, তাহাকে ঘলক বা ঘলক্ষেত্র (cube) বলে। কোন সমকোণী চৌপলের ঘনফল=দৈর্ঘ্য × প্রেম্ব × বেধ ;

∴ देवर्ष)=चनकन÷(अन्छ×दन्ध)

थ्रेष्ड= घनकन÷(रेषर्घा× दव्ध)

दिव वा উक्कडा= चनकन ÷(देनच्छ × श्रेष्ट)

जयदकांनी होशतनत शृष्ठिकन :

সমকোণী চৌপলের পৃষ্ঠগুলি এক একটি আয়তক্ষেত্র; স্থতরাং উহার ছয়টি

পৃষ্ঠের মোট

ক্ষেত্রফল = 2(দৈর্ঘ্য × প্রন্থ + দৈর্ঘ্য × বেধ + প্রন্থ × বেধ)।

যদি ঐ দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ যথাক্রমে a, b, c দৈর্ঘ্য একক হয়,

তবে সমকোণী চৌপলের ঘনফল = 2(ab + ac + bc) বর্গ একক;

উহার ঘনফল = abc ঘন একক;

এবং উহার কর্ণ= $\sqrt{(2\pi i)^2 + (2\pi i)^2 + (2\pi i)^2}$ = $\sqrt{a^2 + b^2 + c^2}$ দৈখ্য একক।

খনকের পৃষ্ঠফল বা ভলপরিমাণঃ

খনকের প্রত্যেক ধার পর পর সমান বলিয়া প্রত্যেক তল বা পৃষ্ঠের ক্ষেত্রফল 《বা পৃষ্ঠফল)≐(ধার)²।

অতএব উহার ছমটি পৃষ্ঠের স্বোট পৃষ্ঠফল=6×(ধার)² বর্গ একক। অনকের ঘনফল=(ধার)³=(বাহ)³=a³ ঘন একক (: ঘনকের মাত্রাগুলি দমান)

ঘনকের কর্ণ=বাছ × 13 দৈর্ঘ্য একক। ঘনফলের এককাবলীঃ

- (1) ইংলগ্ডীয় এককাবলী
- 12³ বা 1728 ঘন ইঞ্চি (cubic inch)=1 ঘনফুট (cubic foot); 3³ বা 27 ঘনফুট=1 ঘনগজ (cubic yard),
- (2) মেট্রিক এককাবলী
 1000 ঘন সে. মি.=1 ঘন ডেসি মিটার
 1000 ঘন ডেসিমি.=1 ঘন,মিটার
 1000 ঘন মিটার=1 ঘন ডেকামিটার, ইত্যাদি।

নিমে কতিপয় সমাধান দেখান ছইল।

উদাহরণ 1. একটি ঘরের দৈর্ঘ্য প্রস্তের বিগুণ ও উচ্চতার তিনগুণ এবং উহাতে 288 ঘনমিটার বায়্ধরে। ঘরটির মেঝের ক্ষেত্রফল কভ ?

এথানে প্রস্থ
$$=\frac{\overline{c_{\mathbf{F}}}\mathbf{v}_{\mathbf{I}}}{2}$$
, উচ্চতা $=\frac{\overline{c_{\mathbf{F}}}\mathbf{v}_{\mathbf{I}}}{3}$

चाराव, रेनर्श×श्रञ्ध×ष्ठक्रण=288 घन मिहोत,

: দৈর্ঘ্য × দৈর্ঘ্য × দৈর্ঘ্য = 288 ঘন মিটার,

ৰা, (দৈখা)³ = 288 ঘন মিটার,

ৰা, (দৈখ্য)³=288 ঘন মি.×6=1728 ঘন মি.=(12)³ ঘন মিটাৰ,

দৈশ্য=12 মিটার।

নির্ণেয় মেঝের ক্ষেত্রফল
 নির্ণা
 সপ্র
 পর
 নির্ণা
 সপর
 নির্না
 নির্ণা
 সপর
 নির্ণা
 সপর
 নির্না
 ন

=12×12 বৰ্গ মি.=72 বৰ্গমিটাৰ।

উদাহরণ 2. একটি বর্গাকার পাতে 14 মিরি. গ্রাম 4 কি. গ্রাম জল ধরে এবং এক ঘন ডেসিমিটার জলের ওজন 1 কি. গ্রাম। পাত্রটি 4 ডেসিমিটার পতীর হইলে উহার দৈর্ঘ্য ও প্রস্থ কত ?

জলের মোট ওজন=14 মিরিয়া গ্রা. 4 কি. গ্রাম=144 কি. গ্রান 1 খন ডেসি মিটার জলের ওজন=1 কিলো গ্রাম।

ে পাত্রটির ঘনফল=(144÷1) ঘন ডেসি মি.=144 ঘল ডেপিমিটার,
কিন্ত উহার পভীরতা=4 ডেসি মিটার

: বর্গাকার পাত্রটির মেঝের কালি=124 বর্গ ডেসি মি.=36 বর্গ ডেসিমি

∴ উহার দৈর্ঘ্য ও প্রস্থ প্রভাকটি= √36 ডেসি ক্সি.=6 ডেসি মিটার টি

উদাত্রণ 3. 16 মিটার দীর্ঘ, 14 মিটার বিস্তৃত ও 10 মিটার উচ্চ কোর্ন চৌবাদার ভিতরের চারিধারে দীসার পাত বসান হইল। এক বর্গ মিটার দীবার পাতের ওজন 12 ডে. গ্রাম এবং এক কি. গ্রাম দীসার মূল্য 1 টাকা 5 পরসা হইলে মোট কত ব্যর হইল ?


ভিতরের চারিধারের ক্লেত্রফল=2(দৈঘ্য:+প্রস্থ)×উচ্চতা
=2(16 মি.+14 মি.)×10 মি.=600 বর্গ মি.;

600 বর্গ মি. দীদার পাতের ওজন=600×12 জে. গ্রা.=72 কি. গ্রাম ;
1 কি. গ্রা. দীদার মৃল্য=1 টা. 5 প.=21 টা.

নির্ণেয় খরচ=²¹/₂₀ টা. ×.72=75 টাকা 60 পয়দা।

উদাহরণ 4. 30 মিটার দীর্ঘ ও 27 মিটার বিস্তৃত একটি আয়তক্ষেত্রের চারিদিকে 10 মি. উচ্চ ও 1 মি. 5 ডেসি মি. পুরু প্রাচীর নির্মাণ করিতে $\frac{1}{2}$ মি. দীর্ঘ, $\frac{1}{3}$ মি. বিস্তৃত ও $\frac{1}{4}$ মি. পুরু কতগুলি ইট লাগিবে ?

প্রাচীরের মোট দৈর্ঘ্য
=2{(30+1½×2)+27} মি.
=2(33+27) মি.=120 মি.;
প্রাচীরের উচ্চতা=10 মি.
বং উচ্বার বেধ=1 মি. 5 ডেসি মি.
= % মি.।



় প্রাচীরের ঘনফল

=120 মি.×3 মি.×10 মি.

=1800 ঘন মিটার।

প্রত্যেক ইটের ঘনফল= 1 মি. × 1 মি. × 1 মি. = 1 ঘন মিটার।

∴ নির্ণেয় ইটের সংখ্যা=1800 ঘন মি. ÷ ½ ঘন মি. = 43200.

উদাহরণ 5. অর্থ ডেসি মিটার পুরু কার্চ বারা নির্মিত একটি বারের বিছির্ভাগের দৈর্ঘ্য 16 ডেসি মি., প্রস্থ 12 ডেসি মি. ও উচ্চতা 7 ডেসি মি.। (1) বারাটির ভিতরের ঘনফল কত? (2) উহার জন্ম কত বর্গ ডেসি মিটার কার্চির ওজন 10 কিলো গ্রাম হইলে কার্চির ওজন কত?

- (1) এখানে কাষ্ঠ ½ ডেসি মি. পুরু বলিয়া বান্ধটির ভিতরের দিকে দৈর্ঘ্য,
 শ্রেছ ও উচ্চতা (½ ডেসি মি. × 2) বা 1 ডেসি মি. করিয়া কম হইবে।
 - ∴ বাক্সটির ভিতরের ঘনফল=15×11×6 ঘন ডেসি মি. =990 ঘন ডেসি মিটার।

(2) বাক্সটিব মোট ঘনফল=16×12×7 ঘন ডেসি মি.

=1344 ঘন ডেসি মিটার,

এবং উহার ভিতরের ঘনফল=990 ঘন ডেসি মিটার,

- : কাষ্টের মোট ঘনফল=(1344-990)ঘ.ডেদি মি.=354ঘ.ডেদি মি.;
- : নির্ণেয় কার্ছের পরিমাণ=354 ঘন ডেদি মি. ÷ টু ডেসি মি.

=708 বৰ্গ ডেনি মিটাৰ।

(3) বাক্সটির ওজন=354 ঘন ডেসি মি. কাঠের ওজন

= $\frac{354}{1000}$ ঘন মি. কাঠের ওজন

= $\frac{354}{1000} \times 10$ কি. গ্রাম

= 3 কি. গ্রা. 540 গ্রাম।

প্রশ্বালা 13

- 2. একটি চৌবাচ্চায় 750 গ্যালন ভৈল ধরে। এক গ্যালন ভৈলের ওজন
 5 কি. গ্রাম এবং 1 ঘন মিটার ভৈলের ওজন 31½ কি. গ্রাম ধরা হইলে, কও
 ঘন মিটার ভৈলে ঐ চৌবাচ্চাটি ভর্তি করা যাইবে ?
- 3. মনে কর, 1 গ্যালন ভৈলের ওজন 160 গ্রাম এবং 1000 গ্রাম তৈল

 1 খন ডেলি মি. খাধারে থাকে। 12 ডেলি মি. × 10 ডেলি. মি. × 2.5 ডেলি মি.
 ভারতনের চৌবাচ্চার কত গ্যালন ভৈল ধরিবে ?
- 4. কোন স্থানে 7" বৃষ্টিপাত হইল। যদি প্রতি ঘনফুট জলের ওজন ৪০০ আউল হয়, ভবে ঐ স্থানে প্রতি একরে কত টন বৃষ্টিপাত হইয়াছে ?
- 5. একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের 3 গুণ এবং উচ্চতার 5 গুণ এবং উত্তাতে 14400 ঘন মিটার বায়্ধরে। ঘরটির মেঝের ক্ষেত্রফল কত ?
- 6. 5% মিটার গভীর কোন বর্গাকার চৌবাচ্চায় 17 কুই. 92 কি. প্রাম হৈল ধরে। এক ঘন মিটার তৈলের ওজন 10 কি. প্রাম হুইলে চৌবাচ্চাটির দৈর্ঘ্য ও প্রস্থ কত।

- 7. 18 মিটার দীর্ঘ, 12 মিটার বিস্তৃত ও 4 মিটার উচ্চ কোন চৌরাচ্চার ভিতরের চারি গাত্রে সীদার পাত বদান হইল। এক বর্গ মিটার সীদার পাতের ওদন 14 হে. গ্রাম এবং এক কি. গ্রাম সীদার মূল্য 25 প্রদা হইলে মোট কভ ব্যায় হইবে ?
- 8. একটি চৌবাচ্চায় 243¾ ঘন মিটার জল ধরে। 4⅓ মিটার গভীর অন্য একটি বর্গাকার ভলবিশিষ্ট চৌবাচ্চায় যদি উহার 4 গুণ জল ধরে, ভবে ছিতীয় চৌবাচ্চাটির দৈর্ঘ্য কভ ?
- 9. 10 ু ডেসি মিটার গভীর একটি চৌবাচ্চার দৈর্ঘ্য বিস্তারের দিগুণ এবং উহাতে 13 কুই. 44 কি. গ্রাম জল ধরে। এক ঘন ডেগি মিটার জলের ওসন 1 কি.গ্রাম হইলে চৌবাচ্চাটির দৈর্ঘ্য ও বিস্তার কত?
- 10. 120 মিটার দীর্ঘ ও 90 মিটার বিস্তৃত একটি আরভাকার উভানের বাহিরে চারিদিকে 6 মিটার উচ্চ এবং ই মিটার পুরু প্রাচীর প্রস্তৃত করিতে ই মি. দীর্ঘ, ই মি. প্রশস্ত ও 25 সেটি মিটার পুরু কভগুলি ইট কাগিবে?
- 11. এক ডেনি মিটার পুরু কাঠের তক্তা বারা একটি বাল প্রস্তুত করিছে ছইবে। বাল্লটির অন্তর্ভাগের দৈর্ঘ্য, প্রস্তু ও উদ্ধৃতা যথাক্রমে 15 ডেনি মিটার, 12 ডেনি মি. ও ৪ ডেনি মিটার হইলে, উহা প্রস্তুত করিতে কত খন ডেনি মিটার ভক্তা লাগিবে?
- 12. একটি বাক্সের বহির্ভাগের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 16 ডেসি
 মিটার, 12 ডেসি মিটার ও 10 ডেসি মিটার। অর্থ ডেসি মিটার পুরু তব্জা
 দারা উহা প্রস্তুত করা হইল। এক ঘন মিটার তক্তার ওজন 4 কি. গ্রাম
 হইলে বাক্সটির ওজন কত?
- 13. 60 মিটার দীর্ঘ ও 30 মিটার বিস্তৃত একটি আয়তাকার বাগানকে তারিধারে 9 মিটার উচ্চ ও 1 মিটার পুরু দেওয়াল দিয়া ঘেরা হইল। প্রত্যেক ইটের মাপ 4 ভেদি মি.×3 ভেলি মি.×1 ভেদি মিটার হইলে, ঐ দেওয়াল গাঁথিতে মোট কভ ইট লাগিয়াছিল?
- 14. একটি আয়তাকার উচ্চানের দৈর্ঘ্য 100 মি. ও প্রস্থ 60 মিটার। উহার বাহিরে চারিপার্থে 5 মি. প্রশস্ত পথ আছে। ঐ পথে $2\frac{1}{5}$ ডেসি মি. পুরুক্তিরা কাঁকর বিছাইতে প্রতি ঘন মিটারে 40 পয়সা হিসাবে কত ব্যয় হইবে?

- 15. 120 মিটার দীর্ঘ ও 100 মিটার প্রশন্ত একটি জমির মাঝে 60 মিটার দীর্ঘ ও 50 মিটার প্রশন্ত একটি তৃণাচ্ছাদিত অংশ আছে। জমিটির অবশিষ্ট আংশে 5 ডেসি মিটার পুরু করিয়া কাঁকর ফেলিতে প্রতি ঘন মিটারে 50 পরসা হিসাবে কত থরচ হুইবে ?
- 16. 12 মিটার দীর্ঘ, ৪ মিটার বিস্তৃত ও 6 মিটার গভীর একটি চৌবাচ্চায়
 4 মিটার গভীর জল আছে। 5 ভেলি মি. × 3 গুডেলি মি. × 2 গুডেলি মিটার
 নাজাযুক্ত কভগুলি ইট উহাতে ফেলিলে জল চৌবাচ্চার ঠিক কানার কানায়
 উঠিবে ? [এখানে ইট জল শোষণ করে না মনে কর।]
- 17. এক ঘনষ্ট জলের ওজন 1000 আউস। ছই একর পরিমিত জমিতে বক্তার 4000 টন জল দাঁড়াইল। ঐ জলের গভীরতা কত ইঞ্চি (ছই দশমিক স্থান পর্যস্ত)?
- 18. 225 মিটার দীর্ঘ, 150 মিটার প্রশস্ত ও 11 মিটার গভীর একটি চৌবাচ্চা জলপূর্ণ আছে। 5 মিটার দীর্ঘ, 5 মিটার প্রশস্ত ও 2½ মিটার গভীর 12 থানি জলের গাড়ীতে কতবার জল লইলে চৌবাচ্চার জল 5 ভেসি মিটার কমিয়া যাইবে?
- *19. একটি লোহ-সিন্দুকের দৈর্ঘ্য 30 ভেসি মিটার, প্রস্থ 24 ভেসি মিটার এবং উচ্চতা 33 ভেসি মিটার ; উহা 2 ভেসি মিটার পুরু লোহ হারা প্রস্তুত এবং উহার ওজন 23½ কুইন্টাল। 2½ ভেসি মিটার পুরু লোহে প্রস্তুত 35¼ কুইন্টাল ওজনের অন্ত একটি সিন্দুকের দৈর্ঘ্য 34 ভেসি মিটার এবং প্রস্থ 25 ভেসি মিটার হইলে উহার উচ্চতা কত ?
- *20. 40 ফুট দীর্ঘ ও 32 ফুট প্রশস্ত একটি চৌবাচ্চা হইতে 2400 প্যালন জল তুলিয়া লওয়া হইল। যদি প্রতি ঘনফুটে 7 গ্যালন 2 কোয়াট জল থাকে, তবে জলের পভীরতা কত কমিয়া গেল ?

THE REPORT OF THE PARTY OF THE

শতকরা হিসাব (Percentage)

53. শন্তকরা (Per cent) কথাটির দারা প্রতি শতে অর্থাৎ প্রত্যেক 100তে ব্রায়। এইরূপ একশতের উপর যে হিসাব করা হয়, তাহাকে শতকরা হিসাব বলে।

মনে কর, ভোমার নিকট 10 টাকা ছিল। তুমি তাহা হইতে 3 টাকা খরচ করিয়াছ। তাহা হইলে বলা যায় যে, তুমি তোমার টাকার 🖧 অংশ থরচ করিয়াছ। উহার হরকে বদি 100তে পরিণত করা হয়, তবে উহা হইবে রুমানি বা নঠত তোমরা ভগ্নাংশ শিথিবার সময় দেথিয়াছ যে, নঠত বলিলে 100 ভাগের 30 ভাগ বুঝায়। নঠত এবং নঠ একই ভগ্নাংশ, হভরাং বুঝা গেল যে, 10-এর মধ্যে 3 যাহা, এক শতের মধ্যে 30-ও তাহাই। অভএব বলিতে পারা যায় যে, তুমি শতকরা 30 টাকা থরচ করিয়াছ।

এখানে অৰশ তুমি প্ৰকৃতপক্ষে 30 টাকা খরচ কর নাই, মাত্র 3 টাকা খরচ করিবাই, মাত্র 3 টাকা খরচ করিবাই 100 টাকাতে 30 টাকাই খরচ হয়। ইছা অন্ত প্রকারে বুঝিয়া দেখ,

তুমি 10 টাকায় থবচ করিয়াছ 3 টাকা

অতএব " 1 " " " ³ "

: "100 " " " ³×100 টাকা বা 30 টাকা।

ইহা হইতে দেখিলে যে 1% অংশও যাহা, শতকরা 30-ও তাহাই। স্বতরা কোন ভগ্নাংশকে 100 দিয়া শুণ করিলেই শভকরা হিলাব পাওয়া বায়।

আৰার দেখ, যদি বলা হয় যে, শতকরা 40 জন ৰালক পরীক্ষায় উত্তীর্ণ ইইয়াছে, তবে বৃঝিবে যে প্রত্যেক 100 জনের মধ্যে 40 জন অর্থাৎ বালক ওলির 100 ভাগের 40 ভাগ বা কিও উত্তীর্ণ হইয়াছে। ইহা হইতে জানা গেল বে, শতকরা কত বলা থাকিলে ভাহাকে 100 দিয়া ভাগ করিলে ভাহা ভগ্নাংশে প্রকাশিত হয়।

শতকরা বুঝাইবার জন্ম '%' এই সাঙ্গেতিক চিহ্নটি ব্যবহার করা হয়। স্থতরাং 30% ছারা বুঝায় শতকরা 30.

ক্তিপয় প্রয়ের সনাধান

উদাহরণ 1. শতকরা 55-কে অর্থাৎ 55%-কে ভগ্নাংশে প্রকাশ কর।
শতকরা 55 বা 55%=100 ভাগের 55 ভাগ= $\frac{55}{100}$ = $\frac{1}{20}$ অংশ।
উদাহরণ 2. 40 গ্রাম চিনির শতকরা 15 বলিলে কভ গ্রাম বুঝার ?

শভকরা $15 = \frac{15}{100}$; : : 40 গ্রামের শভকরা 15 = 40 গ্রাম $\times \frac{15}{100} = 6$ গ্রাম

উদাহরণ 3. 🕏 ভগ্নংশটি বারা শতকরা কত হার বুঝায় ?

 $\frac{4}{5} = \frac{4}{5} \times \frac{20}{20} = \frac{80}{100}$; অতএব, নির্ণেম্ন শতকরা হার=80.

উলা**হরণ 4.** কোন তুর্গে 5400 দৈল ছিল। উহাদের শতকরা 71 জন মারা গেল, মোট কড দৈল মারা গেল ?

শতকর।
$$7\frac{1}{2} = \frac{7\frac{1}{2}}{100} = \frac{15}{2 \times 100} = \frac{3}{40}$$
 অংশ।

ে মোট মৃত সৈল্পের সংখ্যা = 5400×3 = 405.

উদাহরণ 5. কোন ব্যক্তি 9000 টাকা ধার দিয়া 750 টাকা হ্বদ পাইল। শতকরা হলের হার কত ?

9000 টাকার উপর হৃদ=750 টাকা

 \therefore 1 , , = $\frac{750}{9000}$ টাকা

 $\therefore 100 ,, , = \frac{750}{9000} \times 100 \text{ bivi} = 8\frac{1}{3} \text{ bivi}$

উদাহরণ 6. কোন পরীক্ষায় শতকরা 20 জন অক্তকার্য হইল। যদি মোট 400 জন পরীক্ষায় উত্তীর্ণ হইয়া থাকে, তবে কতজন পরীক্ষা দিয়াছিল ?

অহতীর্ণ ইয়াছে শতকরা 20 জন, হতরাং উত্তীর্ণ ইইয়াছে শতকরা (100-20) বা 80 জন।

স্তরাং, সমস্ত সংখ্যার 80% = 400 জন

∴ , 100%=400 × 100=500 জন। অভএব 500 জন পরীকা দিয়াছিল।

্ লেইব্যঃ কোন সংখ্যার 100% বলিলে সেই পুরা সংখ্যাকে বুঝায়। (অথবা) শতকরা $80 = \frac{80}{100} = \frac{4}{5}$. অতএব, নির্ণেম সংখ্যার $\frac{4}{5} = 400$, : নির্ণেয় সংখ্যা=400×2=500.

উদাহরণ 7. চাউলের মূল্য 12½% কমাতে টাকায় 2 কিলো গ্রাম চাউল বেশী পাওয়া গেল। পূর্বে টাকায় কত চাউল পাওয়া যাইত ?

$$12\frac{1}{2}\% = \frac{12\frac{1}{2}}{100} = \frac{1}{8}$$

পূর্বে টাকায় যত চাউল পাওয়া যাইত, দাম কমাতে এখন $(1-\frac{1}{8})$ টাকায় বা 🖁 টাকায় তত চাউল পাওয়া গেল। বাকি যে ৄটাকা রহিল তাহাতে আরও 2 কিলো গ্রাম চাউল পাওয়া গেল। অতএব, এখন 🚦 টাকায় 2 কি. প্রাম চাউল পাওয়া যায়, স্থতরাং টু টাকায় উহার 7 গুণ বা 14 কি. প্রা. চাউল পাওয়া গিয়াছে। অতএব পূর্বে উহাই অর্থাৎ 14 कि. গ্রা. চাউল 1 টাকার পাওয়া যাইত।

উদাহরণ ৪. চায়ের ম্ল্য 20% বাড়িল। চায়ের জন্ম বৃদ্ধি না করিয়া গৃহস্থকে পরিমাণে শতকরা কত হারে চা কেনা কমাইতে হইবে ?

এখন চায়ের বর্ধিত মূল্য = পূর্ব মূলাের 188.

স্তরাং বায় বৃদ্ধি না করিয়া এখন গৃহস্থকে পূর্বে যে পরিমাণ চা কিনিভে <u> हरेज जाराज रे०० बरम वा है जरम किनिएज हरेख।</u>

হ্রাদের পরিমাণ=পূর্ব পরিমাণের (1-%) বা है অংশ =পূর্ব পরিমাণের 180% বা 163%.

পরিমাণে 16%% চা কম কিনিতে হইবে।

উদাহরণ 9. কাপড়ের মূল্য 15% বেশী হইয়াছে। কোন গৃহস্ক কাপড়ের জন্ম পূর্বের থবচ বজায় বাথিতে হইলে শতকরা কত হাবে কাপড়ের পৰিমাণ কম কিনিতে হইবে?

কাপজের বর্তমান মূল্য পূর্বের মূল্যের 165,

- গ্ৰুম্বকে কাপড়ের পূর্ব পরিমাণের ११% অংশ কিনিতে হইবে।
- ত্রাসের পরিমাণ=পূর্ব পরিমাণের (1-10%) অংশ বা তুর অংশ =পূর্ব পরিমাণের ^৪²নু³⁰% বা 13 নু³% (উত্তর)।

উদ্ধাহমণ 10. কোন ব্যক্তির প্রত্যেক বৎদরে 10% হারে বেতন বুদ্ধি হুইয়া তৃতীয় বংসরে 484 টাকা বেতন হুটল। প্রথমে তাহার বেতন কড ছিল?

10% বৃদ্ধির অর্থ 100 টাকার স্থানে 110 টাকা হওয়া। অতএব, পূর্ব বৎসরের বেতন পর-বৎসরের বেতনের 👯 🕾 শ। এখানে স্কৃতীয় ৰৎসৱের প্রথমে বেতন হইয়াছে 484 টাকা,

- ∴ দিতীয় বংসবেৰ গোড়ায় বেন্তন ছিল 198×484 টাকা
- ু: প্রথম " " 198×198×484 时本1.

=400 টাকা (উত্তর)।

প্রসালা 14

মুখে মুখে শতকরা হারগুলিকে সামান্ত ভগ্নাংশে প্রকাশ কর:-

1. শতকরা 5

2. শতকরা 12

3. শতকরা 25

4. 55% **5.** 75% **6.** 40%

নিলের শতকরা হারগুলিকে সামাক্ত তগ্নাংশে পরিণত কর :—

শতকরা 80
 শতকরা 12 ু
 শতকরা 3 ৣ

10. $6\frac{2}{3}\%$ **11.** $14\frac{2}{7}\%$ **12.** $8\frac{1}{3}\%$

13. 131%

14. $16\frac{2}{3}\%$ 15. $18\frac{3}{4}\%$

16. 331%

17. 26²/₃% 18. 2²/₉%

নিজের শতকরা হারগুলিকে দশ্মিক ভগ্নাংশে পরিণত কর :--

19. 18% 20. 55% 21. 35%

22. 6²/₃% 23. 2¹/₈% 24. 37¹/₂%

মুখে মুখে ভগ্নাংশগুলিকে শভকরা হারে প্রকাশ কর:-

25. $\frac{1}{4}$ **26.** $\frac{3}{8}$ **27.** $\frac{7}{25}$ **28.** $\frac{9}{20}$ **29.** $\frac{1}{8}$

নিলের ভগ্নাংশগুলিকে শতকরা হারে প্রকাশ কর:— 33. 125

32, 71 30. $\frac{8}{15}$ 31. $2\frac{1}{10}$ 16

36. 35. .05 34.

আৰু নিৰ্ণয় কর :--

38. 70 কুইন্টালের 35% 37. 240 ट्रांकांब 15%

40. 4 কি. প্রা. 4 হে. প্রামের 71% 39, 12 টাকা 8 পরদার 121%

250 মি. 15 সে. মি. এর 20% 24 निर्धात्वत्र 37%% 42. 41. শভৰুৱা হার নির্ণয় কর:—

44. 75 होकान मध्य 35 होका 43. 60এর মধ্যে 25

45. 1 টাকা 5 পরদার মধ্যে 21 পরসা

47. 70 গ্রামের মধ্যে 60 গ্রাম 46. 31 अब मध्य है

48. 7 মি. 5 ভেদি মিটারের মধ্যে 3 ভেদি মিটার।

49. প্রতি টাকার যদি 5 পরদা লাভ হইয়া থাকে, তবে শতকরা কড লাভ লইল প

50, কত টাকার 12½% খনচ করিলে 320 টাকা খরচ হয় ?

51. কত কিলো গ্রামের 3 % খরচ হইলে 58 কিলোগ্রাম থাকে ?

১52. 15 টাকা কত টাকার 20% ?

53. একটি প্রামে 7500 জন অধিবাসীর মধ্যে 6000 জন হিন্। ঐ গ্রামে শতকরা কতজন হিন্দু?

/ ১54. কোন বিভালরে যত ছাল ছিল, তাহাদের মধ্যে শতকরা 20 ছিসাবে

180 জন অমুপন্থিত ছিল। 💣 বিভালয়ে মোট ছাত্রদংখ্যা কত ?

55. আমার নিকট যত টাকা ছিল তাহার শতকরা 37ট্র খরচ করিয়া দেখিলাম তথনও আমার নিকট 40 টাকা আছে। পূর্বে আমার নিকট কত छोका छिन ?

56. 1910 লালে কোন শহরের লোকসংখ্যা ছিল 75000, 1920 লালে লোকদংখ্যা চ্টল 95000. ঐ কয় বৎসরে শতকরা কড লোক বাড়িয়াছিল ?

57. কোন লোকানদার 1250 টাকা ম্লখনের উপর 250 টাকা লাভ · করিলে ভাহার শতকরা কত লাভ হইয়াছিল ?

58. 27 টাকার একটি গরু বিজয় করিয়া শতক্রা 25 টাকা লোকসান रहेन। शक्षित श्रक्त म्ना कर।

59. একটি ঘড়ি আমেরিক। হইতে এথানে আনিতে শতকরা 10 টাকা শুল্ক দিতে হইল। যদি উহার জন্ম শুল্কসমেত 33 টাকা ধরচ হইয়া থাকে, তবে উহার প্রকৃত মুশ্য কত ?

60. যদি কাপড়ের মূল্য 75% বৃদ্ধি পায়, তবে কাপড়ের খরচ ঠিক রাখিতে হলে গৃহস্ককে শতকরা কি পরিমাণ কাপড় ক্রয় কমাইতে ছইবে ? [ক.প্র. ,22]

- 61. গমের মূল্য শভকরা 10 হারে কমিয়া যাওরায় টাকায় 5 ভেকা প্রাম গম বেক্স পাওরা যায়। পূর্বে টাকায় ভত গম পাওরা যাইত ?
- 62. বাকদ প্রস্তুত করিতে শতকরা 20 ছারে সোরা, শতকরা 30 গম্বক এবং বাকি অংশ কয়লা লাগে। 40 কিলো গ্রাম বাক্রদ প্রস্তুত করিতে কোন্ স্ব্যু ক্ত লাগিবে ?

63. বার্ষিক শতকরা 3 টাকা 50 পয়দা হিসাবে আয়কর দিয়া এক

ব্যক্তির 5790 টাকা থাকিল। তাহার মোট আয় কত ?

*64. কোন নগরের লোক বংসরে শতকরা 7 জন জন্মগ্রহণ করে এবং শতকরা 4 জন মারা যায়। যদি এখন সেই নগরের লোকসংখ্যা 10000 হয়, তবে 5 বংসর পরে উহার লোকসংখ্যা কত হইবে ? [ছাত্র. 1875]

65. এক ব্যক্তি যতগুলি ভিম কিনিয়াছিল তাহার মধ্যে শতকরা 10টি প্রচিয়া গেল; অবশিষ্ট ভিমগুলির 46% বিক্রয় করিয়া দেখিল আর 72টি ভিম আছে। সে কতগুলি ভিম কিনিয়াছিল ?

66. এক ব্যক্তির বার্ষিক আয় 80 টাকা এবং ভাহাকে শতকরা ঐ টাকা হিসাবে কর দিতে হয়। তিনি মাসিক কত কর দেন ?

67. 4 কি. লি. ৪ ছে. লিটার হুখের সহিত 16 ছে. লি. জল মিশ্রিত করা

দ্ট্ল। ঐ মিশ্রিত হধে শতকরা কত জল আছে?

68. রাম ভাহার টাকার শভকরা $6\frac{1}{4}$ দিয়া পুস্তক এবং অবশিষ্টের 20% দিয়া ঘড়ি কিনিয়া দেখিল তাহার নিকট আর 75 টাকা আছে। প্রথমে তাহার কৃত টাকা ছিল ?

529 টাকা হইন। প্রথমে তাহার বেছন কত ছিন?

70. কোন ব্যক্তির মূলধন বৎসরে 20% বৃদ্ধি পাইয়া 4 বংসর অন্তে উহা 5184 টাকা হইল। প্রথমে তাহার কত মূলধন ছিল ? [ক. প্র. '50]

সরল কুসীদ বা সরল সুদকষা (Simple Interest)

THE RESTRICTION OF THE PROPERTY OF THE PROPERT

54. দৈনন্দিন কর্মজীবনে একজন অন্য জনের নিকট অনেক সময় টাকা ধার করে এবং পরে উহা পরিশোধ করে, তাহা তোমরা জান। যে ব্যক্তি টাকা ধার করে তাহাকে অধ্যমর্গ বা দেনালার (Debtor) বলে এবং যে ব্যক্তি টাকা ধার দেয় তাহাকে উত্তমর্গ বা পাওনালার (Creditor) বলে।

যে টাকা ধার দেওয়া হয় তাহাকে আজল বা মূলখন (Principal বা Capital) বলে।

নির্দিষ্ট লময় পরে অধমর্ণ যথন কোন ধারের টাকা পরিশোধ করে তথন উত্তমর্গকে আদল টাকা এবং ঐ টাকা ব্যবহার করার জন্ম আরও কিছু অভিরিক্ত টাকা দেয়। ঐ অভিরিক্ত টাকাকে স্থাদ বা কুসীদ (Interest) বলে।

স্থা ও আসলের সমষ্টিকে সর্দ্ধিগুল বা স্থাদ-আসল বা স্থাদগুল (Amount) বলে।

সবৃদ্ধিমূল=আসল+স্থদ

∴ আসল = সবৃদ্ধিমূল-স্থদ,

এবং স্থদ=সবৃদ্ধিমূল—আসল।

স্থানের ছারঃ টাকা ধার দেওয়ায় বা লওয়ায় ম্লধনের উপর কোন নির্দিষ্ট সময়ের জন্ম ঘে ছারে হল ধরা হয়, তাহাকে স্থানের হার (Rate of interest) বলে।

এই স্থানের হার প্রতি টাকায় মাদিক বা বার্ষিক হিসাবে অথবা প্রতি 100 টাকার মাদিক বা বার্ষিক হিসাবে ধরা যাইতে পারে। সাধারণতঃ স্থানের হার 100 টাকার এক বৎসরের স্থাকে ধরা হয়, উহাকে বলে শতকর। হার। যথা, যদি 100 টাকার উপর বার্ষিক 5 টাকা করিয়া স্থাদ ধরা হয়, তবে বলা হইবে শতকরা বার্ষিক 5 টাকা ছারে (5 Per cent per annum) স্থাদ।

সংক্ষেপে উহাকে 5% হারে (5%) লেখা হয়। স্বতরাং সময়ের উল্লেখ না করিয়া ভুধু শতকরা হার দেওয়া থাকিলে তাহা হারা বার্ষিক শতকরা হারই বুঝাইবে। স্বদেষ হার 5% টাকা বা 5 টাকা % এরপ লিখিবে না।

স্বদ ছই প্রকার-সরল স্থদ ও নিশ্রে স্থদ (বা চক্রবৃদ্ধি)।

যথন কেবলমাত্র মূলধনের উপর্ট বরাবর হুদ ধরা হয় তথন ঐ হুদকে সরল ছুদ (Simple Interest) বলে।

আর বখন কোন নির্দিষ্ট সময় (6 মাস বা 1 বৎসর) অন্তে প্রাপ্য স্থা স্লাধনের সহিত বোগ হইয়া ন্তন বর্ধিত স্লাধনের (বা, সর্জিম্লের) উপর প্রায় স্থা চলিতে থাকে, তখন ঐ স্থাকে মিশ্রেম্বার চক্রবৃদ্ধি (Compound Interest) বলে।

55. श्वम ଓ नवृद्धिमृत निर्वतः :-

ক্ষ নির্ণর করির। আসলের সহিত স্থদ ঘোগ করিলেই সর্জিম্ল পাওয়া বার।

(ক) বালিক হার হইতে স্থল ও সর্জিমূল নির্ণয় :--

উলাত্রণ 1. টাকা প্রতি মানিক 6 প্রদা হিনাবে 250 টাকার 2 বৎপর
6 মানের হৃদ কন্ত ?

2 ৰংসর 6 মাদ=30 মাদ।

1 होकांत्र 1 मारमद ख्रा=6 भ.

:. 250 , 1 , =6 %.×250

∴ " "30 " "=6×250×30 প.=450 টা.

ः निर्लिश रुष= 450 होका।

[बहेबा: সাসিক স্থল দেওরা থাকার 2 বৎসর 6 মাসকে সালে পরিণ্ড করা হইল।]

উলাহরণ 2. হাদের হার টাকা প্রতি মাসিক 1 প্রদা হইলে 3 বংগরে 200 টাকার গর্ছিম্ল কড হইবে ?

一年 10 0 0 10 10 10

3 वरमद=36 माम।

1 টাকাৰ 1 মানের হুদ=1 প্রসা

∴ 200 " " " =200 শ.=2 টা.

∴ " " 36 " " =2 টাকা × 36=72 টাকা।

· নির্ণেয় সর্জিমূল=200 টা.+72 টা.=272 টাকা।

উদাহরণ 3. শতকরা মাসিক 2 টাকা হার স্থদে 350 টাকার 1 বৎসর 4 মাসে কত হৃদ হৃইবে ?

1 বৎদর 4 মাস=16 মাস।

100 টাকার 1 মাদের হৃদ=2 টাকা

1 , , = $\frac{2}{100}$ \overline{b} 1. = $\frac{1}{50}$ \overline{b} 1 $\overline{\phi}$ 1

350 " " " = 1 ti.×350=7 时和

16 " "=7 हो.×16=112 होका।

निर्लिम्र छन=112 होका।

(খ) বার্ষিক শভকরা হার হইতে স্থদ ও সবৃদ্ধিদূল নির্ণয় :--উদাহরণ 1. বার্ষিক শতকরা 5 টাকা হার হলে 250 টাকার 2 বৎসর **6** মাদের স্থদ কত ?

2 বংসর 6 মাস= $2\frac{6}{12}$ ব.= $2\frac{1}{2}$ ব.= $\frac{5}{2}$ বংসর। ু 100 টাকার 1 বংসরের স্থদ=5 টাকা

" =5×5 计本

, = 2×100 bia 1

" = $\frac{5 \times 5 \times 250}{2 \times 100}$ होका = 31 हो. 25 %. ... 250

निर्लित्र रुष=31 होका 25 भन्ना।

উদাহরণ 2. 4% ছার হুদে 1250 টাকার 146 দিনের সর্দিষ্ণ কত?

146 मिन= ३६६ वरमद= है वरमत। 100 টাকার 1 বংশবের স্থদ=4 টাকা

" = 4×2 61.

, = 5×100 bl. 1

» » = 4×2×1950 हो.=20 होका 1250

निर्णित्र नवृष्टियून=1250 हो.+20 हो.=1270 होका।

জিষ্টব্যঃ (1) শুধু দিন হইতে বৎসরে পরিণত করিতে হইলে 365 দিনে বৎসর ধরিতে হয়। সময় যদি মাস ও দিনে দেওয়া থাকে, তবে 30 দিনে মাস ও 12 মাসে বৎসর ধরিয়া বৎসরে পরিণত করিবে। (2) এথানে '4% হার হুদে' বলার অর্থ বার্ষিক শভকরা 4 টাকা হুদ।]

56. ञ्चम निर्गटम मिन भगना ।

যদি অদক্ষার অঙ্কে ঋণ গ্রহণ করার ও ঋণ পরিশোধ করার তুইটি দিন ।
নির্দিষ্ট করিয়া দেওয়া থাকে, তবে মোট দিন গণনা করিবার সময় প্রথম ও শেষ
দিন তুইটির মধ্যে একটি দিনকে ধরিতে হয় না, উহাদের মধ্যে কেবল একটি
দিনকে ধরা হয়। সাধারণতঃ প্রথম দিন ছাড়িয়া দেওয়া হয়। ঐ প্রদত্ত
সময়ের মধ্যে যদি ফেব্রুয়ারী মাদ পড়ে, তবে প্রদত্ত সালটি লিপ্ইয়ার কিনা
দেখিবে। যদি উহা লিপ্ইয়ার হয়, তবে ফেব্রুয়ারী মাদের 29 দিন ধরিবে,
নতুবা 28 দিন ধরিবে। মোট দিনগুলিকে বৎসরে পরিণত করিবার সময় 365
দিনে বৎসর ধরিবে।

ি জ্বন্তী ঃ যদি কোন মাসের প্রথম দিন হইতে অন্ত কোন মাসের শেষ তারিথ পর্যন্ত সময় দেওয়া থাকে, তবে দিন গণনা না করিয়া কয়টি মাস আছে তাহাই দেখিবে এবং 12 মাসে বৎসর ধরিবে।

উদাহরণ 1. বার্ষিক ৪% হারে 1864 খুটান্দের 23শে নভেম্বর হইতে 1865 খুটান্দের 25শে মে পর্যন্ত সময়ে 730000 টাকার কত স্কা হইবে?

নভে. ডি. জা. ফে. মা. এ.- মে. এথানে প্রাণন্ত সময়ে মোট দিনসংখ্যা=7+31+31+28+31+30+25 =183 দিন।

े थान्छ नमग्र= रेहिंहे वर्गता

এकरन, 100 টাকার 1 বংদরের স্থদ=8 টাকা

:. 1 " 1 " ", = 1800 টাকা

 $\therefore 730000 ,, 1 ,, = \frac{8 \times 730000}{100} \, \text{th}. = 58400 \, \text{th}.$

 $\therefore \quad , \quad , \quad , \quad \frac{183}{365} \quad , \quad \quad , \quad = \frac{58400 \times 183}{365} \quad \text{fi.} = 160 \times 183 \quad \text{fi.}$

:. ৰিৰ্ণেয় অদ = 160×183 টা.=29280 টাকা।

[खहैदा : এখানে দিনদংখ্যা ধরিবার সময় প্রথম দিনটি অর্থাৎ 23শে নভেম্বর ছাড়িয়া দেওয়া হইয়াছে, স্থতরাং নভেম্বর মাসে (30—23) অর্থাৎ 7 দিন ধরা হইয়াছে। অতএব, আর শেষ দিন ছাড়া ঘাইবে না, স্থতরাং মে মাসের 25শে পর্যন্ত 25 দিন ধরা হইয়াছে। আর 1865 সন লিপ্ইয়ার নছে বলিয়া ফেব্রুয়ারী মাসের 28 দিন ধরা হইয়াছে।]

উদাহরণ 2. 1940 খুষ্টান্দের 6ই ফেব্রুয়ারী হইতে 19শে এপ্রিল পর্যন্ত 5% হারে 1050 টাকার সর্দ্ধিমূল কত হইবে ?

ফে. মা. এ.

এখানে প্রদত্ত সময়=(23+31+19) দিন=73 দিন=73 দেন= 100 টাকার 1 বৎসরের স্কদ=5 টাকা

- $\therefore \quad , \quad , \quad \frac{1}{5} \quad , \quad , \quad =5 \times \frac{1}{5} \text{ id.} = 1 \text{ id.}$
- \therefore 1 , , , = $\frac{1}{100}$ b1.
- ∴ 1050 " " " = 1050 টা.=10 টা. 50 প.
- : নির্ণেষ্ক সর্জিম্ল=1050 টা.+10 টা. 50 প.=1060 টা. 50 পয়দা।

[**জন্টব্য**ঃ এথানে 1940 খুষ্টান্দ লিপ্ইয়ার বলিয়া ফেব্রুয়ারী মাদটি 29 দিনে ধরিতে হইবে, স্থতরাং এথানে ফেব্রুয়ারী মাদের (29 – 6) বা 23 দিন ধরা হইল, ইহাতে 6 তারিথ পর্যন্ত বাদ গেল।

প্রশালা 15

- 1. মুখে মুখে স্থদ নির্ণয় কর:-
 - (1) মাদিক টাকা প্রতি 4 পয়দা হার স্থদে 100 টাকার 2 মাদের।
 - (2) মাদিক শতকরা 1 টাকা হারে 50 টাকার 1 বৎসরের।
 - (3) বার্ষিক টাকা প্রতি 25 পয়দা হারে 300 টাকার 1 বৎসরের।
 - (4) বার্ষিক 5% হারে 100 টাকার 73 দিনের I
 - (5) বার্ষিক 6% হারে 200 টাকার 3 বৎসরের।

श्वण निर्भम्र कन्न :-

- 2. টাকা প্রতি মাদিক 1½ পয়দা হারে 128 টাকার 4 মাদের।
- 3. টাকা প্রতি মাসিক 1 প্রসা ছারে 240 টাকার 1 বৎসর 6 মাসের 🖡
- 4. মাসিক শতকরা 2 টাকা 50 প্রসা হারে 312 টাকা 50 প্রসার 2 বংসর ৪ মাসের।
 - মাসিক 3% হারে 250 জলারের 2 বংসর 6 মাসের।
 - বার্ষিক শতকরা 6 টাকা 25 পয়লা হারে 894 টাকার ৪ মালের।
 - 7. 5% হারে 625 টাকার 4 ৰৎপরের।
 - 8. বার্ষিক 3¾% হারে 227 টা. 20 পরদার 2½ বৎসরের স্থদ কত?
 - 1. 3% হারে 750 টাকার 5 বৎসরের স্থদ কত ?
- 10. 564 টাকা 16 পয়সার বার্ষিক 4½% ছারে 6 বৎসর 3 মাসের আদ নির্ণিয় কর।
 - 11. বার্ষিক 51% হারে 5000 টাকার 4 বংশরের হৃদ কত ?
 - াহি. বার্ষিক 4% হারে 2187 টাকা 50 পরসার 219 দিনের হুদ কত?
- 13. ৰাৰ্ষিক 5% হারে 1936 দালের ৪ই ফেব্ৰুয়ারী হইতে 21শে এপ্রিশ পর্যন্ত 525 টাকার স্থদ কত ?
- . 14. ৰাষিক শতকরা 6 টাকা স্থদ হিসাবে 3650 টাকার 4 বৎসর 2 মালের স্থদ কভ ?
- 15. বার্ষিক 5% ছার স্থাদে 1947 খুষ্টান্দের 20শে দেপ্টেম্বর 750 টাকা ধার লইয়া 1948 খুষ্টান্দের 26শে এপ্রিল ঋণ পরিশোধ করিলে কত স্থাদিতে ছইবে?
- 16. বাৰ্ষিক 4½% হার হুদে 730 টাকার 3রা মার্চ হুইতে 2৪শে ডিসেম্বর পর্যন্ত হৃদ কত ?

जबुिक्तगृल निर्वत्र कब्र :--

- 17. বার্ষিক 4% হার হুদে 375 টাকার 3 বৎসর 4 মাসের।
- 18. বার্ষিক 3% ছার হুদে 180 টাকার 1 বংশর ৪ মানের।
- 19. টাকা প্রতি মাদিক 1½ পয়দা হার স্থদে 144 টাকার 8 মাদের।

े20. বার্ষিক 21% ছার হলে 600 টাকার 15 বৎসরের।

21. 1937 সনের 3 রা জাত্মারীতে 6% ছার হলে 250 টাকা ধার দিলে 17ই মার্চ হলেমূলে কত পাওয়া বাইবে ?

22. বার্ষিক 5½% হার হলে 5 বৎসরে 6000 টাকার সর্ভিমৃল কত হয় ?

28. বাৰ্ষিক 4% ছার হুদে 1লা জাল্পমারী ছইডে 30শে লেপ্টেম্বর পর্যন্ত 425 টাকা হুদ-আদলে কত হয় ?

24. বার্ষিক 21% হলে 1600 টাকার 3 বংসর 9 মাসের সর্জিমূল কত ?

১৯১. বাৰ্ষিক 4½% হারে 2400 টাকার 3 বংসর 8 মাস 10 দিনের হৃদ কত ?

* 26. বার্ষিক 4% হারে 572 টাকা 52 পরদার 4 বংসর 17 সপ্তাহের হদ কভ ? (52 সপ্তাহে 1 বংসর ধর)।

57. जानन वा मृनधन निर्वस

(ক) প্রদন্ত স্থদ হইতে আসল নির্ণয় :—

উদাহরণ 1. বার্ষিক শতকরা 6 টাকা ছার হলে 5 বংসরে 75 টাকা স্ফদ ছইলে মূলধন কন্ত ?

100 টাকার 1 বৎদরের হুদ=6 টাকা

∴ 100 ,, 5 ,, =6 টা.×5=30 টাকা।

স্ত্রাং 30 টাকা স্থদ ছইলে মূলধন=100 টাকা

• 1 ,, ,, ,, $=\frac{100}{30}$ by $=\frac{10}{3}$ by

.. 75 ,, ,, ,, =\frac{10}{3} টাৰা×75=250 টাৰা

∴ নির্ণেয় মূলধন = 250 টাকা।

জিষ্টব্যঃ মোট স্থদ দেওয়া থাকিলে প্রথমে 100 টাকার প্রদন্ত সমরের স্থদ নির্ণর করিবে। ঐ স্থদ হইলে আসল হয় 100 টাকা, স্তরাং প্রাদত টাকা স্ফ হইলে আসল কত হয় দেখিতে হইবে।]

উদাহরণ 2. 5% হারে কত টাকা ধার দিলে দৈনিক 1 টাকা স্থদ হইবে ?

' দিন 1 টাকা করিয়া স্থদ ছইলে 1 বৎসরে 365 টাকা স্থদ ছয়।

अथात, 1 वरमत्त्र 5 होका छन रहेल जानन=100 होका

- $\therefore \quad , \quad , \quad 1 \quad , \quad , \quad , \quad = \frac{100}{5} \, \overline{b} \, 1.$
- $,, , 365 ,, ,, , = 100 \times 365 \text{ bi} = 7300 \text{ bi}.$
 - : নির্ণেয় আসল= 7300 টাকা।

(খ) প্রদত্ত সর্দ্ধিমূল হইতে আসল নির্ণয় ঃ—

উদাহরণ 1. বার্ষিক-4% হার হুদে কত টাকা 5 বৎদরে হুদে-মুলে 360 টাকা হইবে ? িচা. বো. 1948]

100 টাকার 1 বংসরের হল=4 টাকা

- ∴ " 5 " ,, =4 টা.×5=20 টাকা,
- :. 100 টাকার সর্দ্ধিমূল = 100 টা. + 20 টা. = 120 টাকা। 120 টাকা সবৃদ্ধিমূল হইলে আসল হয় 100 টাকা
- 1 ,, ,, ,, 100 biat
- :. 360 " " " " 100×360 bi. বা 300 bi.

ः निर्ণেয় আসল=300 টাকা।

[जर्छेना : मत्किम्न मि अत्रा थाकित्न जामन निर्गत कतियात जन अधरम প্রদত্ত হারে প্রদত্ত সময়ে 100 টাকার স্থদ বাহির করিবে ৷ ঐ স্থদ 100 টাকার সহিত গোগ করিয়া 100 টাকার স্বৃদ্ধিশ্ল পাওয়া গেল। ঐ স্বৃদ্ধিশ্ল হইলে আদল হইল 100 টাকা, তথন প্রদত্ত টাকা সর্দ্ধিষ্ল হইলে আদল কত হয় (मथिलिहे इहेरव।]

উলাভ্রণ 2. কোন ম্লধনের 🖁 অংশ বার্ষিক স্থদ হয়। 4 বৎসরে যদি 1326 টাকা সর্দ্ধিমূল হইয়া থাকে, ভবে মূলধন কত ?

মনে কর, আসল 1 টাকা, স্থতরাং উহার 1 বংসরের স্থদ= 🖁 টাকা,

- :. উহার 4 বৎসবের হুদ= 🖟 টা. × 4= 🕏 টাকা,
- 4 বৎপরে 1 টাকার সবৃদ্ধিম্ল=1 টা.+ 🕏 টা.= 13 টাকা। অতএব, $^{13}_{9}$ টাকা স্বৃদ্ধিমূল হইলে আসল=1 টাকা
 - : 1টা. ", ", $=\frac{1\times9}{13}$ \overline{b} 1, $=\frac{9}{13}$ \overline{b} 1.
- : 1326 টা. " = গু টা. x 1326=918 টা. 11 19
- : নির্ণেয় মূলধন=918 টাকা।

উদাহরণ 3. কোন ম্লধন হইতে 5 বংসরে 520 টাকা এবং 7 বংসরে 568 টাকা সবৃদ্ধিমূল হইল। ঐ মূলধন কত ?

সবুদ্ধিমূল=আসল+স্থদ

অতএব এথানে, আদল + 7 বংসরের স্থদ=568 টাকা আবার, আদল +5 বংসরের স্থদ=520 টাকা

∴ (বিয়োগ করিয়া) 2 বৎদরের স্থদ=48 টাকা

:. 1 " " =24 টাকা

∴ 5 " =24 টা ×5=120 টাকা।

∴ নির্ণেয় আসদ=5 বৎসত্ত্বের সর্ক্রিমূল—5 বৎসত্ত্বের স্থল =520 টা. – 120 টা. = 400 টাকা।

প্রশালা 16

- বার্ষিক 63% হার স্থাদ কত টাকা 5 বৎসরে স্থাদ-আদলে 100 টাকা

 হইবে ?

 কি. প্র. 1932]
- 3¾% হার হলে কত টাকা ধার দিলে 2½ বৎসরে হলেম্লে 367 টা.
 50 প. হইবে ?
 - 3. কত টাকার 5% হার হলে 4 বৎদর 6 মাদে 245 টাকা দর্দ্ধিমূল হইবে ?
 - 4. বার্ষিক ৪% হার স্থলে কত টাকার দৈনিক স্থদ 25 পয়সা হয় ?
 - বার্ষিক 6½% হার স্থদে কত টাকা দৈনিক 1 টাকা স্থদ উৎপন্ন করে ?
 ক. প্র. 1942]
 - কত টাকার বার্ষিক 4½% হারে 3 বৎদরে 270 টাকা স্থদ হয় ?
- 7. আমি $3\frac{1}{3}$ % হার হলে টাকা ধার দিয়া 3 বৎসরে 200 টাকা হল পাইলাম। আমি কত টাকা ধার দিয়াছিলাম ?
 - 8. কত মূলধন হইতে $4\frac{1}{18}\%$ হারে দিন 1 টাকা স্থদ হয় ? [ক.প্র. 1937]
- 9. শতকরা বার্ষিক $6\frac{1}{4}$ টাকা হার হুদে 3 বৎসর 73 দিনে কভ টাকা
 হুদেমূলে 132 টাকা 60 পয়সা হইবে ?
- শ 10. 6% হার স্থদে কভ টাকার 1936 খুটান্দের 4ঠা জাত্মারী হইতে

 17ই মার্চ পর্যন্ত 5 টাকা স্থদ হইবে ?

- 11. বাৰ্ষিক 5% হার হলে কভ টাকার 11ই জুন হইতে 4ঠা নভেম্বর পর্যন্ত 5151 টাকা সর্বিমৃশ হইবে ?
- 12. ৰাৰ্ষিক 5% ছাৰ ফদে কন্ত টাকা ধার দিলে 5 বংসবে হুদেমূলে 500 টাকা ছব ? [ক. প্র. 1943]
 - 13. 4½% হার হলে কড টাকার 3 বৎসবের সর্দিম্ল 1532 টা. 25 প. হয়?
 - 14. वार्षिक 4% हात उद्याप कर्ष ठोकांत्र देवनिक उप 12 शत्रमा हत ?
- 15. বার্ষিক 4% হারে কত মৃশধনের 219 দিনের হাল 12 টা. 60 প. হয় ?

 16. কোন ম্লধন হইতে প্রতি বংসর তাহার । অংশ হাল হয়। যদি 5
 বংসরে 2200 টাকা সর্দ্ধিম্ল হইয়া থাকে, তবে আসল কত?

এবং কোন টাকার প্রতি বৎসর । অংশ ফদ হইয়া যদি 7 বৎসরে উহা
900 টাকার পরিণত হয়, তবে ঐ মৃলধন কভ ছিল ?

18. 4% হার হলে কিছু টাকা ঋণ করিয়া 9 মাস পরে 437 টাকা 75 প্র দিয়া ঋণ শোধ করা হইল। ঋণের পরিমাণ কত ?

19.. কোন আসল হইতে 5 বংসরে 700 টাকা সর্জিগুল হইল। স্থদ যদি আসলের है অংশ হয়, তবে আসল কত ?

শ্ব জিমূল হইলে, ঐ মূলধন কত ? কি. প্র. 1938]

58. স্থদের শতকরা হার নির্ণয়।

(ক) আসল, তাল ও সময় প্রান্ত থাকিলে তালের হার নির্ণয় :— উদাহরণ 1. শতকরা বার্ষিক কত হার হলে 425 টাকার 5 বংসরে 21 টাকা 25 প্রসা হল হটবে ?

21 টাকা 25 প.=211 টা.=গ্রুছ টাকা। এখানে, 425 টাকার 5 বংসরের হুদ=ুফু টাকা

" " 1 " " = \frac{8.5}{4 \times 5} \bar{\bar{\bar{b}}} \cdot = \frac{1}{4} \bar{\bar{b}} \bar{\bar{\bar{b}}} \square

:. 1 " 1 " " = 425×4 bie

: 100 " 1 " = \frac{17 \times 100}{4 \times 425} \text{ bis in } = 1 \text{ bis in }

निर्दित्र ऋष्मत शत= বার্ষিক 1%.

উদ্বিশ্ব 2. কোন মৃলধনের 3 বংসর 4 মাসের হৃদ মৃলধনের 12 আংশ; শতকরা বার্ষিক হৃদের ছার কত?

3 বৎসর 4 মাস=31 ব.=10 বৎসর।

মনে কর, আসল 100 টাকা ; স্তরাং স্কল=100 টাকার $\frac{2}{15}=\frac{4}{5}^0$ টাকা ৷ অতঞ্ব, 100 টাকার $\frac{1}{5}^0$ বংসরের স্কল= $\frac{4}{5}^0$ টাকা

- (থ) আসল, সৰ্দ্ধিমূল ও সময় প্ৰায়ত্ত থাকিলে স্থাদের হার নির্ণয়:—

উদাহরণ 1. বার্ষিক শতকরা কত হার স্থদে 650 টাকা 5 বংশব্রে স্থদেশলে 747 টাকা 50 প্রদা হটবে ?

षानत्वत सम= नत्तिम्न — षानन,

এখানে 650 টাকার স্থদ=747 টা. 50 প.—650 টা.=97 টা. 50 প.
=195 টাকা।

- · .: 650 টাকার 5 বৎসরের স্থদ=195 টাকা
 - .. " " 1 " " =\frac{195}{285} টাকা
- : 1 " 1 " , " = 2x 5x 650 টাকা
- ∴ 100 ,, 1 ,, ,=\frac{195\times\frac{100}{650}}{650} है।.=3 है|क|।
 - ∴ निर्लिष স্থদের ছার=ৰার্ষিক 3%.

উদাহরণ 2. ৰাষিক শতকরা কত হার হুদে কোন স্লধন 16% বৎসত্ত্বে হুদেম্লে দ্বিতা হইবে ?

ি এরপ ছলে আসল 100 টাকা ধরিয়া ক্ষিবে।]

মনে কর, আদল 100 টাকা, স্থতরাং 16% বৎসরে ইছা স্লেম্লে ছিত্ত অর্থাং 200 টাকা হইবে। অতএব, স্থদ হইবে (200-100) বা 100 টাকা।

- 100 টাকার 16% বৎদরের স্থদ=100 টাকা,
- : 100 bisis 1 ,, $=\frac{100 \times 3}{50}$ bisi = 6 bisi
 - : নির্ণেয় স্থদের হার=বার্ষিক 6%.

প্রশ্বালা 17

- শতকরা বার্ষিক কত হার স্থদে 325 টাকার 4 বৎসরে 52 টাকা স্থদ
 হয়

 শতকরা বার্ষিক কত হার স্থদে 325 টাকার 4 বৎসরে 52 টাকা স্থদ

 শতকরা বার্ষিক কত হার স্থদে 325 টাকার 4 বৎসরে 52 টাকা স্থদ

 শতকরা বার্ষিক কত হার স্থদে 325 টাকার 4 বৎসরে 52 টাকা স্থদ

 শতকরা বার্ষিক কত হার স্থদে 325 টাকার 4 বৎসরে 52 টাকা স্থদ
- 2. বার্ষিক শতকরা স্থানের <u>হার কত</u> হইলে 480 টাকার 9 মাস 12 দিনের স্থান্থ 23 টাকা 50 পন্ননা হইবে ?
 - মাদে টাকায় 1½ পয়সা স্থদ হইলে শতকরা বার্ষিক স্থদের হার কত?
- 4. শভকরা বার্ষিক কত হার স্থদে 1 টাকার প্রতি মাসে 2 পাই স্থদ হইবে?
 - 5. 750 টাকা 5 বংসর 6 মাসে স্থদেম্লে ৪73 টাকা 75 প্রদা হইল। স্থদের হার কত ?
 - 6. শতকরা বার্ষিক কত স্থাদে 737_{64}^{-7} টাকা 3 বৎসরে স্থাদে আসলে 825_{16}^{-9} টাকা হইবে ?

7. শতকরা বার্ষিক কভ হার হলে কোন মূলধনের $6\frac{1}{4}$ বৎসরের হল মূলধনের $\frac{1}{16}$ অংশ হইবে ?

- সংদের হার কত হইলে কোন ম্লধন 25 বংসরে স্থান্ত 3 গুণ
 হইবে?
 কি. প্র. 1946
- 9. শতকরা বার্ষিক কত হার স্থদে টাকা ধার দিলে 15 বৎসরে দিওণ টাকা পাওয়া যাইবে ?
- 10. বার্ষিক শতকরা কত হার হলে 1056 টাকা 80 প্রসা 5 বৎসবে হলে-মূলে 1228 টাকা 53 প্রসা হইবে ?
- 11. 5026% তলার 3 বৎদর 4 মালে স্বদে-আদলে 5780% তলার হইল।
 তকরা স্বদের হার নির্ণয় কর।
 - 12. 250 টাকা ধার করিয়া 1 বংসরে 22 টাকা 50 প্রসা স্থাদ দিলাম। স্থাদের হার শতকরা কত ?
 - 13. যদি 1 সপ্তাহের জন্ত 50 টাকা ধার করিয়া 12.5 প্রসা হুদ দিতে হয়, তবে বার্ষিক হুদের হার কত ?

- 14. স্থাদের হার শতকরা কত হইলে 3300 টাকার 3 বংদরে 3621 টাকা 75 প্রদা স্বৃদ্ধিমূল হইবে ?
 - 15. শতকরা বার্ষিক কত হার হলে 3650 টাকার দৈনিক 50 প. হল হয় ?
- 16. 5 বংসরে কোন আসল টাকা হুদেম্লে 1100 টাকা হইল। যদি আসলের है অংশ হুদ হইয়া থাকে, তবে আসল ও শতকরা বার্ষিক হুদের হার কত?
- 17. কোন মূলধন হইতে 3 বৎসরে 632 টাকা 50 প্রদা এবং 4 বৎসর 6 মাসে 673 টাকা 75 প্রদা সর্জিম্ল হইল। আসল ও স্থদের শতকরা বার্ষিক হার নির্ণিয় কর।
- 18. 425 টাকা ধার করিয়া 9 মান পরে 437 টাকা 75 পয়সা দিয়া সেই অব পরিশোধ করা হইল। স্থদের হার কত ?
- 19. শতকরা কত হার স্থদে 5ই জুলাই হইতে 20শে নভেম্বর পর্যন্ত সময়ে 13687 টাকা 50 প্রদার স্থদ 189 টাকা 75 প্রদা হইবে ?
- 20. শতকরা বার্ষিক কত হার হুদে টাকা ধার দিলে 4 বৎসরে সর্দ্ধিমূলের । বংশ হুদ হইবে ?
 - 59. जबब निर्वश :--
 - (ক) আসল, স্থদ ও হার প্রদত হইলে সময় নির্ণয় :---

यत्न वाथित्व त्य, जमस=दमाठे ऋण÷ आजदलत 1 वर्जदत्रत छूल।

উদাহরণ। 4% হার স্থদে কত বংসরে-350 টাকার স্থদ 70 টাকা হইবে ? এথানে মোট স্থদ=70 টাকা।

আবার, 100 টাকার 1 বংদরের হুদ=4 টাকা,

- $1 \, , \, 1 \, , \, , \, =_{100}$ biai,
- ∴ 350 ,, 1 ,, = 4×350 চা.=14 টাকা।
- · 14 ठोका छम रुग्न 1 वरमदन,
- ·· 70 টাকা হুদ হুইবে (70 ÷ 14) বা 5 বৎসরে।
- · निर्लिय मभय=5 व<मत्र।

(থ) **আসল, সর্জিমূল** ও হার হইতে সময় নির্ণয়:—
উদাহরণ 1. বার্ষিক 5% হার হুদে কত ব্ৎসরে 520 টাকার সর্জিমূল
611 টাকা হইবে ?

এথানে আদলের মোট স্থদ=611 টা.—520 টা.=91 টাকা। আবার, 100 টাকার 1 বংসরের স্থদ=5 টা.

 \therefore 1 , 1 , $=\frac{5}{100}$ in.

:. 520 ,, 1 ,, ,, $=\frac{5 \times 590}{100}$ tt.=26 tto 1

∴ নির্ণেয় সময়=(91 টা.÷26 টা.) বৎসর=3½ বৎসর।

উলাত্রণ 2. কভ বংসরে 6% হার স্থদে কোন মূলধন স্থদেম্লে বেড়গুণ হইবে ?

> মনে কর, আদল=100 টাকা, হতরাং সর্দ্ধিমূল=আসলের 1½ গুণ=150 টাকা,

- মোট অদ=150 টা.—100 টা.—50 টাকা।
 আৰার, আদলের 1 বৎসরের অদ=6 টাকা
- ∴ নির্ণের সয়য়=(50 চা.÷6 চা.) বৎসর=81/3 বৎসর।

প্রশ্বালা 18

- 1. বাৰ্ষিক শতৰুৱা 4 টাকা হাৰ স্থদে কত সময়ে 650 টাকার 104 টাকা স্থদ হটবে ?
 - 2. ৰাৰ্ষিক 5% হার হৃদে 450 টাকার কভ ৰংসরে 90 টাকা হৃদ হইবে?
 - বার্বিক 2¼% কলে কভ সময়ে 1600 টাকার 135 টাকা কল হয় ?
- 4. ৰাৰ্ষিক 3½% হলে কত বংসরে 80 টাকা হলে-মূলে 91 টা. 70 প.
 ত্তবৈ ?
- Amp 5. वार्षिक 6% हात्र छान कछ ममात्र म्नथन छानमुल विश्व हरेटन ?
 - 6. ৰাৰ্ষিক $5\frac{1}{2}$ % হার ফলে কড বংলরে 5000 টাকা ফলে-আন্তে 6100 টাকা হইবে ?

- 7. কত বংসরে 3½% হুদে 440 ভলারের সর্কিষ্ল 511 ভলার 50 সেন্ট হুইবে ?
 - 8. বার্ষিক 5½% স্থদে কত বংসরে 750 টাকার স্থদ 165 টাকা হইবে ?
 - वार्षिक 5% शांत ऋत्म कुछ बंदमत्त म्लक्ष्म ऋत्ममृत्न त्म्छ्छन इहेरव ?
- 10. বাৰিক 4% হার হুদে 425 টাকা ধার করিয়া কত সময় পরে 437 টাকা 75 প্রদা দিলে ধার শোধ হইবে ?
- 11. বার্ষিক $4\frac{1}{2}\%$ হার হুদে কত বৎসরে $5026\frac{2}{3}$ টাকার সর্দ্ধিমূল $5780\frac{2}{3}$ টাকা হইবে ?
- 12. বার্ষিক 4% হার স্থদে কভ বৎসরে 817 টাকা 50 পরসা স্থদেম্বে 915 টাকা 60 পরসা হটবে ?
- 13. বাৰ্ষিক 5% ছার হুদে 7300 টাকার কত সময়ের হুদ এক টাকা হয় ?
 - 14. বার্ষিক 33% ছারে স্কু ছ্টলে কত বৎসরে 1350 টাকার সর্কিষ্ণ 1620 টাকা হটবে ? [ক. প্র. 1947]
 - 15. বাৰ্ষিক 5½% হার হুদে কত ৰৎপরে 2125 টাকার সর্দ্ধিমূল 2943 টাকা হটবে?
 - 16. वार्विक 6% होत्र ऋष कछ वरमत्त्र मूमधानत्र है जरम स्रम हहेत्व ?
 - 17. 10% होत स्टाह कछ दरमदा नत्विम्तात है जरम स्र हहेरन ?
 - 48. 41% হার হাদে কত সময়ে 12345 টাকার সর্জিম্ল 14752 টা.
 271 শয়দা ছইবে ?
 - 19. বাৰ্ষিক 4% হাৰ হলে 12345 টাকা 13 প্ৰসাৱ দিগুণ হইতে কত

িলভেড: এরপ ছলে যে কোন টাকা মূলধন ধরিলে সময় একই হইবে।
স্তরাং এথানেও 100 টাকা মূলধন ধরিয়া করাই সহজ্ঞ।

हैं। दर्भान म्लाधन 10 बर्शनात ऋत्ववृत्त विश्वव हम ; कछ बर्शनात छेहा

প্রামালা 18 (A)

[1]

- 22530'01-এর বর্গমৃল নির্ণয় কর ।
- 2. 962 জন দৈলতে নিরেট বর্গাকারে সাজাইয়া দেখা গেল 1 জন দৈল অবশিষ্ট আছে। প্রথম সারিতে দৈলদংখ্যা কত ?
- 3. এক পাঁইট জলের ওজন 1½ পাউও এবং 1 ঘনচুট জলের ওজন 1000 আউন ; কত গ্যালন জলে 5 ফুট দীর্ঘ, 3½ ফুট প্রশস্ত ও $2\frac{\pi}{4}$ ফুট গভীর চৌবাচ্চা ভর্তি করা ঘাইবে ?
- 4. এক পিপা ভৈলের 16% যদি 10'08 গ্যালন হয়, তবে সমগ্র পিপার্থ কড ভৈল আছে ?
 - 5. বার্ষিক 4% হার হৃদে 3 বৎদরে 450 টাকার সর্জিম্ল কত হয় ?

[2]

 $1. 9 + rac{1}{1 + rac{1}{7 + rac{1}{6}}}$ এর বর্গম্লের ও $rac{358}{178}$ এর অন্তর কত ? কোন্টি

3+10 √2-এর নিক্টভর १

- 2. ঘণ্টায় 5 কি: মিটার বেগে চলিয়া এক ব্যক্তি একটি বর্গাকার মা^{ঠকে} কোণাকুণিভাবে 3 মিনিটে পার হইল। ঐ মাঠের ক্ষেত্রফল কত আর ?
- 3. একটি সুলগৃহ 40 মিটার দীর্ঘ ও 15 মিটার উচ্চ এবং প্রভাক ছাত্রের জন্ম 120 ঘন মিটার বায় হিসাবে উহাতে 120 জন ছাত্রের স্থান হয়। ঐ গৃহের প্রস্থ কত ?
- 4. শতকরা বার্ষিক হুদের হার কত হইলে 3 বংসরে 4250 টাকার্থ শর্জিমূল 4760 টাকা হয় ? [ক. প্র. '48 (Sup.)]
- 5. এক গ্যালন জলের ওজন 10 পাউও এবং এক ঘনফুট জলের ওজন 1000 আউন্স। একটি আয়ত জলাধারে 400 গ্যালন জল ধরে এবং উহার বৈ প্রেম্ব ছিগুণ এবং প্রস্থ উচ্চতার দ্বিগুণ। ইহার মাত্রাগুলি নির্ণয় কর।

[3]

1. इत्र अक्रविभिष्ठे वृश्ख्य ७ क्रुक्चिय वर्गमः था कि कि १

- 2. ছইটি ক্ষেত্রের প্রত্যেকটির পরিদীমা 50 মিটার। উহাদের একটি বর্গক্ষেত্র এবং অপরটি আয়তক্ষেত্র যাহার দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। প্রত্যেকটির ক্ষেত্রফল কত ?
- 3. একটি জলাধারের প্রস্থ উচ্চতার বিগুণ এবং দৈর্ঘ্য উচ্চতার 5 গুণ।
 যদি উহাতে 60 গ্যালন জল ধরে এবং 1 গ্যালন=4.5 লিটার হয়, তবে উহার
 মাত্রাগুলি সেটিমিটারে নির্ণয় কর।
- 4. বার্ষিক 4% হার স্থানে 5 বৎসরে কত টাকা স্থানেমূলে 900 টাকা হইবে?

5. বার্ষিক $4\frac{1}{2}$ % হার হুদে কত টাকা ধার দিলে বার্ষিক আয় 191 টা.

- কোন কোন সংখ্যার বর্গ 7500 অপেকা বৃহত্তর কিন্ত ৪০০০ অপেকা
 ক্ষতব ?

 কোন কোন সংখ্যার বর্গ 7500 অপেকা বৃহত্তর কিন্ত ৪০০০ অপেকা
- 2. এক ঘনফুট কোন ঘনককে কাটিয়া ঠু ইঞ্চি বাহুবিশিষ্ট যতগুলি সম্ভব ঘনকে পরিণত করা হইল। সেই ঘনকগুলিকে স্তম্ভাকারে একটির উপর একটি স্থাপন করিলে ঐ স্তম্ভের উচ্চতা কত হইবে ?

কোন গ্রামের লোকসংখ্যা 12175 এবং ইহা যদি 5 বংসর পূর্বের লোকসংখ্যার 25% অধিক হয়, তবে তথন ঐ সংখ্যা কত ছিল ?

4. বার্ষিক শতকরা কত হার হুদে 750 টাকা 31 বৎসরে হুদেম্লে 855 টাকা হইবে ?

5. যদি 400 মিটার ½ মাইলের সমান হয়, তবে ½ একরে কত বর্গমিটার

[5]

1. 247 মিটার দীর্ঘ ও 95 মিটার প্রশস্ত এবং 703 মি. দীর্ঘ ও 532 মি.
প্রশস্ত ঘুইটি ক্ষেত্রকে একই আয়তনের বর্গক্ষেত্রসমূহে বিভক্ত করিতে হইবে।
ঐ বর্গক্ষেত্রগুলি যতদূর সম্ভব বৃহৎ হইলে তাহাদের একটির ক্ষেত্রফল কত হইবে।

2. এক ব্যক্তির আয় 10% বাড়িয়া পরে 10% কমিয়া গেল, ইহাতে তাহার আয়ের শতকরা কি পরিবর্তন হইল ্ব

3. 1896 খুটান্দের 1লা জুন 650 টাকা বার্ষিক 5% হার স্থদে ধার দেওয়া হইল; কোন্ ভারিথে উহার সর্বন্ধিমূল 708 টা. 50 প্রসা হইবে ?

4. কোন একটি সংখ্যাকে ৪% বাড়াইয়া এবং 3% কমাইয়া যে সংখ্যা ছইটি পাওয়া গেল তাহাদের অন্তর যদি 407 হয়, তবে আদি সংখ্যাটি কত ?

5. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল 10626; সংখ্যা তিনটি নির্ণয় কর।
VIII—8

প্ৰৰ অধ্যায়

সময় ও দূরত্ব

60. বেগঃ কোন ব্যক্তি ৰা বম্ব কোন এক সময়ে (সাধারণতঃ 1 মণ্টায় যে পথ অতিক্রম করে তাহার দৈর্ঘ্যকে উহার বেগ বলে।

একথানি গাড়ি যদি ঘণ্টার 20 কিলো মিটার বেগে বার, ভবে 3 ঘণ্টার উহা 20 কি. মি. × 3 বা 60 কি. মিটার পথ যাইবে। এই বেগকে জনবেগ আর্থাৎ সমস্ক্রমণ একই বেগে যাইভেছে ধরা হইবে।

ষতএব, দূরছ=বেগ×সময়.
∴ বেগ=দূরছ÷সময়,
সমর=দূরছ÷বেগ।

ভলাত্রণ 1. এক ব্যক্তি লাইকেলে ঘণ্টায় 15 কিলোমিটার বেগে খায়।
18 লেকেণ্ডে সে কভ দূর ঘাইবে ?

1 ঘণ্টা=60×60 সেকেণ্ড এবং 15 কি. মি.=15000 মি., লোকটি 60×60 সেকেণ্ডে যায় 15000 মি.,

· " 18 " 15000×18 মি.=75 মিটার ৷

উদাহরণ 2. কোন নির্দিষ্ট দময়ে এক ব্যক্তিকে কোন স্থানে পৌছাইতে হইবে। দে যদি ঘণ্টায় 4 কি. মিটার করিয়া যায় তবে তাহার 5 মিনিট বিল্ম হয়, কিছ ঘণ্টায় 5 কি. মিটার বেগে যাইলে নির্দিষ্ট দময়ের 10 মিনিট আবে পৌছায়। ঐ ছানটির দ্রুত কত ?

ৰণ্টার 4 কি. মি. বেগে 1 কি. মি. যাইতে সমন্ন লাগে $\frac{1}{4}$ ঘণ্টা বা 15 মিনিট, প্রাবং " 5 " " 1 " " " " " $\frac{1}{3}$ " " 12 মিনিট। আত্থাব, 5 কি. মি. বেগে গেলে প্রতি কি. মি. যাইতে (15—12) বা 3 মিনিট ক্রিয়া কম দমন্য লাগে।

প্রশ্নে দেখা যায় যে, প্রথম বেগে গেলে 5 মিনিট বিলম্ব হয় এবং দিতীয় বেগে গেলে ঐ বিলম্ব ত হইবেই না বরং 10 মিনিট আগে পৌছার, স্থতরাং প্রথম বার অপেকা দিতীয় বারে মোট (5+10) বা 15 মিনিট কম সময় লাগে।

একলে, 3 মিনিট কম সময় লাগে 1 কিলো মিটারে,

. 1 , , , , , , , , ,

.. 15 " " » ৰ বিশ্ব বিটারে

নির্ণেয় দূরত্ব=5 ঝিলোমিটার।

ভদাত্রণ 3. এক ব্যক্তি খোড়ার চড়িয়া মিনিটে 352 মিটার পথ যার এবং
10 কিলোমিটার 560 মিটার অন্তর ঘোড়া বদলাইবার জন্ত 6 মিনিট করিয়া
থামে। 190 কি. মি. 80 মি. পথ যাইতে ভাহার কত সময় লাগিবে?

190 কি. মি. 80 মি.≔190080 মিটার;

10 কি. মি. 560 মি. = 10560 মিটার।

লোকটি 1 মিনিটে 352 মিটার যায়,

190080 মি. ষাইতে সময় লাগে 190080 মিনিট = 540 মিনিট।

আবার, প্রতি 10560 মিটার ঘাইবার পর ঘোড়া বদলাইতে হয়।
190080 মিটারের মধ্যে 10560 মিটার 18 বার আছে, স্কুতরাং 18 বার ঘোড়া
বদলাইবার কথা, কিন্তু শেষবারে ঠিক গভবান্থানে পৌছার বলিয়া সেবারে ঘোড়া
বদলাইতে হইবে না। সেজন্ত শেষবারের থামাটি এছলে ধরিতে হইবে না।
অতএব, 17 বার ঘোড়া বদলাইতে হইবে এবং তাহার জন্ত সময় লাগিবে
(6 মিনিট × 17) বা 102 মিনিট।

় মোট সময় লাগিল (540 + 102) যিনিট বা 10 ঘণ্টা 42 মিনিট।
উদাহরণ 4. একথানি গাড়ী তাহার ঘাভাবিক বেগের স্থ বেগে চলিয়া
গন্তব্যস্থানে 1 ঘণ্টা 15 মিনিট বিলম্বে পৌছিল। স্বাভাবিক বেগে গেলে কড
শময় লাগিত ?

ি অষ্টব্যঃ স্বাভাবিক বেগে গেলে যে সময় লাগে, তাহার অর্থেক বেগে গেলে সময় লাগিবে বিশুণ; । বৈগে গেলে সময় লাগে । বিশ্ব বা তিন জাত্ব স্থান্থ । বিশ্ব বি श्रीভाविक পূর্ণবেগে গেলে যে সময় লাগে, তাহার है বেগে গেলে নময় লাগিবে পূর্ণ সময়ের है গুণ বা 1है গুণ। পূর্ব সময়ের 1है গুণ অর্থাৎ পূর্ব সময়ের है আংশ; স্ক্তরাং নির্ণেয় সময়ের है আংশ বেশী সময় লাগে বা বিলম্ব হয়। এথানে বলা আছে 1 ঘণ্টা 15 মিনিট বিলম্ব হয়।

- : নির্ণের সময়=75.মি.×5=125 মিনিট=2 ঘণ্টা 5 মিনিট।

60. আপেক্ষিক বেগ %—

ছুইটি গতিশীল বস্তু পরস্পরের দিকে অগ্রসর হুইতে পারে বা পরস্পর হুইতে দুরে দরিয়া যাইতে পারে। যে বেগে উহারা পরস্পর সম্মুখীন হয় বা দূরে সরিয়া যায়, সেই গতিবেগকে আপেক্ষিক গতিবেগ (Relative velocity বা motion) বলে এবং উহাদের মধ্যের ব্যবধান বা দূরছকে আপেক্ষিক দূর্ব বলে।

(1) যথন ছই স্থান হইতে ছই বস্ত পরস্পরের অভিমূথে (অর্থাৎ পরস্পর বিপরীত দিকে) অগ্রসর হইতে থাকে, তথন উহাদের আপেক্ষিক গভিবেগ হইবে উহাদের প্রাকৃত গভিবেগের সমষ্টি।

ঐ সমষ্টির সমান দূরত্ব প্রতি ঘণ্টার পরস্পরের মধ্যে বাবধান বা দূরত্ব কমির্য়া আসিবে। স্বতরাং যথন এইভাবে সমস্ত ব্যবধানটুকু কমিয়া যাইবে, তথন উহারা একই ত্বানে মিলিভ হইবে।

(2) যথন ছই বন্ধ একই অভিমূথে বা একই দিকে চানতে থাকে তথন ভাহাদের আপেক্ষিক গভিবেগ হইবে ভাহাদের প্রাকৃত গভিবেগের অন্তর।

ঐরপ গতিশীল হই বস্ত একই দিকে চলিলে উভয়ের গতিবেগের অন্তর মে দ্রত, 1 ঘন্টায় একটি অন্তটি অপেক্ষা সেই পরিমাণ দ্রত বেশী মাইবে, অর্থাৎ প্রতি ঘণ্টায় উভয়ের ঐ পরিমাণ ছাড়াছাড়ি হইবে।

্রিক্টব্যঃ (ক) একই ছাল হইতে ছই ব্যক্তি যদি পরস্পর বিপরী[©] দিকে যথাক্রমে ঘণ্টার 6 ও 4 কি. মিটার বেগে যার, তবে 1 ঘণ্টার উভরের মধ্যে দ্রত্ব হইবে (6+4) বা 10 কি. মিটার, 2 ঘণ্টায় ব্যবধান হইবে (10 কি. মি. x 2) বা 20 কি. মিটার, ইত্যাদি।

- ্থ) যদি উহারা ঐ বেগে একই দ্বান হইতে একই দিকে যায়, তবে

 1 ঘণ্টায় উভয়ের মধ্যে দ্বান্থ বা ব্যবধান হক্ষাব (6-4) বা 2 কিলোমিটার,

 3 ঘণ্টায় ব্যবধান হইবে (2 কি. মি. × 3) বা 6 কি. মিটার, ইভ্যাদি।
- (3) ক ও খ এই তৃই ব্যক্তির মধ্যে দ্রত্ব যদি 40 কি. মিটার হয় এবং ঘণ্টায় ক 5 কি. মি. ও খ 3 কি. মি. বেগে পরস্পারের দিকে অগ্রসর হয়, তাহা হইলে উভয়ে মিলিয়া (অর্থাৎ আপেক্ষিক বেগে) যথন সমস্ত পথটুকু যাইবে তথন তাহাদের দেখা হইবে অর্থাৎ তাহারা মিলিত হইবে।
 - : (40÷8) বা 5 ঘণ্টা পরে উভয়ে মিলিত হইবে।
- (4) ক ঘণ্টায় 10 কি. মি. এবং খ ঘণ্টায় 6 কি. মিটার যায় এবং উভয়ে যদি একই স্থান হইতে একই দিকে রওনা হয়, তবে প্রতি ঘণ্টায় খ হইতে ক (10-6) বা 4 কি. মি. করিয়া বেশী যাইবে অর্থাৎ প্রতি ঘণ্টায় উভয়ের মধ্যে দুরম্ব 4 কি. য়িটার করিয়া বাড়িতে থাকিবে।

ক যদি খ-এর 20 কি. মিটার পিছনে থাকিয়া চলিতে আরম্ভ করে, তবে প্রতি ঘণ্টায় উভয়ের মধ্যে ব্যবধান 4 কি. মি. করিয়া কমিতে থাকিবে। স্থভরাং (20÷4) বা 5 ঘণ্টা পরে উভয়ে মিলিত হইবে।

উদাহরণ 1. তুই ব্যক্তি একই স্থান হইতে ঘথাক্রমে ঘণ্টার 7½ কি. মি. ও 5½ কি. মিটার বেগে চলিতে লাগিল। (1) যদি উহারা একই দিকে চলে এবং (2) যদি পুরস্পার বিপরীত দিকে চলে, তবে 3 ঘণ্টা পরে উভয়ের মধ্যে কত ব্যবধান হইবে?

- (1) একই দিকে গেলে 1 ঘণ্টায় উভয়ের মধ্যে ব্যবধান হইবে $(7\frac{1}{2}-5\frac{1}{2})$ বা 2 কিলোমিটার।
 - : 3 घन्छ। পরে বাবধান হইবে 2 कि. মি. ×3 বা 6 किला মিটার
- (2) উহারা বিপরীত দিকে গেলে এক ঘণ্টার উভয়ের মধ্যে ব্যবধান হয় $(7\frac{1}{2}+5\frac{1}{2})$ বা 13 কিলোমিটার।
 - :. 3 ঘণ্টার ব্যবধান হইবে 13 কি. মি. × 3 বা 39 কিলোমিটার।

উদাহরণ 2. ক ও খ একই খান হইতে যথাক্রমে বৃণ্টার ৪ ও 5 কিলো
মিটার বেগে চলিতেছে। (1) যদি উহারা একই দিকে চলে এবং (2) বিপরীত
দিকে চলে, তবে কতক্ষণ পরে উভরের মধ্যে ব্যবধান 39 কিলো মিটার হইবে ?

- (1) এक्ट मित्क शिला 1 चकी श्र वावधान एस (8-5) वा 3 कि. मि.।
 - : 39 कि. मि. वावधान इहेटक (39÷3) इन्छ। वा 13 इन्छ। ममन नाट्ग।
- (2) উভয়ে বিপরীত দিকে পেলে 1 খণ্টায় ব্যবধান হয় (8+5) বা 13
 কি. মিটার।
- ः 39 কিলোমিটার ব্যবধান হইবে (39÷13) ঘণ্টার বা 3 ঘণ্টার।

উদাহরণ 3. একই স্থান হউতে ক ঘণ্টায় 4 কিলোমিটার বেগে বওনা হওয়ার 3 ঘণ্টা পরে ঋ রওনা হইল। ঋ যদি ঘণ্টার 5 টু কিলোমিটার ঘার, তবে ঋ কডক্ষণ পরে ও কতদ্রে ক-কে ধরিবে ?

ক 3 ঘণ্টা আগে বাহির হইরা ঐ 3 ঘণ্টার (4 কি. মি. × 3) বা 12 কি. মি. আগাইরা গিরাছে। স্বভরাং খ যথন চলিতে আরম্ভ করিল তথন উভরের মধ্যে ব্যবধান 12 কিলোমিটার।

ক অপেকা খ ঘণ্টার $(5\frac{1}{2}-4)$ বা $1\frac{1}{2}$ কি. মিটার বেশী যায় অর্থাৎ ব্যবধান কমায়।

- : খ (12 ÷ 1½) ঘণ্টা বা ৪ ঘণ্টা পরে ক-কে ধরিবে।
- নির্ণের দ্রজ=

 ৪ বন্টার যতটা যার

 5½ কি. মি. × ৪.

প্ৰত্য প্ৰতিখিন সংগ্ৰহণ কৰে। স্থান কৰে। =44 কিলোমিটাৰ। ... ১৯

উদাত্রপ 4. রাম রওনা হওরার 4 খণ্টা পরে হরি রওনা হইল এবং খণ্টার 5 কিলোমিটার বেগে চলিয়া 6 খণ্টা পরে রামকে ধরিল। রামের পতিবেগ নির্ণিয় কর।

হরি যে-স্থানে রামকে ধরিয়াছে, দেখানে ৰাইতে হরির 6 ঘণ্টা এবং রামের (4+6) বা 10 ঘণ্টা সমন্ত্র লাগিয়াছে।

रित 6 बनोत्र यात्र 5 कि. मि. × 6 वा 30 कि. मिछात्र।

- : রাম 10 च টার যার 30 কি. মিটার,
- ়', বাম ঘণ্টার (30 কি. মি. ÷ 10) বা 3 কিলো নিটার বেগে যার।

উদাহরণ 5. ক ও খ হইতে হুইথানি গাড়ী বথাক্রমে ঘণ্টার 32 কি. মি. ও 24 কি. মি. বেগে পর পরের দিকে অগ্রসর হইতে লাগিল। যথন উভয়ে মিলিত হইল তথন দেখা গেল, জ্ৰতগামী গাড়ীখানি অন্ত গাড়ীটি অণেকা 40 কিলো মিটার বেশী গিয়াছে। ক ও খ-এর মধ্যে দ্রম কত?

প্রথম গাড়ীটি দিতীয় গাড়ী অপেকা মন্টার (32-24) কি. মি. বা 8 कि. মিটার বেশী बात्र।

∴ 40 कि. बिंगें दिनी घाँटे प्रभव नाति (40 ÷ 8) घ. वा 5 घनो। অতএব, উভয় টেণ 5 ঘটা যাওয়ার পর মিলিত হইয়াছে। উভয়ে মিলিয়া 1 ঘণ্টার যায় (32+24) কি. মি. বা 56 कि. মিটার।

· নির্ণেয় দ্রছ=56 কি. মি. ×5=280 কিলোমিটার।

উদাহরণ 6. একখানি গাড়ী বর্ধমান হইতে প্রাতে ৪টার রওনা হইরা প্রাতে 12টার হাওড়ার পৌছিল এবং আর একখানি গাড়ী হাওড়া হইতে প্রাতে 9টায় বন্ধনা হইয়া প্রাতে 11টা 30 মিনিটে বর্ধমানে পৌছিল। ক্থন তাহাছের সাকাৎ হট্যাছিল ?

প্ৰথম গাড়ীথানি সমস্ত পথ যায় 4 ৰণ্টাম,

 উহা 1 খণ্টার যার সমস্ত পথের ¼ অংশ, এবং দিভীর গাড়ীথানি সম্ভ পথ যার 21 ঘটার,

ः छेरा 1 चन्होत्र योत्र ममक भरभव है जः ।

প্রথম পাড়ীথানি 1 ঘণ্টা আগে বস্তুনা হওরায় ঐ 1 বন্টায় সমন্ত প্রথম 🖟 অংশ গিয়াছে। হুতরাং 9টার সময় ষ্থন ছিতীয় পাড়ীটি চলিতে লাগিল. তখন উভয় গাড়ীর মধ্যে ব্যব্ধান সমস্ত পথের $(1-\frac{1}{4})$ वा $\frac{2}{3}$ जः ।

এখন, 1 ঘণ্টার গাড়ী ছুইটির মধ্যে ব্যবধান কমে পথের (1+%) বা के नाम

 \therefore $\frac{3}{4}$ জংশ ব্যবধান কমিতে সময় লাগে $(\frac{3}{4}\div\frac{1}{20})$ ঘণ্টা ৰা $\frac{1}{10}$ ঘণ্টা বা 1 गडी 9 विनिष्ठे।

স্বতরাং 9টার 1 ঘটা 9 টে মিনিট পরে অর্থাৎ 10টা বাজিয়া 9 টি মিনিটে উত্তৰ গাড়ীৰ সাক্ষাৎ হইৰাছিল।

প্রথমালা 19

- 1. মুখে মুখে উত্তর কর:—
- (1) ঘণ্টায় 6 কি. মিটার বেগে 15 কি. মিটার যাইতে কত সময় ল গে ?
- (2) আমি ঘণ্টায় 2 কি. মিটার চলি; কথন বাহির হইলে 4টার সময়
 7 কিলো মিটার যাইব ?
- (3) যদি একই স্থান হইতে তুমি ঘণ্টায় $1\frac{1}{2}$ কি. মিটার বেগে উত্তর দিকে এবং আমি ঘণ্টায় 2 কি. মি. বেগে দক্ষিণ দিকে চলিতে আরম্ভ করি, ভবে কতক্ষণে আমাদের মধ্যে 14 কিলো মিটার ব্যবধান হইবে ?
- (4) ক হইতে খ 6 কিলো মিটার দ্রে আছে। ক ও খ ঘণাক্রমে ঘণ্টার 2 কি. মি. ও 3 কি. মি. বেগে পরস্পরের দিকে চলিলে কভক্ষণে ভাহারা মিলিত হইবে?
- (5) একজন তোমার 6 হে, মিটার আগে আছে। তুমি মিনিটে 6 ডে. মি. যাও এবং দেই ব্যক্তি মিনিটে 4 ডে. মি. যায়। তুমি কতক্ষণে তাহাকে ধরিবে?
- (6) যদি কোন নদীর স্রোতের বেগ ঘণ্টায় 3 কি. মিটার হয় এবং আমি স্রোতের বিপরীত দিকে ঘণ্টায় 2 কি. মি. বেগে নৌকা চালাইতে থাকি, তবে কি ফল হইবে?
- 2. একই স্থান হইতে একজন উত্তর দিকে ঘণ্টায় 3½ কিলোমিটার এবং আর একজন দক্ষিণ দিকে ঘণ্টায় ৪·5 কিলোমিটার করিয়া যাইতে লাগিল। 7½ ঘণ্টা পরে উভয়ের মধ্যে ব্যবধান কত হইবে ?
- 3. ছই ব্যক্তি পরস্পর 200 মিটার দূরে আছে। উহারা পরস্পরের দিকে
 যথাক্রমে মিনিটে 10 মিটার ও 15 মিটার হিসাবে অগ্রসর হইতে লাগিল।
 কতক্ষণে উভয়ে মিলিত হইবে ?
- ক্তিক। শশকটি ধরা পড়িবে ?

 একটি শশকটি ধরা পড়িবে ?

- 5. ঘণ্টায় 4 কিলো মিটার বেগে এক স্থান ছইতে অন্ত স্থানে যাইতে এবং তথায় 30 মিনিট বিশ্রাম কয়িয়া ঘণ্টায় ৪ কি. মি. বেগে ফিরিয়া আসিতে ৪ ঘণ্টা 15 মিনিট য়য়য় লাগিল। স্থান ছইটির মধ্যে দ্রম্ব কত ? [বৃত্তি. 1935]
- একজন চৌকিদার চোরের 100 গজ পশ্চাতে আছে। যদি 1 মাইল দোড়াইতে চৌকিদারের 6 মিনিট ও চোরের 10 মিনিট লাগে, তবে কত দ্বে চৌকিদার চোরকে ধরিবে?

 [এ. প্র. 1895; ছাত্র, 1929]
- 7. হাওড়া হইতে বর্ধমান 60 কি. মিটার দূরে। হাওড়া হইতে ক ঘণ্টায় $12\frac{1}{2}$ কি. মিটার বেগে এবং একই সময়ে খ ঘণ্টায় $7\frac{1}{2}$ কি. মি. বেগে বর্ধমান ইইতে পরস্পরের দিকে চলিতে লাগিল কতক্ষণ পরে এবং হাওড়া হইতে কড পুরে উভয়ের সাক্ষাৎ হইবে ?
- একটি চোর পলায়ন করিবার 15 মিনিট পরে তাহাকে ধরিবার জন্ত

 তিকিদার ছুটিল। উহারা যথাক্রমে ঘণ্টায় 12 কি. মিটার ও 16 কিলো মিটার

 বেগে ছুটিল। কত সময়ে ও কভ দূরে চোরটি ধরা পঞ্জিবে ?
 - একটি ট্রেণ সকাল 7টায় হাওয়া হইতে রওনা হইয়া বেলা 11টায়
 বর্ধমান পৌছায় এবং আর একটি ট্রেণ প্রাতে ৪টায় বর্ধমান হইতে রওনা হইয়া
 10টা 30 মিনিটে হাওড়ায় পৌছায়। কথন তাহাদের সাক্ষাৎ হয় ?

[ঢা. বো. 1940]

- 10. একটি ট্রেণ নিজ স্বাভাবিক বেগের ‡ বেগে চলিয়া 14 ঘণ্টার কোন স্থানে পৌছিল। স্বাভাবিক বেগে গেলে ঐ স্থানে পৌছিতে উহার কত সময় সাগিত ?
- 11. বাম ও হরি একই স্থান হইতে একই সময়ে যথাক্রমে 4 কি. মি. ও ² কি. মিটার বেগে (1) পরম্পন্ন বিপন্নীত দিকে, (2) একই দিকে যাইতে লাগিল। কভ দটা পরে পরম্পরের মধ্যে দূরত্ব 18 কিলো মিটার হইবে?
- 12. কোন লোককে একটি নির্দিষ্ট সমন্ত্র কোন স্থানে সভার উপস্থিত ইউতে ইউবে। সে যদি ঘণ্টার 3 কিলো মিটার করিয়া যার, তবে তাহার 10 মিনিট বিলম্ব হয়; আর যদি ঘণ্টার 4 কিলো মিটার করিয়া যায়, তবে 5 মিনিট পূর্বে পৌছার। লোকটিকে কতদূরে যাইতে ইইবে ?

13. কোন টেণ ঘণ্টার 30 কিলো মিটার বেগে যার এবং 75 কি. মিটার অন্তর জল লইবার জন্ত আধ ঘণ্টা করিরা থামে। 375 কিলোমিটার যাইতে উহার মোট কত সমর লাগিবে ?

া

14. রাম ও হরি 2 কিলো মিটার দোড়াইবার জন্ম মাজা করিল। রাম
প্রতি সেকেণ্ডে 16 মিটার করিয়া দোড়াইরা ছরি অপেকা 1 মিনিট 15 সেকেও
পূর্বে গন্তব্য স্থানে পৌছাইল। হরি কিরুপ বেগে দোড়াইয়াছিল ?

15. হইটি বালক কোন নির্দিষ্ট স্থান হইতে দৌড়াইতে আরম্ভ করিল।
330 মিটার যাইলে একটি অস্তুটিকে 5 মিটার পশ্চাতে রাথিয়া বায়। এইরূপে
15 কি. মিটার ৪40 মিটার পথ ঘাইলে উহারা পরস্পর কম্ভ দূরে থাকিবে?

16. ক বতক্ষণে ৪ মিটার কোড়ার খ ততক্ষণে 9 মিটার দৌড়ার। উভরে
এক সক্ষে দৌড়াইতে আরম্ভ করিল। খ বধন 252 মিটার দৌড়াইরাছে, ক
তথন তাহার কত পশ্চাতে থাকিবে ?

17. কোন লোককে ৪টার একটি স্থানে পৌছাইতে ক্টবে। লে যদি ঘণ্টার 4 কি. মিটার বেগে যায়, তবে ৪টা 10 মিনিটে তথার পৌছার; কিন্তু ঘণ্টার 5 কি. মিটার বেগে গেলে 7টা 55 মিনিটে তথার পৌছার। ভাহাকেকত দ্ব যাইতে হইবে?

18. ক যভক্ষণে 33 কিলো মিটার পথ চলে খ তভক্ষণে 4 কিলো মিটার চলে। ক 6 দিনে 165 কি. মি. চলিয়াছে, খ 15 দিনে কত পথ চলিবে?

19. এক ব্যক্তি ভাছার গৃছ হইতে 30 ঘণ্টার কোন স্থানে ঘাইতে পারে, তাহার গভিবেগের 15 অংশ কমাইলে দে ঐ সময়ে 10 কিলোমিটার কম বার। ঘণ্টার ভাছার গভিবেগ কত ?

20. ক 44 মিটার যাইবার পর খ ঘণ্টার 14 কি. বিটার 80 বিটার বেগে যাইরা 12 মিনিটে ভাহাকে ধরিল। ক-এর গভিবেগ নির্ণয় কর।

21. এক অখারোহী ঘণ্টার 12 কিলোমিটার যার এবং প্রতি 7 কি. মি. পর পর ঘোড়া বদগাইবার জন্ম 5 মিনিট করিরা থামে। 94 কিলোমিটার যাইতে তাহার কত সমন্ত্র লাগিবে?

- 22. এক শৃগাল 174 মিটার দ্রবর্তী এক ধাবমান ছাগশিশুকে দেখিয়া
 6 মিনিটে তাছাকে ধবিয়া কেলিল। যদি ছাগশিশু প্রতি মিনিটে 174 মিটার
 লাফাইয়া থাকে, তবে শৃগাল প্রতি মিনিটে কত বেগে ছুটিয়াছিল ?
 - 23. এক ব্যক্তি ঘণ্টার 3 কি. মি. বেগে ক হইতে খ-তে গেল এবং তথার 1 ঘণ্টা বিশ্রাম করিরা ঘণ্টার 5 কি. মিটার বেগে ক-তে ফিরিয়া আসিল। যদি তাহার মোট 2 ঘণ্টা 20 মিনিট সময় লাগিরা থাকে, তবে উভর ছানের ইরছ কত ?
 - 24. যতু নিজ গৃহ হইতে ঠিক উত্তর দিকে ঘণ্টার 3 কি. মিটার বেগে চলিরা 2 ঘণ্টার মামার বাড়ী এবং সেধান ছইতে ঠিক পূর্বদিকে চলিরা আর 2% ঘণ্টার জ্যেঠার বাড়ী পৌছিল। সে যদি ঐ বেগে গৃহ হইতে ঠিক সোজা জ্যেঠার বাড়ী খাইত. তবে সেথানে কতক্ষণে পৌছিত?
 - 25. একটা গাড়ী তাহার স্বাভাবিক বেগের $\frac{2}{3}$ বেগে চলিরা গভবাহানে 2 ঘটা 30 মিনিট বিলম্বে পৌছিল। স্বাভাবিক বেগে চলিলে তথার গৌছাইতে কত নমর লাগিত ?
 - 26. একথানি পাড়ী বেলা 12টার সমন্ন ছাড়িয়া ঘণ্টার 16 কি. মি. বেপে যাইতে লাগিল। একই স্থান হইতে আর একথানি গাড়ী বেলা 1টার সমন্ন ছাড়িয়া রাত্রি 9টার সমন্ন উহাকে ধরিল। পরের গাড়ীখানা ঘণ্টার কড কিলো মিটার করিয়া গেল?
 - *27. বর্ধমান হইতে একথানা পাড়ী ঘণ্টার 30 কিলো মিটার বেগে কাশীর ছিকে এবং কাশী হইতে একথানা পাড়ী ঘণ্টার 50 কি. মিটার বেগে বর্ধমানের ছিকে একই সময়ে রওনা হইল। উহারা যথন মিলিত হইল তথন দেখা গেল একথানি পাড়ী অপর পাড়ী অপেকা 100 কিলো মিটার অধিক চলিয়াছে। স্থান তুইটির মধ্যে দূর্জ কত ?
 - *28. একটি ট্রেণ ঘণ্টার 40 কিলো মিটার চলিলে ঘণাণমরে নির্দিষ্ট ষ্টেশনে পৌছার, কিছ ঘণ্টার 32 কিলো মিটার গেলে পৌছিতে 15 মিনিট বিলছ হয়। গস্তব্য স্থানের দূরত্ব কত ?

- *29. ক ও খ কোন স্থানে যাইবার জন্ম একই দময়ে একই ছান হুইতে বওনা হইল। ক যত বেগে গেল খ তাহার ह বেগে চলিয়া ক-এর 1 ঘণ্টা 15 মিনিট পরে পোঁছিল। ঐ স্থানে কে কত সময়ে গিয়াছিল ?
- 30. একটি ট্রেণ হাওড়া হইতে প্রাতে ৪টায় রওনা হইয়া বর্ধমানে 10টা 30 মিনিটে পৌছায়; অপর একটি ট্রেণ বর্ধমান হইতে প্রাতে ৪টা 30 মিনিটে বওনা হইয়া 10টায় হাওড়ায় পৌছায়। উভয় ট্রেণের কথন সাক্ষাৎ হয় ?
- *31. হাওড়া হইতে মগরা 33 কিলো মিটার; একই নমরে ক হাওড়া হইতে এবং খ মগরা হইতে রওনা হইয়া 4 ঘণ্টা পরে মিলিত হইল। ইহার 3 বুটা পরে ক মগরায় পৌছিলে ভাহাদের গতিবেগ কত ?
- *32. রহিম তাহার গৃহ হইতে করিমের বাড়ীর দিকে সাইকেলে ঘণ্টার 10 কিলো মিটার বেগে এবং করিম নিজ গৃহ হইতে রহিমের বাড়ীর দিকে ঘণ্টার 6 কি. মিটার বেগে ঘাইতে লাগিল। যথন উভয়ের সাক্ষাৎ হইল তথন একজন অভজন অপেক্ষা 12 কিলো মিটার বেশী গিয়াছে। উভয়ের গৃহের মধ্যে শ্বস্থ কত ?
- *33. রাম ও হরি যথাক্রমে হাওড়া ও বৈটা হইতে একই সমরে রওনা হইয়া পরস্পার সম্ম্থীন হইতে লাগিল। 10 ঘণ্টা পরে উভয়ের যে স্থানে সাক্ষাৎ হইল ভাহা উভয় স্থানের মধ্যস্থল হইতে হাওড়ার দিকে 2½ কিলো মিটার দ্রে। হরি ঘণ্টায় 3 কিলো মিটার চলিলে উভয় স্থানের মধ্যে দ্রত্ব কত?

ষ্ট্ৰ অধ্যায়

THE NOW IN THE PRINT PRINTS AND ALL IN ACT.

62. বিবিধ প্রয়ের সমাধান

উদ্ধান্তর 1. 2, 3, 4 ও 5 এই অন্ধ চারিটি লইয়া যে সকল সংখ্যা গঠিত হুইতে পারে তাহাদের সমষ্টি নির্ণয় কর। কোন'সংখ্যায় একই অন্ধ একবারের বেশী লওয়া হুইবে না।

2, 3, 4 ও 5-কে লইয়া 24টি সংখ্যা করা যায়। যদি 2-কে সহস্রকের স্থানে রাথিয়া বাকি অস্কগুলি দাজাই, তবে 6টি সংখ্যা গঠিত হইবে। যথা, 2345, 2354, 2435, 2453, 2534, 2543. যথাক্রমে 3, 4 ও 5-কে ঐরপ সহস্রকের স্থানে রাথিয়া প্রত্যেক দফায় 6টি করিয়া সংখ্যা হইবে।

অতএব বুঝা গেল, সহস্রক, শতক, দশক ও একক প্রত্যেক আছের স্থানে ছয়টি 2, ছয়টি 3, ছয়টি 4, ছয়টি 5 থাকিবে।

উহাদের সমষ্টি=6(2+3+4+5)=84.

:. 24টি সংখ্যার মোট নির্ণেয় সমষ্টি

=84 সহস্রক +84 শতক +84 লশক +84 একক =84000 +8400 +840 +84=93324.

উদাহরণ 2. তুইজন যাত্রীর নিকট মোট 21 কুই. মাল ছিল। প্রত্যেক যাত্রী বিনা মাণ্ডলে যে মাল লইয়া যাইতে পারে তাহা বাদে একজনকে মালের জন্ত 11 টা. 36 পর্যা এবং অপর যাত্রীকে 16 টা. 72 প. মাশুল দিতে তুইল। সমস্ত মাল একজনের হইলে 29 টা. 16 প. মাশুল লাগিত। বিনা মাশুলে কত মাল লওয়া যায় এবং প্রতি কুইন্টাল মালের মাশুল কত ?

এথানে দেখা যার, ত্ইজনের পৃথক্ পৃথক্ মালের জন্ত মোট মাশুল লাগে (11 টা. 36 প. +16 টা. 72 প.) বা 28 টাকা 8 পরদা। সমস্ত 21 কুই. মাল একজনের হইলে মোট মাশুল লাগে 29 টা. 16 প., স্থতরাং (29 টা. 16 প.—28 টা. 8 প.) বা 1 টা. 8 পরদা বেশী মাশুল লাগে।

্রিই 1 টা. 8 প. বেশী লাগিবার কারণ এই যে, ছইজনের পৃথক্ মাল হইলে ছইজনেই বিনা মাণ্ডলে কিছু কিছু মাল ছাড় পার, আর দমভ মাল একজনের হইলে একজন মাত্র কিছু মাল ছাড় পার।

- : 1 জনে যে মাল বিনা মাগুলে লইতে পারে ভাছার মাগুল 1 টা. ৪ প.।
- পুরা 21 কুইণ্টালের মান্তল = 29 টা. 16 প. +1 টা. 8 প.
 =30 টা. 24 প. [কারণ ইহাতে কোন মালই ছাড় নাই।]
- নির্ণেয় 1 কুই কালের মাভল=30 টা. 24 প ÷21=1টা. 44 প.।
 আবার, ∴ 1 টা. 44 প. বা 144 প. 1 কুই কালের মাভল,
- : 1 টা. ৪ প. বা 108 প. হইল 144 বা 3 কুই. বা 75 কি. গ্রামের মান্তন।
- : 75 किलোগ্রাম মাল বিনা মাণ্ডলে লওরা যায়।

উদাহরণ 3. তিনজন পথিক একত্রে সমান আহার করিল। প্রথম ব্যক্তির নিকট 6 খানা ও বিভীর ব্যক্তির নিকট 4 খানা পাউরুটি ছিল। তৃতীয় পথিকের নিকট রুটি না থাকার লে 60 পরসা মৃল্য দিল। কে কত মৃল্য পাইবে?

প্রথম ও বিতীয় প্রিকের মোট 10 থানা রুটি ছিল। 3 জনে সমান খাওরার প্রত্যেকে $\frac{1}{3}$ বা $3\frac{1}{3}$ থানা রুটি থাইরাছে। স্কুরাং তৃতীয় প্রিক $\frac{1}{3}$ থানা পাউরুটির দাম 60 প্রসা দিয়াছে।

1 খানা কটির দাম=60 পরসা ÷ 10 = 18 পরসা।

প্রথম ব্যক্তি তাহার 6 থানা রুটির মধ্যে $3\frac{1}{3}$ থানা নিছে থাইরাছে, স্বতরাং সে $(6-3\frac{1}{3})$ বা $\frac{9}{3}$ থানা রুটির দাম পাইবে।

1 थाना कृष्टित म्ना=18 भग्ना,

- ∴ § থানা কৃটির ম্ল্য = 18 প. × § = 48 প্রদা,
- ः প্ৰথম পথিক পাইবে 48 প্ৰদা এবং দিতীয় পথিক পাইবে (60%.—48%.) বা 12 প্ৰদা।

উদাৰ্বণ 4. টাকায় 12 কি. গ্রাম চাউল পাওয়া গেলে কোন পরিবারের মাসিক খরচ হয় 80 টাকা, কিন্তু টাকায় 15 কি. গ্রাম চাউল পাওয়া গেলে মাসিক খরচ লড়ে 77 টাকা। অন্তান্ত খরচ ঠিক থাকিলে, টাকার যথন 18 কিলো গ্রাম চাউল পাওয়া যায়, তখন মাসিক কত খরচ পঞ্চিবে ?

প্রথম পক্ষে, 12 কি. গ্রা. চাউলের ম্ল্য=1 ট্রাকা,

∴ 1 কি. গ্রা. চাউলের মূল্য=12 টাকা;
বিভীয় পকে, 15 কি. গ্রা. চাউলের মূল্য=1 টাকা,

1 কি. প্রা. চাউলের ম্ল্য = 1/5 টাকা;

 ত্তীর পকে, 18 কি. প্রা. চাউলের ম্ল্য = 1 টাকা,

: 1 कि. গ্রা. চাউলের মূল্য=1s টাকা।

1 তা. — 1 তা. = 10 টাকা, এবং 1 ত টা. — 1 ত টা. = 3 চ টাকা।
এক্ষণে, কি. গ্রা. প্রতি ১ চান কমিলে মোট থরচ কমে (৪০টা. — 77টা.)
বা 3 টাকা,

∴ " 1 টা. " " " " 3×60 টাকা,

ः निर्ণের মালিক থবচ=80 টাকা-5 টাকা=75 টাকা।

উলাছরণ 5. আনাকে 140 কিলো মিটার ভ্রমণ করিতে হইবে। নৌকাভাড়া প্রতি কিলো মিটারে 25 প. এবং ট্রেণ-ভাড়া 8 কিলো মিটারে 1 টাকা।
আমার নিকট মোট 27 টা. 50 প. আছে। আমাকে কোন্ কৃত্রতম দূরত্ব
ট্রেণে যাইতে ছইবে?

1 কি. মি. টেণে যাইভে খরচ লাগে ঠু চা.

∴ লমস্ত 140 " " " " " ৣ টা. × 140=17 টা. 50 প.
এখানে কিন্তু মোট খরচ হইয়াছে 27 টাকা 50 প্রসা,

27 টা. 50 প.—17 টা. 50 প.—10 টাকা; এই 10 টা. থবচ কম হওয়ার কারণ এই বে, যে-ছ্রম্ব নৌকায় যাওয়া হইয়াছে, ডাহার ভাড়াও মাত্র $\frac{1}{8}$ টা. করিয়া প্রতি কিলো মিটারে ধরা হইয়াছে, স্থতরাং নৌকা-ভাড়া প্রতি কি. মিটারে ($\frac{1}{4}$ টা.— $\frac{1}{8}$ টা.) বা $\frac{1}{8}$ টা. কম ধরায় মোট 10 টাকা কম খরচ হয়।

- ः (10 हो. ÷ है हो.) कि. मि. वा 80 कि. मि. नोकांग्र या खत्रा ट्हेंबाट्छ।
- ः जन्न (140-80) বা 60 किला মিটার ট্রেণে যাইতে ছইবে।

উদাহরণ 6. পিতার বয়দ পুত্রের বয়দের 3.গুণ; ৪ বংদর পূর্বে পিতার বয়দ পুত্রের বয়দের 5 গুণ ছিল। 6 বংদর পরে কাহার বয়দ কত হইবে?

[প্ৰথম প্ৰণালী]

বর্তমানে পিতার বয়স=পুত্রের বয়স×3=পুত্রের বয়দের 3 গুণ,

- ∴ 8 বংশর পূর্বে পিভার বয়দ ছিল (পুত্রের বর্তমান বয়দের 3 গুণ 8 বংশর) এবং তথন পুত্রের বয়দ ছিল (পুত্রের বর্তমান বয়দ 8 বংশর)।
 - প্রশ্নের সর্তাহ্মদারে, পুত্রের বর্তমান বয়দের 3 গুণ-8 বৎসর
 =5×(পুত্রের বর্তমান বয়দ-8 বৎসর)
 পুত্রের বর্তমান বয়দের 5 গুণ-40 বৎসর ।
 - পুত্রের বর্তমান বয়সের (5-3) গুণ বা 2 গুণ = (40-8) বা 32 বৎসব,
 - ∴ পুত্রের বর্তমান বয়স=(32÷2) বা 16 বংগর।
 - ∴ পিতার বর্তমান বয়য়=16 ব. ×3=48 বৎদর।
- 6 বংগর পরে পুত্রের বয়স হইবে 22 বংগর এবং পিতার বয়স হইকে
 54 বংগর।

[বিভীয় প্রণালী]

৪ বংশর আগে পিতার বয়ল পুত্রের বয়লের 5 গুণ ছিল। বর্তমানে প্রত্যেকের বয়ল ৪ বংশর করিয়া বেশী হইয়াছে; কিন্তু বর্তমানেও পিতার বয়ল পুত্রের বয়লের 5 গুণ থাকিত যদি পুত্রের বয়লে ৪ বংশর এবং পিতার বয়লে ৪×5 বা 40 বংশর যোগ হইড। অতএব, 40—৪ বা 32 বংশর কম যোগ হওয়ার জ্পুপ্তের বয়লের 5 গুণ স্থানে 3 গুণ পিতার বয়ল হইল।

- :. পুত্তের বর্তমান বয়সের 2 গুণ=32 বৎসর,
- : পুত্তের বর্তমান বয়স=16 বৎসর। [বাকি অংশ পূর্বের মত]

ভদাতর 7. 4টি ছাগল ও 6টি গরুর মূল্য 380 টাকা এবং 5টি ছাগল ও 7টি গরুর মূল্য 450 টাকা হইলে, প্রত্যেক ছাগল ও গরুর মূল্য কত ?

4টি ছাগলের ম্লা+6টি গরুর মূল্য=380 টা...(1)

∴ (5 গুণ করিরা) 20টি " "+30টি " ,, =1900টা.···(2)

আবার, 5িট ছাগলের ম্ল্য + 7িট গরুর ম্ল্য = 450 টা....(3) ∴ (4 গুণ করিয়া) 20িট " "+28িট " "=1800 টা....(4)

∴ (4 গুণ করিয়া) 20টি " "+28ট " "=1800 চা.…(4) এক্ষণে, (2) হইতে (4) বিয়োগ করিয়া পাই.

2টি গরুর মূল্য=1900 টা.-1800 টা.=100 টাকা,

∴ 16 গৰুর মূল্য=100 টা.÷2=50 টাকা।

এক্ষণে, (1) ছইতে পাই, 4টি ছাগলের ম্ল্য +50 টা. × 6=380 টাকা,

∴ 4টি " " =(380-300) বা 80 টাকা,

∴ 1 ि " = 80 हा.÷4=20 होका।

উদাহরণ 8. কোন অবরুদ্ধ তুর্গে যে জল সরবরাহ করা হয়, তাহা হইতে প্রতাহ ৪ গ্যালন জল ছিদ্রপথে বহির্গত হইয়া গেলেও সেই জলে ৪০ দিন চলে, কিন্তু প্রতাহ 10 গ্যালন জল বহির্গত হইলে 75 দিন চলে। মোট কত গ্যালন জল সরবরাহ করা হয় ?

প্রথম পক্ষে, 80 দিনে মোট 80×8 বা 640 গ্যালন জল বাহির হয় এবং দিতীয় পক্ষে, 75 দিনে মোট 75×10 বা 750 গ্যালন জল বাহির হয়। স্থতুরাং শেষ পক্ষে (750-640) বা 110 গ্যালন জল বেশী নষ্ট হওয়ায় (80-75) বা 5 দিন কম চলে।

- : এ হুর্গে 5 দিনের জন্ম 110 গ্যালন জল লাগে,
- ∴ 1 দিনে জল দরকার হয় (110 গা।.÷5) বা 22 গ্যালন,
